# 41st Annual Conference, 2024

## 30th March, 2025



# ALL BENGAL STATE GOVERNMENT COLLEGE TEACHERS' ASSOCIATION

**GITANJALI CULTURAL COMPLEX AUDITORIUM**
**Bolpur**

# নিখিলবঙ্গ রাজ্য সরকারি কলেজ শিক্ষক সমিতি

## ৪১ তম বার্ষিক সম্মেলন

# স্মরণিকা

৩০ মার্চ, ২০২৫

গীতাঞ্জলি কালচারাল কমপ্লেক্স অডিটোরিয়াম

বোলপুর

**ALL BENGAL STATE GOVT. COLLEGE TEACHERS’ ASSOCIATION**

***(Registered Under W.B. Societies Registration Act. 1961)***

210, B. B. Ganguly Street, Kolkata-700 012

৪১তম বার্ষিক সম্মেলন

**41ST ANNUAL CONFERENCE**

**SOUVENIR COMMITTEE**

Subhra Kanti Mandal
Arindam Jana
Arup Das
Pritesh Biswas
Safiqul Islam
Kalyan Panda
Sujay Gayen
Pritha Chakraborty
Anirban Saha

***EDITOR(S) :*** **SUBRATA DAS AND RAHUL GAZI**

***COVER DESIGN CONCEPT :*** **DR. SHYAM SUNDAR KUNDU**

Artist : Jamini Roy

Subject : QUEEN

Theme : "Know Our Artist"

***PUBLISHED BY :*** **PRESIDENT AND GENERAL SECRETARY, ABSGCTA**

***Laser Type Setting & Printed by:***
Century Press
Sudipta Sarkar
21 Patuatola Lane, Kolkata-9
9830240480
E-mail : sudipta.press@gmail.com

# স্মরণ

বিগত দিনে
শিক্ষা ও শিল্প সংস্কৃতির জগতে
যে সব ব্যক্তিদের হারিয়েছি
তাদের সকলের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন

ব্রাত্য বসু
মন্ত্রী
উচ্চ শিক্ষা বিভাগ এবং বিদ্যালয় শিক্ষা বিভাগ
পশ্চিমবঙ্গ সরকার
বিকাশ ভবন (৫ম তল)
ইস্ট ব্লক, সেক্টর - ১
সল্টলেক, কলকাতা - ৭০০ ০৯১
ফোন : ২৩৫৮-৮৮৫৮, ২৩৩৪-২২৫৬, ফ্যাক্স : ২৩৩৭-৬৭৮৩

Bratya Basu
***Minister-in-Charge***
Higher Education Department
and
School Education Department
Government of West Bengal
**Bikash Bhavan** (5th Floor)
East Block, Sector - I
Salt Lake, Kolkata - 700 091
Tel : 2358-8858, 2334-2256, Fax : 2337-6783

**No.:** 253-MIC/HED & SED **Date:** 21/03/2025.

Message

I am glad to know that "All Bengal State Government College Teachers' Association" is going to publish a souvenir on occasion of its $41^{st}$ Annual Conference, 2024. On occasion of such pedagogic initiative, I would like to congratulate ABSGCTA and expect that it will contain valuable articles by distinguished academicians and scholars, so that it will be a collectors' item.

I wish the Annual Conference grand success and the ABSGCTA a shining future.

Bratya Basu
(Bratya Basu)

Dr. Sutapa Sanyal,
General Secretary,
All Bengal State Government College
Teachers' Association,
210, B.B Ganguly Street,
Kolkata 700 012.

**ALL BENGAL STATE GOVT. COLLEGE TEACHERS' ASSOCIATION**
*(Registered Under W.B. Societies Registration Act, 1961)*
*210, B. B. GANGULY STREET (Goenka College, 2nd Floor), Kolkata-700 012*

| Ref: | Date: |
|---|---|

**OFFICE BEARERS AND EC MEMBERS FOR 2024-25 SESSION**

**Advisory Council:** Dr. Shyamal Majumder, Dr Saurav Chakraborty, Dr Debnarayan Roy, Dr Debnath Palit, Dr Subhasish Panda, Dr Sujit Pal, Dr Goutam Patra, Dr Sovan Neogi, Dr Pijush Kanti Tripathi, Dr Mayukh Sarkar

**President**: MD. Abdur Rafik Sardar

**Vice President**: 1. Asit Kumar Gosh
2. Prites Chandra Biswas
3. Subhra Kanti Mandal

**General Secretary**: Sutapa Sanyal

**Joint Secretary:** 1.Kalyan Panda
2. Safiqul Islam
3. Sujoy Gayen

**Treasurer**: Anirban Roy

**EC Members:**
1. Anirban Saha
2. Arpan Chakrabarty
3. Debabrata Mondal
4. Gautam Pal
5. Gobindo Tarafdar
6. Gopal Ghosh
7. Niloy Bakshi
8. Partha Karmakar
9. Piya Seth
10. Rahul Kumar Datta
11. Ripandi Lepcha
12. Arun Ghosh
13. Samir Haldar
14. Sandipan Mitra
15. Snehabrata Mukherjee
16. Sudip Kumar Gosh
17. Susanta Roy Karmakar
18. Susanta Pal
19. Suvhojit Oja
20. Swati Bhattacharja
21. Naran Chandra Murmu
22. Uday Das
23. Tanmay Mahapatra
24. Arup Das

**Election Commission:**
1. Avisek Sen
2. Debayan Chowdhuri
3. Kunal Naskar
4. Somnath Mandal
5. Himani Biswas

All Bengal State Govt. College Teachers' Association
GOENKA COLLEGE, 210, B.B. GANGULY STREET, KOLKATA-700012

## MEMBERS OF THE GENERAL COUNCIL AND OFFICE-BEARERS OF THE COLLEGE COUNCILS FOR THE 2024-2025 SESSION

| Sl No. | Name of the College | Name of the Unit Secretary | Name of the Treasurer | GC Members |
|---|---|---|---|---|
| 1 | APC Roy Govt. College, Siliguri | Akash Chowdhury | Dr. Koustuv Roy | 1. Dr. Mayukh Sarker<br>2. Dr. Niloy Bakshi<br>3. Biswajyoti Roy<br>4. Nabanita Paul<br>5. Dr. Bapi Dutta |
| 2 | A P J Abdul Kalam Govt. College, Newtown | Madhurima Chowdhury | Madhumita Chakraborty | 1. Bedasruti Chakraborty<br>2. Ariktam Chatterjee |
| 3 | A.B.N.Seal.College | Prajna Paramita Sarkar | Kunal Sanyal | 1. Md. Abdur Rafik Sardar<br>2. Anirban Saha<br>3. Amrita Ghosh<br>4. Writuparna Chakraborty<br>5. Rahul Gazi<br>6. Kunal Naskar<br>7. Neetu Chetri |
| 4 | Alipurduar Govt. Engineering College | Partha Sarathi Debnath | Sajal Basak | Subash Chandra Maity |
| 5 | Bidhannagar College | Dr. Sanjib Majhi | Dr. Shubhojit Aown | 1. Dr. Sudip Kumar Ghosh<br>2. Swati Bhattacharya<br>3. Dr. Pritesh Kumar Biswas<br>4. Dr. Safikul Islam<br>5. Mrs. Urmi Mitra<br>6. Dr. Suman Bej |
| 6 | Bethune College | Suchandra Chowdhury | Abhishek Dey | 1. Gautam Bandyopadhyay<br>2. Dipanwita Sarkar Paria<br>3. Edha Chakrabarti<br>4. Debaditya Raychaudhuri |
| 7 | Barasat Govt. College | Sri Anuruddha Das | Salim Masud | 1. Nisith Chandra Das<br>2. Pritam Bandyopadhyay |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | 3. Rahul Kumar Dutta<br>4. Roopamala Saha<br>5. Kalyan Panda |
| 8 | Banarhat Kartik Oraon Hindi Govt. College | Rashmi Beck | Dr. Ranadip Chandra | 1. Dr. Mukul Bala |
| 9 | Coochbehar Government Engineering College | Dr. Tanmay Choudhury | Dr. Manoj Das | 1. Dr. Apu Mondal<br>2. Dr. Gopal Ghosh |
| 10 | Chunaram Gobinda Memorial Government College, Manbazar | Dr. Bidyut Akhuli | Mr. Rajesh Dey | 1. Dr. Somnath Choubey<br>2. Mr. Tapas Banerjee |
| 11 | Chandernagore College | Rupan Panja | Chiranjit Mukherjee | 1. Dipa Goswami<br>2. Brij Kumar Tiwary<br>3. Anirban Roy<br>4. Santanu Mondal<br>5. Gobinda Tarafdar<br>6. Tushar Kanti Samanta<br>7. Pratyush Ghosh<br>8. Arup Das<br>9. Partha Das |
| 12 | Durgapur Govt. College | Sibaji Rit | Dr. Nupur Bhakta | 1. Dr. Antara Mukherjee<br>2. Dr. Subhajit Ojha<br>3. Mr. Sujoy Gayen<br>4. Ishani Roy<br>5. Dr. Swapan Kumar Ghosh<br>6. Mr. Bikash Saha |
| 13 | Darjeeling Govt. College | Chandan Naskar | Ekramul Kabir | 1. Rujas Yonle<br>2. Arun Ghosh<br>3. Nirmal Subba<br>4. Ripandi Lepcha<br>5. Bikram Saha<br>6. Ripandi Lepcha |
| 14 | Erstwhile David Hare Training College | Dr. Pramod Kumar Yadav | Dr. Kaustuv Bhattacharyya | Dr. Palash Das |

| | | | | |
|---|---|---|---|---|
| 15 | Govt. Teachers' Training College, Malda | Dr. Abdus Salam | Nivedita Chaudhuri | Susobhan Bhattacharya |
| 16 | GGDC Kaliganj | Dr. Sudipta Pramanik | Arpan Adhikary | 1. Sujit Kundu<br>2. Mostak Ali |
| 17 | GGDC, Chapra | Sri Krishna Gopal Mohanto | Dr. Safikul Alam | Dr. Ajoy Ghosh |
| 18 | Govt. College of Education, Burdwan | Mr. Sujit Chattopadhyay | Dr. Sudakshina Kar | 1. Mrs. Nilanjana Pal<br>2. Dr. Goutam Pahari |
| 19 | Govt. College of Education, Banipur | Dr. Ujjwal Paul | Mirazul Seikh | Dr. Amlan Ganguly |
| 20 | Govt. Physical Education College for Women, Hooghly | Dr. Nazrul Islam Mallick | Dr. Sushanta Pal | Dr. Swadesh Ranjan Pan |
| 21 | GGDC, Gopiballavpur II | Dr. Sujit Kisku | Dr. Satya Kumar Das | Dr. Sharmila Saren |
| 22 | Government College Of Physical Education For Women Dinhata | Dr. Biplab Mondal | Mr. Anirpan Roy | Dr. Saumitra Karmakar |
| 23 | GGDC, Mangalkote | Hirak Kumar Sinha Maha Patra | Sanchari De | 1. Dr. Animesh Mondal,<br>2. Dr. Dinesh Maity |
| 24 | Govt. College Of Engg. & Textile Technology, Serampore | Dr. Arnab Kumar De | Prof. (Dr.) Arijit Chakraborty | Arnab Kumar Dey |
| 25 | Garubathan Govt. College | Arpana Kalden | Amrit Sharma | Rajendra Mistri |
| 26 | Government General Degree College Lalgarh | Dr. Goutam Bhar | Sri Partha Nandi | 1. Sandipan Mitra<br>2. Anjan Kumar Mandal |
| 27 | GGDC, Mohanpur | Mr. Puspendu Bikash Sahoo | Dr. Kazi Sakerul Haque | 1. Mr. Partha Pratim Mondal<br>2. Mr. Shibashis Chattopadhyay |
| 28 | GGDC, Ekbalpur | Dr. Debaprasad Banerjee | Dr. Koel Adhikary | 1. Dr. Rajashree Dasgupta<br>2. Dr. Shabnam Parveen |
| 29 | Govt. College Of Art And Craft, Calcutta | Mrinmoy Das | Partha Protim Gayen | Pradip Mondal |
| 30 | Govt.College Of Engg. And Ceramic Tech. | Nikhil Kumar Jas | Prosenjit Pal | Ambika Prasad Mukhopadhyay |
| 31 | GGDC, Singur | Sharmistha Maity | Proggya Ghatak | 1. Pintu Banerjee<br>2. Susanta Nath |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | 3. Bankim Chandra Ghosh<br>4. Paramita Sen<br>5. Snehabrata Mukherjee |
| 32 | Goenka College Of Commerce & Business Administration | Arindam Jana | Anup Ghosh | 1. Asit Kr. Ghosh<br>2. Subhasish Karan |
| 33 | Government General Degree College, Dantan-II | Mr. Chinmay Mukherjee | Dr. Samik Saha | Dr. Narayan Das |
| 34 | Govt. General Degree College At Ranibandh | Mr. Susanta Barat | Dr. Prosenjit Saha | 1. Dr. Atanu Mahata,<br>2. Dr. Jayanta Nandi,<br>3. Dr. Ipsita Rajwar |
| 35 | Government General Degree College, Kalna1 | Sri Pranab Mistri | Sri Tanmoy Mitra | 1. Dr. Sk. Asraf Ali,<br>2 Dr. Mani Shankar Mandal,<br>3. Dr. Chiranjib Bandyopadhyay |
| 36 | Govt. Training College, Hooghly | Dr. Arup Kundu | Dr. Sibananda Sana | Sri Satyajit Hansda |
| 37 | GGDC, Salboni | Dr. Arjun Majhi | Sk. Asraful Islam | 1. Dr. Pratap Bapari<br>2. Ujjal Karmakar<br>3. Soumen Mondal |
| 38 | GGDC, Kharagpur-II | Dr. Mousumi Dutta | Dr. Lakshmi Kanta Das | 1. Dr. Partha Sarathi Singha<br>2. Sri. Ramkrishna Ghosh |
| 39 | GGDC Tehatta | Nitish Ghosh | Abul Kashim Molla | 1. Md Najir Hossain<br>2.Shaidul Houqe |
| 40 | Government General Degree College, Narayangarh | Mr. Abhishek Roy | Dr.Chinmay Ghosh | 1. Dr. Badal Kumar Jana<br>2. Dr. Saugata Mukhopadhyay<br>3. Dr. Sahanowas Sk. |
| 41 | Government General Degree College, Pedong | Dr. Subhasish Kumar | Dr. Sajad Ali | 1. Mrs. Prativa Pradhan<br>2. Laxuman Sherpa |

| | | | | |
|---|---|---|---|---|
| 42 | Government General Degree College At Kushmandi | Tanusree Mondal | Dilip Sarkar | 1. Pratik Chakrabarty |
| 43 | Government General Degree College, Nakashipara, Muragachha | Dr. Binayak Chanda | Dr. Rajib Sarkar | 1. Dr. Samir Mandal<br>2. Dr. Tapas Chandra Saha |
| 44 | Govt. General Degree College, Keshiary | Dr. Barnali Jana | Dr. Susanta Kumar Maity | 1. Papiya Roy<br>2. Dr. Debarshi Mondal |
| 45 | Haldia Govt. College | Dr.Shyamsundar Sahoo | Dr. Hasibul Rahaman | 1. Dr. Pijush Kanti Tripathi<br>2. Dr. Sipra Samanta<br>3. Dr. Lakshmi Narayan De<br>4. Dr. Sudipta Pathak |
| 46 | Hooghly Mohsin College | Moutushi Sen | Prosenjit Dutta | 1. Goutam Kumar Paul<br>2.Uday Das<br>3.Himanshu Barman<br>4.Amal Chandra Barman<br>5.Susanta Roy Karmakar<br>6.Bratin Ghosh |
| 47 | IEW Hastings House | Dr. Pratap Kabiraj | Mrs. Dharitri Sinha | 1) Dr. Smriti Roy<br>2) Mrs. Gopa Singha Roy |
| 48 | Institute Of Education (P. G.) For Women, Chandernagore | Dr. Angshuman Sheth | Dr. Rakheebrita Biswas | 1. Subhankar Haldar<br>2. Dr. Debabrata Mondal |
| 49 | Jalpaiguri Government Engineering College | Dr. Swapan Kumar Ray | Dr. Arindam Saha | 1. Sri. Debjyoti Chatterjee<br>2. Dr. Shobhraj Haldar |
| 50 | Jhargram Raj College | Sourav Barai | Sujan Pramanik | 1. Dr. Prasanta Patra<br>2. Dr. Dilip Rout<br>3. Dr. Koushik Sen |
| 51 | Kanyashree College | Dr. Tithi Bose | Ms. Priyanka Roy | Dr. Dilip Kumar Mahanty |
| 52 | Krishnagar Government College | Dr. Alokemoy Basu | Dr. Kaushik Sarkar | 1 Dr. Sobhan Niyogi<br>2 Dr. Kalidas Das |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | 3 Dr. Moumita Basu<br>4 Sri Nirmalendu Hui<br>5 Sri Pitambar Nirala<br>6 Md. Eltutmis |
| 53 | Kabi Jagadram Roy Govt. General Degree College, Mejia | Dr. Siba Prasad Chaudhary | Dr. Ataur Rahaman | 1) Prof Pratim Basak<br>2) Prof Debraj Das |
| 54 | Maulana Azad College | Dr. Suparna Mitra | Dr. Samrat Roy | 1. Dr. Arpan Chakraborty<br>2. Dr. Rajarshi Ghosh<br>3. Dr. Arijit Kundu<br>4. Dr. Dipan Adhikary<br>5. Sri Arunangsha Maity |
| 55 | Nayagram Pandit Raghunath Murmur Government College | Dr. Sukumar Sahoo | Dr. Swapan Kumar Maity | 1. Dr. Netai Chandra Das<br>2. Naran Chandra Murmu |
| 56 | P. R. Thakur Govt. College | Dr. Biplab Kanti Sen | Dr. Chitta Sen Paramanik | 1. Dr. Swapan Sarkar<br>2. Dr. Subhra Kanti Mandal<br>3. Dr. Niloy Das |
| 57 | Rani Indira Debi Government Girls' College | Naznin Mullick | Pampa Hembram | 1. Deblina Mukherjee<br>2. Mousumi Patra |
| 58 | Ramkrishna Mahato Government Engineering College, Purulia | Dr. Avijit Pramanik | Mr. Debabrata Ray | 1. Dr. Tanmoy Mahapatra<br>2. Dr. Anirban Kundu |
| 59 | Shahid Matangini Hazra Govt. General Degree College For Women | Nabendu Sekhar Kar | Mahadeb Pal | 1. Anupta Jana<br>2. Ahasana Begum<br>3. Subrata Das |
| 60 | Sister Nibedita Govt General Degree College For Girls | Durbadal Mandal | Anirban Sarkar | 1. Sebanti Bhattacharya<br>2.Piya Seth<br>3. Chandra Kanta Saha<br>4. Jayanta Biswas |
| 61 | State Institute Physical Education For Women, Hastings | Dr. Somshankar Chatterjee | Dr. Karuna Sana | Dr. Pintu Sil |

| | | | | |
|---|---|---|---|---|
| 62 | S.B.S.Government College,Hili | Soumya Kanti Mandal | Samir Barman | 1. Anik Sinha<br>2. Sudhamoy Bhuin |
| 63 | Taki Government College | Jyotirmoy Pramanik | Siddhartha Pratim Sinha | 1. Niladri Tikadar<br>2. Samir Halder<br>3. Debapriya Rajlakshmi Das<br>4. Ranjit Naskar |
| 64. | Institute of Physical Education, Banipur | Dr. Manoj Kumar Murmu | Dr. Manabendra Majhi | 1.Dr. Lakshmi Narayan Kaibarta<br>2. Dr. Limon Kr. Saha |
| 65. | Bikash Bhavan | Dr. Nintu Mondal | Dr. Dipankar Sadhukhan | 1. Dr. Avishek Ghatak<br>2. Dr. Mandira Ghosh |

**All Bengal State Govt. College Teachers' Association**
GOENKA COLLEGE, 210, B.B. GANGULY STREET, KOLKATA-700012

## সম্পাদকীয়

দেখতে দেখতে চল্লিশটি বার্ষিক সম্মেলন পেরিয়ে এসে আমরা একচল্লিশতম বার্ষিক সম্মেলনে উপস্থিত। ১৯৮৪ সালে যে সংগঠনের যাত্রা শুরু হয়েছিল সরকারী কলেজ শিক্ষকদের উদ্দীপনা ও ব্যবস্থাপনায়, আজও তার যাত্রা অব্যাহত, আগামীদিনেও এই উদ্দীপনা চলতে থাকবে। দীর্ঘদিনের উদাসীনতা ও বঞ্চনার প্রতিবাদে কিছু উৎসাহী সরকারী কলেজ শিক্ষক মিলিত হয়েছিলেন কলেজ স্ট্রীটের এক গুরুত্বপূর্ণ সভায়; 'ত্রিপুরা হিতসাধিনী সভাঘরে' যে সভাঘর থেকে স্বপ্ন দেখেছিলেন অন্যভাবনার অগ্রপথিক হয়ে—সেই ভাবনা রূপ পেল 16.08.1984 সালে Registrar of Firms Societies & Non-Trading Corporations. West Bengal, সংস্থার দপ্তরে বিধিবদ্ধ হয়ে S/46170 এই নম্বরে। প্রতিষ্ঠাতা মানুষজন যে দাবীর প্রতি অঙ্গীকার করেছিলেন তা কোন অহেতুক নয়, বরং সেখানে বলা হয়েছিলো—

"To promote and safeguard the interest of Education in the country and particularly in the state of West Bengal with spcial refrence to higher Education. এবং আরও

"To promote and safeguard the interest of the teachers of Government Collges of West Bengal and to protect and enlarge their rights and privileges."... ইত্যাদি।

এই বিশেষ অঙ্গীকার করার সময় তেমন কোন জনবল এবং অর্থবল ছিলো না; ছিলো না কোন স্থায়ী ঠিকানা। অবশেষে সে স্বপ্নও বস্তবায়িত হল বর্তমান ঠিকানায় এসে, কারণ স্বপ্ন দেখেই হাল ছেড়ে দেন নি সেই মানুষজন, তাকে বাস্তবে রূপদান করতে ছিলো তাঁদের দৃঢ় অঙ্গীকার। তাঁর জানতেন—"ঋতু, ভূমি ও জল থাকলেই বীজ অঙ্কুরিত হয় না। কিন্তু ঐসব সমবায়ী কারণ থাকলে তবেই অঙ্কুরিত হয়, আত্মার ব্যাপারও সেইরূপ, এই আমার মত"—

"ঋতুভূম্যম্বুবিরহাদ্ যথা বীজং ন রোহতি।
রোহতি প্রত্যয়ৈস্তৈস্তদ্বৎসোহপি মতো মম।।"

[অশ্বঘোষ : বুদ্ধচরিতম্। ১২.৭২]

আমাদের প্রতিষ্ঠাতা সদস্যদের আত্মার ভাবনাকে নিজেদের বুকের মধ্যে অনুভব করে সকল সদস্য সমমনস্ক হয়ে আজ আবার সম্মিলিত হয়েছি, চলতে চলতে ৪১ তম সম্মেলন উপস্থিত, আমরাও।

সিদ্ধার্থ বুদ্ধ হলেন, মানুষের মুক্তির পথ দেখালেন, বেঁধে রাখলেন সকল অনুগামী শিষ্যদের 'ধর্ম-চক্র-সংঘে'র মন্ত্রে। সেই বুদ্ধ, পৃথিবীর প্রথম এবং অন্যতম বিপ্লবী, রক্তপাতহীন বিপ্লব ঘটিয়ে বিদায় নিলেন এই পৃথিবী থেকে। "মহাপরিনির্ব্বাণের" সেই সময়কাল ৪৮৩ খৃষ্ট পূর্বাব্দে, যা নিয়ে খুব একটা মতভেদ নেই। তিনি ৮০ বছর জীবিত ছিলেন বলেও সবাই একমত, তাহলে ৪৮৩ + ৮০ = ৫৬৩ খৃষ্ট পূর্বাব্দে লুম্বিনী গ্রামে জন্মেছিলেন, এটাও তাঁর অনুগামী অন্যতম শিষ্য তথা বৌদ্ধধর্মপ্রচারক মৌর্য সম্রাট অশোক সেখানে একটি স্তম্ভ প্রতিষ্ঠা করে সেই কাহিনী খোদাই করে লিখে রেখে গেছেন। কিন্তু 'মহাপরিনির্ব্বাণের' কয়েক বছরের মধ্যেই শিষ্যদের মধ্যে মতভেদ দূর করতে সম্মেলন যা "বৌদ্ধসঙ্গীতি'

## ৪১তম বার্ষিক সম্মেলন

নামে আখ্যাত, তার আয়োজন করা হল, যার প্রথমটি অনুষ্ঠিত হয়েছিল রাজগৃহে, আয়োজক ছিলেন রাজা অজাতশত্রু, সভাপতি ছিলেন মহাকাশ্যপ, গাথাগুলি আবৃত্তির মাধ্যমে মনে করিয়ে দিলেন বুদ্ধের অন্যতম শিষ্য আনন্দ, তৈরী হল 'পিটক', পরে যাকে জানবো 'বিনয়পিটক', 'সূত্তপিটক', 'অভিধম্মপিটক' নামে। এই সম্মেলন আয়োজনের সময়কাল ৪৮৬ খৃষ্ট পূর্বাব্দ। শত বৎসর পরে ৩৮৬ খৃষ্ট পূর্বাব্দে বৈশালী নগরে আবার একই উদ্দেশ্য নিয়ে দ্বিতীয় সম্মেলন, আয়োজক মগধের রাজা কালাশোক। আবারও শত বৎসর পরে তৃতীয় সম্মেলনের আয়োজক তথা অন্যতম পৃষ্ঠপোষক ছিলেন মৌর্যসম্রাট অশোক, প্রধানত তাঁরই উদ্যোগে অন্যান্য দেশেও এই ধর্ম্মের জয়যাত্রা সংগঠিত হয়েছিলো, নিজের পুত্র-কন্যাকে দূত হিসেবে পাঠানো ইতিহাস স্বীকৃত। খৃষ্টীয় প্রথম শতকে চতুর্থ সম্মেলনের আয়োজক তথা পৃষ্ঠপোষক ছিলেন কণিষ্ক, অনুষ্ঠিত হয়েছিল কাশ্মীর/জলন্ধরে কোনো বিহারে।

এই সম্মেলনের কথা মনে করেই আমদের সংগঠনও তার সদস্যদের নিয়ে সব মতভেদ পাশে রেখে বার্ষিক সম্মেলন আয়োজন করে চলেছে। উৎপত্তিস্থল কলকাতা ছাড়াও হুগলী জেলায় (২০১৩) লবণহ্রদ উপনগরী (২০১৬), অন্যতম প্রাচীন নগর বর্ধমান (২০২৩), এবং বর্তমানে বোলপুর-এ (২০২৫) অনুষ্ঠিত হচ্ছে। এই বোলপুরেই শান্তিনিকেতন, মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুরের স্বপ্ন, যাকে পৃথিবীর মানুষের কাছে তুলে ধরেছিলেন রবীন্দ্রনাথ ঠাকুর। জন্মভূমি কলকাতার বাইরে এটিকে বলা যেতে পারে তাঁর কর্ম্মভূমি, মানুষ গড়ার প্রতিষ্ঠান। যেখানে থাকতে থাকতেই তিনিই প্রথম এশিয়াবাসী হিসেবে 'নোবেল পুরস্কারে' ভূষিত হওয়ার খবর পান, যা সারা পৃথিবীতে যথেষ্ট আলোড়ন তুলে দেয়। এই সেই পূণ্যভূমি, যেখানে জন্মগ্রহণ করে আরও এক মনীষী অধ্যাপক অমর্ত্য সেন নোবেল পুরস্কার অর্জন করেছেন, যেখানে ছাত্র হয়ে এসে সত্যজিৎ রায় শিক্ষালাভ করেন, তাঁর চলচিত্রের সামগ্রিক স্বীকৃতি স্বরূপ 'অস্কার' পুরষ্কারে ভূষিত হয়েছেন। এই সেই পূণ্যভূমি যেখানে মহামানবের পদাঙ্ক অনুসরণ করে আমরাও মিলিত হচ্ছি, 'মানুষ' হবার আকাঙ্ক্ষা আর প্রত্যয় নিয়ে। সংগঠন আমাদের কাছে সেই সুযোগ হাজির করেছে। এখানেই বৌদ্ধ মহাসঙ্গীতির পদাঙ্ক অনুসরণ করে আমরাও আলাপ-আলোচনায় যুক্ত হবো, তর্ক-বিতর্ক করে আসল উদ্দেশ্যকে প্রতিষ্ঠা করে ফিরে যাবো যে যার কর্মপ্রতিষ্ঠানে, প্রতীক্ষা করবো, পরের বছরে কোনো একটি বিশেষ দিনের জন্যে। কিন্তু মূল কাঠামোকে আঘাত করে নয়, বরং সংযোজন করে নেবো সময়ের প্রয়োজনে।

'মহাভারতে' বলা আছে 'যত্র নার্যস্তু পূজ্যন্তে রম্যন্তে তত্র দেবতাঃ', অর্থাৎ নারীজাতির স্থান যেখানে পূজার মাধ্যমে প্রতিষ্ঠিত, দেবতারাও সেখানে আনন্দলাভ করেন। এই মতের অনুগামী হয়ে পিছিয়ে ছিলেন না ভারতীয় বৈয়াকরণগণও। প্রথমে একটা 'সূত্র' লিপিবদ্ধ করা হল— 'পৃথগ্বিনাভ্যাং দ্বিতীয়াতৃতীয়ে চ''—যার মর্ম্মার্থ 'পৃথক' ও 'বিনা' শব্দের যোগে দ্বিতীয়া, তৃতীয়া ও পঞ্চমী বিভক্তি হয়। পরে সংশোধন করে 'সূত্র' টিকে পূর্ণ রূপ দেওয়া হল এভাবে—'পৃথক-বিনা-নানাভিস্তৃতীয়ান্যতরস্যাম্'। পাণিনি-র 'সূত্র' সংখ্যা ২/৩/৩২; যার অর্থ শুধু 'পৃথক' ও 'বিনা' শব্দ নয়, 'নানা' শব্দ যেগেও দ্বিতীয়া, তৃতীয়া এবং পঞ্চমী বিভক্তি হয়। মজার কথা আছে উদাহরণে —যখন বলা হল—''নানা নারীং নিষ্ফলা লোকযাত্রা।'' এই উদাহরণটি হাজির করার কৃতীত্ব বোপদেব নামধারী আর এক বৈয়াকরণের। এই উদাহরণের সংকেতটি নিশ্চয়ই 'রামায়ণ', 'মহাভারত'-এর ঘটনাকে মনে রেখে। রামের বনগমনে মৈথিলী এবং পাণ্ডবদের বনগমনে কুন্তী এবং যাজ্ঞসেনীর যে ভূমিকা, সেটি অবশ্যই সাংকেতিকভাবে বৈয়াকরণ বোপদেব তুলে এনেছেন। আমাদের বৈয়াকরণগণের মধ্যে বিস্তৃত আলোচনার অবকাশ না থাকায় তাঁরা তাঁদের বক্তব্য 'সূত্রকারে' তুলে ধরেন, কখনও কখনও সংযোজন হিসেবে 'বার্তিক'-এর অবতারণা; অনেক পরে আমাদের কবি বলবেন 'অনেক কথা যাও যে বলে, কোন কথা না বলে...'। এই ভূমিকা করে রাখলাম এজন্যেই যে নিখিলবঙ্গ রাজ্য সরকারী কলেজ শিক্ষক সমিতি-র ইতিহাসে এর আগে কোন 'মানবী' কর্ণধার হিসেবে দায়িত্ব নিতে এগিয়ে আসেননি—এই সম্মেলনে আমরাও এটি ভেবেছি, বাস্তায়িত করেওছি। তিনি তাঁর

মেধা নিয়ে এই সংগঠনের দায়িত্ব কাঁধে নিয়ে এগিয়ে চলেছেন, এবং যাবেন। (পিছিয়ে ছিলেন না আমাদের শিল্পীরাও। স্মরণিকার প্রচ্ছদটির দিকেও নজর দিতে অনুরোধ করবো)। আমরা মিলিত ভাবে এগিয়ে এসে, উপস্থিত থেকে সরকারী কলেজ-শিক্ষকদের মধ্যে পূর্বজরা যে পথ দেখিয়ে গেছেন সেই পথের পথিক হই। পূর্বজরা জানতেন, আমরাও জানি—"সত্যমেব জয়তে নানৃতং সত্যেন পন্থা বিততো দেবযানঃ"। এমন নয় আমরা শুধুই "ট ঠ ড ঢ করে গোল/কাঁধে নিয়ে ঢাকঢোল"—করি; আসলে আমরা কাজ করি, তাই সবাইকে নিয়েই চলি। সংগঠনে নানা মতের কথা থাকবে, নানা মতাবলম্বী মতের মানুষকেও স্বাগত। কারণ জগতে কেউ আস্তিক, আবার কেউ নাস্তিক। কেউ সক্ষম, কেউবা অক্ষম। সকলেরই কোনো না কোনো ভাষার মাধ্যমে স্বতন্ত্র দৃষ্টিভঙ্গী আছে। সকলেই ভাবনাসমৃদ্ধ নিজ নিজ মত যুক্তিদ্বারা প্রতিষ্ঠা করতে পারেন, করতে চাইবেন—সেটাই স্বাভাবিক। রবীন্দ্রনাথের ভাষায় "কত নদী সমুদ্র পর্বত উল্লঙ্ঘন করিয়া মানবের কণ্ঠ এখানে আসিয়া পৌঁছিয়াছে— কত শত বৎসরের প্রান্ত হইতে এই স্বর আসিতেছে। এস এখানে এস। এখানে আলোকের জন্ম সঙ্গীত গান হইতেছে।" [লাইব্রেরি প্রবন্ধ দ্রষ্টব্য] ঠিক যেমন "লাইব্রেরির মধ্যে সহস্র পথের চৌমাথার উপরে দাঁড়াইয়া আছি। কোনো পথ অনন্ত সমুদ্রে গিয়াছে, কোনো পথ অনন্ত শিখরে উঠিয়াছে, কোনো পথ মানব-হৃদয়ের অতলস্পর্শে নামিয়াছে। যে যেদিকে ইচ্ছা ধাবমান হও; কোথাও বাধা পাইবে না।" [তদেব]। এই সম্মেলন সেই জায়গা, যেখানে পাশাপাশি সবাই বাস করছে, কাউকে উপেক্ষা না করে করছে আহ্বান। নিজেকে জানা, অপরকে জানা, ভালো-মন্দ জানা, সকলকে জানার সুযোগ রয়েছে।

কিছুকাল আগে এক অতিমারী আমাদের চিন্তাকে ছিন্নভিন্ন করেছিলো, কিন্তু জীবনের সমস্যাকে সমাধানের চেষ্টায় মানুষই সমবেতভাবে পরিত্রাণের রাস্তা খুঁজে নিয়েছে এবং সফলভাবে এগিয়েছে। সাহিত্যতত্ত্ব যাঁরা অনশীলন করেন তাঁরা 'অর্থান্তরন্যাস' বলে একটি অলংকার সনাক্ত করে থাকেন এবং একটা উদাহরণে বলেন—

"বৃহৎসহায় কার্য্যান্তং ক্ষোদীয়ানপি গচ্ছতি।
সম্ভূয়াম্ভোধিমভ্যেতি মহানদ্যা নগাপগা।।"

যার মর্মার্থ। বৃহৎ ব্যক্তির সহায়ে ক্ষুদ্রব্যক্তিও কার্য্য শেষ করিয়া থাকে; পর্বত হইতে উৎপন্ন নির্ঝরিণীও মহানদীর সহিত মিলিত হইয়া সাগরকে প্রাপ্ত হয়।" 'অন্ত', 'প্রত্যন্ত' প্রদেশে কাজ করতে করতে সংগঠনের স্রোতে এসে সেইরকম সবাই ঈপ্সিত বস্তুর সন্ধান পান। কবির কথায় **'আয় আরও বেঁধে বেঁধে থাকি।"**

'বেদ' বিভাগ করে একজন হলেন 'বেদব্যাস'। আসলে তিনি কবিতাগুলিকে এক জায়গায় আনলেন, তৈরী হল 'ঋগ্বেদ', কবিতায় সুরারোপ করা যাবে-এমন জিনিসগুলি নিয়ে তৈরী হল 'সামবেদ', গদ্যগুলি নিয়ে তৈরী হল—'যজুর্বেদ', আর বিষয় হিসাবে অন্যরকম জিনিসগুলি নিয়ে তৈরী যে মন্ত্র, তার নামকরণ করে দিলেন 'অথর্ববেদ'। 'ঋগ্বেদে'র প্রথম মন্ত্রের বিষয় হল অগ্নির স্তুতি, তিনি 'একদেবতা', সেরকম পরে 'যুগ্মদেবতা'র পর 'গণদেবতাও' স্বীকৃত হল। এবং ঋগ্বেদের সর্বশেষ মন্ত্র হল "সং গচ্ছধ্বং সং বদধ্বং সং বো মনাংসি জানতাম্..."। অর্থাৎ এক নয়—একতাই বল। অনেক পরে 'উপনিষদে' পাই "একোহং বহুস্যামঃ"—আমি এক আবার বহু হয়েছি। অনেক পরে আর এক কবি বললেন—"...এক হউক, এক হউক, এক হউক হে ভগবান।" একতার সাহায্যেই আমরা গতি পাই, এগিয়ে চলি—তাই 'চরৈবেতি, চরৈবেতি।' এইবার এই পর্যন্ত এসে বলি— 'আমার কথাটি ফুরোল...।'

৩০.০৩.২০২৫

ডঃ শ্যামসুন্দর কুণ্ডু
*কার্যকরী সম্পাদক*

**All Bengal State Govt. College Teachers' Association**
GOENKA COLLEGE, 210, B.B. GANGULY STREET, KOLKATA-700012

# খসড়া বার্ষিক প্রতিবেদন : ২০২৪ - ২০২৫

সুধী।

নিখিল বঙ্গ রাজ্য সরকারি কলেজ শিক্ষক সমিতি (ABSGCTA)র একচল্লিশতম বার্ষিক সাধারণ সম্মেলনে আগত প্রিয় সকল সদস্যবন্ধু, সহকর্মীবৃন্দ এবং বিশিষ্ট শিক্ষানুরাগীঅতিথিবর্গকেসুস্বাগতজানিয়ে সমিতির নির্বাচিত প্রতিনিধি হিসাবে ২০২৪-২৫ বর্ষের খসড়া বার্ষিক প্রতিবেদন আপনাদের সমক্ষে উপস্থাপন করছি।

নিখিল বঙ্গ রাজ্য সরকারি কলেজ শিক্ষক সমিতি প্রতিষ্ঠিত হয়েছিল এক ঐতিহাসিক সন্ধিক্ষণে।শিক্ষাক্ষেত্রে এক তীব্র স্বৈরতান্ত্রিকপরিস্থিতিতে সরকারী কলেজেরঅধ্যাপক – অধ্যাপিকাদেরআবেদন ও দাবিদাওয়াগুলি গণতান্ত্রিক পদ্ধতিতে সরকারের কাছে যথার্থ মাধ্যমে উপস্থাপন করেতার সুফল পাওয়ার জন্য এই সমিতির প্রতিষ্ঠা।সমষ্টিগতভাবেপথ চলার অঙ্গীকার নিয়ে অতীতে যে পথচলা শুরু হয়েছিল, আজ সেই পথ অনেক সাবলীল ও মসৃণ হয়েছে হেবন্ধুগণ! আপনাদের সম্মিলিত মানবিক প্রয়াসে। আজ আমরা এক বৃহৎ পরিবারে পরিণত হয়েছি। আমাদের দৃঢ়কণ্ঠে বলতে কোনো বাধা নেই যে এই পথ অনেকটাই মসৃণ হয়েছে বহুমুখী প্রতিভার অধিকারীশিক্ষাবিদ অধ্যাপক নাট্যকারব্রাত্য বসু মহাশয়ের অভিভাবকত্বে। পুনরায় সম্মাননীয়শিক্ষামন্ত্রীর পদ অলংকৃত করার পর উনার উৎসাহ ও দিক্নির্দেশনায় নিখিল বঙ্গ রাজ্য সরকারি কলেজ শিক্ষক সমিতি শিক্ষাক্ষেত্রে নানা সদর্থক পদক্ষেপ করতে সক্ষম হয়েছে। এই সমিতি যেভাবে স্যারের ইতিবাচকসহযোগিতা ও সমর্থনপ্রত্যক্ষ ও পরোক্ষভাবেপেয়েছে, তার জন্যে সমিতির পক্ষ থেকে মন্ত্রী মহাশয়কে অশেষধন্যবাদ ওকৃতজ্ঞতাজ্ঞাপন করছি।

বিগত বছরে আমাদের শিক্ষক সমিতির কর্মকাণ্ডের বিবরণ সদস্যদের বিবেচনা ও অনুমোদনের জন্য পেশ করছি :

- প্রতি সপ্তাহে বৃহস্পতিবার বিকাল ৪-টা থেকে গোয়েঙ্কা কলেজে সমিতির নিবন্ধীকৃতকার্যালয়েসাধারণ সম্পাদক, সভাপতি ও সদস্যগণের উপস্থিতিতে শিক্ষা ও শিক্ষকস্বার্থে নানা বিষয়ে আলাপ-আলোচনা হয় নিয়মিত। এক গণতান্ত্রিক পরিবেশে সদস্যদের সমস্যাগুলিকে শুনে সেগুলির প্রতিকারের উপায় খোঁজা তথা সেগুলিকে একত্রিত করে উচ্চ শিক্ষা দপ্তর এবং রাজ্য সরকারের গোচরে আনার অনবরত চেষ্টা করে চলেছে সমিতি।

- এবছর সমিতির কেন্দ্রীয় কমিটির সদস্যরা অনেকগুলি কলেজ পরিদর্শন করেসেইসবকলেজ -ইউনিটসদস্যদের ও কলেজের নানাবিধ সমস্যার কথা শুনেছেন এবং সেগুলিকে উচ্চশিক্ষা দফতর ও রাজ্য সরকারের নজরে আনার প্রয়াস করেতারসমাধানেনিরতআছে।সমিতি অদূর ভবিষ্যতে অবশ্যই অন্যান্য সরকারি কলেজগুলি পরিদর্শন করে সদস্যদের এবং কলেজের সমস্যার কথা শুনবেওতার সমাধানের জন্য যথাযথপদক্ষেপ করবে।

- আমাদের সদস্যবন্ধুদের গবেষণায় উৎসাহিত করা ও তাদের গবেষণাপত্র প্রকাশের সুযোগ করে দেওয়ার জন্য প্রতি বছরের মত এবছরেও সমিতির পক্ষ থেকে পি,আররিভিউড 'MANAN' নামক Academic Journal (ISSN-2348-3849)-টির নতুন সংখ্যা

## ৪১তম বার্ষিক সম্মেলন

প্রকাশিত হয়েছেওবিদগ্ধ অধ্যাপক-অধ্যাপিকাদের লেখায় এই পত্রিকা সমৃদ্ধ হয়েছে। ৪১-তম বার্ষিক সম্মেলনে বিশেষ ধন্যবাদ জানাই 'মনন' পত্রিকার সম্পাদকমণ্ডলীকে। এই প্রসঙ্গে উল্লেখ করা যায় যে, সমিতির ওয়েবসাইটে বিশেষ স্থানে 'মনন' পত্রিকার সংখ্যাগুলি সংরক্ষিত আছে, আগ্রহী পাঠক চাইলে তা অনুসন্ধান করতে পারেন। এরসঙ্গে আরও একটি সুখবর যে বর্তমানে 'মনন'-কে e-journal -এ রূপান্তরিত করার চেষ্টা চলছে।

© মাননীয়া মুখ্যমন্ত্রী মহাশয়া ও রাজ্য সরকারের মানবসেবার কর্মে সহযোগী হয়ে গত বছর পশ্চিম মেদিনীপুর জেলার ঘাটাল মহকুমায় বন্যাত্রাণে ১ লক্ষ টাকা ব্যয় করে আর্ত ও অসহায় মানুষের পাশে খাদ্য, ত্রিপল এবং অন্যান্য প্রয়োজনীয় সামগ্রী তুলে দিয়ে প্রায় ২০০ পরিবারের পাশে দাঁড়াতে পেরেছে সমিতি। ভবিষ্যতেও আপনাদের সমর্থনে সমিতির এইরূপ মানবিক প্রয়াস বজায় থাকবে।

উচ্চশিক্ষার উন্নতি ও সার্বিক প্রসারের লক্ষ্যে শিক্ষার বিকেন্দ্রীকরণের নীতিকে সামনে রেখে রাজ্যের প্রত্যন্ত অঞ্চলে উচ্চশিক্ষাকেছড়িয়ে দিতে বহু নতুন কলেজ ওবিশ্ববিদ্যালয়স্থাপন,তৎসহ সরকারী কলেজে বহুসংখ্যক সহকারী অধ্যাপক নিয়োগের জন্য রাজ্য সরকার তথা মাননীয়া মুখ্যমন্ত্রী মমতাবন্দ্যোপাধ্যায়কে অসংখ্য ধন্যবাদ জানায় সমিতি।লকডাউনের সময় থেকে সরকারী কলেজের অধ্যাপক -অধ্যাপিকাদেরবদলি নানা কারণে আটকে ছিল। মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের সদর্থক প্রয়াসে প্রায় সমস্ত বিষয়ের বদলিরতালিকা প্রকাশিত করে সমিতির দীর্ঘদিনের দাবি পূরণের জন্য মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়কে অশেষ কৃতজ্ঞতা ওধন্যবাদ জানায় সমিতি। সরকারী কলেজের বহু অধ্যাপক -অধ্যাপিকাদের চাকুরীর স্থায়িত্বকরণ ও পদোন্নতির ফাইল আটকে আছে, সমিতির আবেদনে সাড়া দিয়ে সে বিষয়ে সদর্থক পদক্ষেপ গ্রহণের জন্যে মন্ত্রীমহাশয়কে অকুণ্ঠ ধন্যবাদ জানায়সমিতি ।

সম্প্রতি ৪ শতাংশ DA ঘোষণা করে ১-লা এপ্রিল ২০২৫ থেকে ১৮ শতাংশ DA প্রদানের ঘোষণা করার জন্য মাননীয়া মুখ্যমন্ত্রী মহাশয়াকে অভিনন্দন ও ধন্যবাদ জানায় সমিতি।

অফলাইন ভর্তি প্রক্রিয়ায় কলেজগুলির উপর অনেক চাপ ছিল। সুদীর্ঘ লাইন ও আবেদনপ্রক্রিয়ারজটিলতার কারণে ইচ্ছুক বহু ছাত্রছাত্রী তাদের পছন্দের শিক্ষাপ্রতিষ্ঠানগুলিতে আবেদন করতে পারতো না, সেই সমস্যাগুলি উপলব্ধি করে কেন্দ্রীয় মাধ্যমে ভর্তি প্রক্রিয়া চালু করে কলেজগুলির উপর চাপ কমানো এবং ছাত্রছাত্রীদের পছন্দের ক্ষেত্রকে বিস্তৃত করার যে সুচিন্তিত পদক্ষেপ রাজ্য সরকারের উচ্চ শিক্ষা বিভাগ গত বছর থেকে নিয়েছে, সমিতি সেই সাধু উদ্যোগকে হার্দিক স্বাগত জানাচ্ছে।

অতি সম্প্রতি প্রকাশিত UGC Draft Regulation, 2025 অনুযায়ী বিশ্ববিদ্যালয় এবং কলেজগুলিতে অধ্যাপক এবং অ্যাকাডেমিক স্টাফ নিয়োগ ও পদোন্নতির ন্যূনতম যোগ্যতা এবং উচ্চশিক্ষার মান বজায় রাখার জন্য ইউজিসি যে বিধানগুলি প্রস্তাব করেছে, নিখিল বঙ্গ রাজ্য সরকারী কলেজ শিক্ষক সমিতি তার তীব্র প্রতিবাদ ও বিরোধিতা করছে।সমিতির নিজস্ব মূল্যায়ন অনুযায়ী, প্রস্তাবিত এই পরিবর্তনগুলি একপেশে, অনৈতিকভাবেউচ্চশিক্ষায় রাজ্যগুলির অপরিহার্য ভূমিকা ও অপরিসীম অবদানকে খর্ব করা,একইসাথেযুক্তরাষ্ট্রীয়

কাঠামোকে নস্যাৎ করার এবং অত্যধিক কেন্দ্রীকরণের পথ প্রশস্ত করার সুপরিকল্পিত সংস্থানও এতে রয়েছে। বিশ্ববিদ্যালয়গুলির উপাচার্য নিয়োগের ক্ষেত্রে রাজ্য সরকারের অধিকার খর্ব করার পাশাপাশি আচার্য তথা [অধিকাংশ ক্ষেত্রে] রাজ্যপালকে একচ্ছত্র [10.1. ( iv, vii, viii)] নিয়ন্ত্রণভার তুলে দেওয়ার প্রস্তাবটি নীতিগতভাবে গ্রহণযোগ্য নয় বলেই সমিতি মনে করে। প্রসঙ্গত: উল্লেখ্য যে, ১৯৮৩-তে সুপ্রিম কোর্টের সম্মাননীয় বিচারপতি আর. এস. সাকারিয়ানেতৃত্বাধীন কমিশনও তাদের রিপোর্টে আচার্যরূপে রাজ্যপালের একচ্ছত্র ক্ষমতাবিষয়কসমালোচনাকে গ্রহণ করেছিলেন। একইভাবে 'নন-অ্যাকাডেমিক' ব্যক্তিদের উপাচার্য পদে নিয়োগ করার প্রস্তাবটিও [10.1. I (iii)] সারবত্তাহীন এবং অদূরদর্শী, যার মধ্যে শিক্ষাঙ্গনে'রাজনীতিকরণের' প্রয়াস সুস্পষ্ট। বৈচিত্র্য ও বহুত্ববাদেরবুনিয়াদে গড়ে ওঠা মেধা ও মননগতউৎকর্ষের যে সজীব-সচল পরিসর রাজ্যস্তরে পরিলক্ষিত হয়, তাকে অগ্রাহ্য করে একমাত্রিককেন্দ্রীকরণের প্রবণতা উক্ত কেন্দ্রীয়খসড়া রেগুলেশনের বিবিধ ছত্রে প্রতীয়মান। এই প্রেক্ষিতে সমিতির দাবি, রাজ্যগুলির সাথে সম্মিলিতভাবেUGC রেগুলেশন, 2025-এর পুনর্বিবেচনা করে বিতর্কিত প্রস্তাবগুলির প্রত্যাহার।সর্বোপরি, ২০২২-এর ১৩ জুন, সম্মাননীয়া মুখ্যমন্ত্রীকে রাজ্যবিশ্ববিদ্যালয়গুলির 'আচার্য' রূপে নিযুক্ত করার যে যৌক্তিক ও বহুকাঙ্খিত পদক্ষেপ বিধানসভায় গৃহীত হয়েছিল [West Bengal University Laws (Amendment) Bill, 2022], তার দ্রুত বাস্তবায়নের জন্য সমিতি দাবি জানাচ্ছে।

তবে বর্তমান সরকারের কাছে সমিতির কিছু প্রত্যাশা রয়েছে। আমরা সেই বিষয়গুলিতে মাননীয় উচ্চ শিক্ষা মন্ত্রী মহাশয় তথা রাজ্য সরকারের দৃষ্টিআকর্ষণ করতে চাইছি :

● সমিতি সম্প্রতি বিভিন্ন কলেজ পরিদর্শন করে যে সমস্যাগুলি দেখেছে, গ্রামীণ এলাকায় নবগঠিত সরকারী কলেজগুলিতে পরিকাঠামোগত ভীষণ ঘাটতি আছে। বহু কলেজেই পর্যাপ্ত ক্লাসরুম নেই, বহু বিভাগের নিজস্ব বিভাগীয় রুম নেই, উপযুক্ত খেলার মাঠ নেই ও জরুরী বিদ্যুৎ সরবরাহের বিকল্প কোনো ব্যবস্থা নেই। বহু কলেজে গ্রুপ-C, গ্রুপ-D এবং UDC নেই অথবা কর্মীর অভাব আছে। অনেক কলেজে লাইব্রেরিয়ান না থাকায় ছাত্রছাত্রীরা নিয়মিত বই আদানপ্রদান করতে পারছে না। কোথাও জিম সেন্টার থাকলেও সেগুলি রক্ষণাবেক্ষণের কোনো কর্মী নেই। বিজ্ঞানের বিভাগগুলিতে Lab Assistant নেই। বহু কলেজেই ছাত্রছাত্রী সংখ্যার অনুপাতে পর্যাপ্ত শিক্ষক নেই। তাই নতুন নিয়োগ ও ট্রান্সফারের মাধ্যমে সেই শূন্যস্থান পূরণ করা আশু প্রয়োজন।

সরকারি কলেজগুলির বিকল্প আয়ের কোনো সংস্থান না থাকায় অর্থাভাবে সেমিনার, ওয়ার্কশপ, পাবলিকেশন, লাইব্রেরিতেপত্র-পত্রিকা সংগ্রহ প্রভৃতি সহজসাধ্য হয়ে ওঠে না। তাই এইসব খাতে আলাদাভাবে রাজ্য সরকার কর্তৃক অর্থ বরাদ্দের ভীষণ প্রয়োজন। এপ্রসঙ্গে উল্লেখ্য যে সরকারি কলেজ গুলিকে Contingency fund যা দেওয়া হয়, তা পর্যাপ্ত নয়। তাছাড়া Contingency Fund-এর ব্যবহার এমনভাবে সীমিত করে দেওয়া হয়, সরকারি কলেজগুলি নিজের ঘাটতির জায়গাগুলি মেটাতে পারে না। বিশেষ করে C ও D Zone এর কলেজগুলিতে এই সমস্ত সমস্যাগুলি প্রকটতর। সমিতির কেন্দ্রীয় কার্যনির্বাহী সাম্প্রতিক বিভিন্ন সরকারি কলেজ পরিদর্শনের অভিজ্ঞতা থেকে মাননীয় উচ্চশিক্ষামন্ত্রীর কাছে এই বিনীত আবেদন জানাতে

চায় যে- নবগঠিত সরকারি কলেজগুলির পরিকাঠামো, কর্মীসংকট ও আর্থিক দিকের প্রতি নজর দিক ও উপযুক্ত ইতিবাচক পদক্ষেপ গ্রহণ করুক উচ্চশিক্ষা দফতর।

● রাজ্য সরকার উচ্চ শিক্ষার পথকে সুগম করতে মানবিকভাবে এতসংখ্যক স্কলারশিপ চালু করেছে, তাতে সমাজের সমস্ত স্তর ও শ্রেণীথেকে উঠে আসা ছাত্র-ছাত্রীদের কাছে উচ্চশিক্ষা এখন মুক্তদ্বার, আর্থিকবাধা এখন আর কোনো বাধাই নয়। এর জন্য মাননীয়া মুখ্যমন্ত্রী মহাশয়া ও উচ্চ শিক্ষামন্ত্রী মহাশয়ের নিরলস ঐকান্তিক প্রচেষ্টাকে অসংখ্য ধন্যবাদ জানায় সমিতি। কিন্তু সমিতি একটা বিষয় পর্যবেক্ষণ করেছে- বহু ছাত্রছাত্রী শুধু স্কলারশিপের টাকাটা পাওয়ার আশায় কলেজে ভর্তি হচ্ছে, টাকা পেয়ে গেলে পড়াশোনা ছেড়ে দিচ্ছে। তাই সমিতি আবেদন জানাচ্ছে- 'স্বামী বিবেকানন্দ মেরিট-কাম-মিনস' স্কলারশিপের মতোই উচ্চ শিক্ষাক্ষেত্রে চালু থাকা সমস্ত স্কলারশিপের টাকা সরকার এককালীন না দিয়ে এমনভাবে দিক যাতে ছাত্রছাত্রীরা উচ্চশিক্ষারকোর্সটিকে সম্পূর্ণ করতে পারে।

● বহু সরকারি কলেজে এলাকাভিত্তিক বেশ কিছু বিষয়ের চাহিদা আছে, কলেজগুলির কাছ থেকে খোঁজ নিয়ে সেইসমস্ত বিষয়গুলি চালু করার বিনীত আবেদন জানাচ্ছে সমিতি। এই আবেদন পূরণ হলে সেই এলাকার ছাত্রছাত্রীরা ভীষণ উপকৃত হবে।

● সরকারি কলেজে এতোগুলি বিষয়ের ট্রান্সফার নির্দেশ বের করার জন্যে কৃতজ্ঞতাএবং ধন্যবাদ জানিয়েও সমিতিসরকারের কাছে এইবিনীত আবেদন জানাচ্ছে যে- WBES-এর জোনভিত্তিক সার্ভিস রুল ( 583 - Edn(A) Dated 15-06-2012) -র মধ্যে অনেক ত্রুটি ও সমস্যা সাম্প্রতিক অতীতে দেখা গেছে। বাস্তবত: ২০২৫ সালে দাঁড়িয়ে Sealdah/Howrah স্টেশন ধরে জোন নির্ণয় যথাযথ নয় বলে মনে করে সমিতি। প্রত্যেকের বাসস্থানের স্থায়ী ঠিকানা ধরেই তা ঠিক করা উচিত Google Location বা ঐজাতীয় কিছুর সাহায্য নিয়ে। তাই সমিতিউচ্চশিক্ষা দফতরেরকাছে প্রস্তাব রাখছে- বর্তমানে WBES-এ কর্মরত প্রত্যেক কর্মীর কাছ থেকে তার কলেজের বা বর্তমান অফিসের মাধ্যমে তার আধার কার্ডে উল্লিখিত বসবাসযোগ্য ঠিকানার সব থেকে নিকটবর্তী বাসস্ট্যান্ড এবং রেলস্টেশনের নাম চাওয়া হোক। আর সেই কর্মী WBES-এ থাকাকালীন কোন কোন কলেজ বা অফিসে কতদিন সার্ভিস করেছেন, সেই সংক্রান্ত যাবতীয় তথ্যপোর্টালে সংরক্ষিত করে সার্ভিস রুল ওমানবিক দৃষ্টিতেযেখানে যার ট্রান্সফার হওয়া উচিত, সেইমতো পদক্ষেপ করুক উচ্চ শিক্ষা দফতর। তবে সমিতি এও মনে করে- যেহেতু NEP-2020 অনুযায়ী শিক্ষাব্যবস্থার সমস্ত দিকটা পরিবর্তিত হচ্ছে, তাই সেই নীতির সঙ্গে সামঞ্জস্য রেখেই ট্রান্সফার নিয়মের পরিবর্তন করে প্রত্যেক অধ্যাপক-অধ্যাপিকাকেতার যাতায়াতযোগ্য নির্দিষ্ট দূরত্বের মধ্যে নিজের জেলায় বা পার্শ্ববর্তী জেলায় দীর্ঘ সময় কাজ করার সুযোগপ্রদানকরাহোক, যাতে শিক্ষকতার পেশাতেনিজের সেরাটা দেওয়ার পাশাপাশি উপভোগ করার পাশাপাশি পারিবারিক এবং গবেষণা-লেখালেখির দিকটিও ঠিকঠাকভাবে শিক্ষক-শিক্ষিকাগণ বজায় রাখতে পারেন। আর শিক্ষক ঘাটতির কারণে কাউকে নিজের যাতায়াতযোগ্য দূরত্বে পোস্টিং দেওয়া না গেলে সর্বোচ্চ কতদিন তাকে দূরে সার্ভিস করতে হবে, সেটাও সুনির্দিষ্ট করে দেওয়া হোক যাতে নতুন নিয়োগ ও ট্রান্সফারের মাধ্যমে ঐ কর্মীকে একটা সময় পরে স্বস্তি দেওয়া যায়। তবে

সব থেকে আশু প্রয়োজন জোনের ধারণা বদলে নতুন করে সার্ভিস রুল তৈরী করা। সার্ভিস নিয়মের এই ত্রুটির দিকগুলিতে যাতে সময়োপযোগী সংস্কার সাধন করা যায় তার জন্য মাননীয় শিক্ষামন্ত্রী, মাননীয়া মুখ্যমন্ত্রী ও উচ্চশিক্ষা দফতরকে দ্রুত পদক্ষেপের সবিনয় আবেদন জানাচ্ছে সমিতি। এই কর্মকাণ্ডে সমিতির কোনোরূপ সহযোগিতার প্রয়োজন হলে সমিতি সর্বপ্রকারে সরকারের সঙ্গে সহযোগিতায় প্রস্তুত।

বেশ কিছু সরকারি কলেজ আছে যেখানে অধ্যাপক বা অধ্যাপিকাদের কে যুগপৎ দুটি কলেজে সার্ভিস দিতে বলা হয়েছে, সেখানে দুটি কলেজের দূরত্ব অনেকটাই। এমতাবস্থায় দুটো কলেজে ডিউটি করা অসম্ভব হয়ে উঠছে। সেকারণে উচ্চশিক্ষা দফতরের কাছে সমিতির আর্জি হলো ডবলডিউটি প্রাপ্ত অধ্যাপক-অধ্যাপিকাদের অব্যাহতি।

বর্তমানে মাননীয়া মুখ্যমন্ত্রীর শিক্ষানুরাগী পর্যবেক্ষণে যেমন প্রত্যন্ত অঞ্চলে সরকারি কলেজের প্রসার ঘটেছে, সেই অনুষঙ্গে শিক্ষকদের আবাসন বা কোয়ার্টার্সতৈরি হয়নি। এরফলে অনেক শিক্ষকমণ্ডলী বসবাস রূপ অসুবিধার সম্মুখীন হচ্ছেন। সমিতি মনে করে প্রত্যন্তঅঞ্চলে নতুন গড়ে ওঠা সরকারি কলেজ গুলোরসাথে শিক্ষকদের বসবাসযোগ্য আবাসন যদি গড়ে তোলা যায় তাহলে সেইসব কলেজের ও অ্যাকাডেমিক উৎকর্ষ অনেকটাই বেড়ে যাবে, এই ব্যাপারে উচ্চশিক্ষা দফতরের সদর্থক পদক্ষেপ আশাকরে সমিতি। এপ্রসঙ্গে সমিতির আরও পর্যবেক্ষণ এই যে–

সরকারি যেসব কলেজে আবাসনগুলি আছে সেগুলিকে বসবাসযোগ্য করে তুলতে সরকারের পুনর্নির্মাণে মনোনিবেশ করা দরকার। কিছু ক্ষেত্রে এই আবাসনগুলোর অধিকাংশ ঘর অব্যবহৃত ভূতুড়েহানাবাড়ি হয়ে উঠেছে বা অবৈধভাবে দখলহয়ে যাচ্ছেতার জমি। এর অন্যতম কারণ HRA বেসিসেকোয়ার্টার গুলির নির্মাণ বা পুনঃসংস্কার সাধন না করা। সমিতি গভীরভাবে অনুধাবন করে দেখেছে যে, যে টাকা হাউস রেন্টবাবদ সরকারকে দিতে হবে, এবং অনভিপ্রেত আবাসনে থাকতে হবে তা অপেক্ষা বাজার মূল্যের বাড়িভাড়া অনেক কম। পরিষেবাও ভালো। তাই আবাসনগুলোর প্রতি শিক্ষকদের প্রবল অনীহা। বিষয়টি যদি সরকার মানবিক দৃষ্টিভঙ্গিতে বিচার করে থাকার সুব্যবস্থা করে তাহলে সরকারও অনেক লাভবান হবে।

এই প্রসঙ্গে উল্লেখ্য যে বর্তমানে সরকারি আবাসন পেতে যে দীর্ঘমেয়াদি জটিল প্রক্রিয়া প্রচলিত আছে তারসরলীকরণ করলেই অনেক সরকারি কলেজের কোয়ার্টার্সে সরকারি কলেজের অধ্যাপক-অধ্যাপকিরা থাকতে পারবেন।

সরকারি কলেজগুলোতে নিরাপত্তারক্ষীর অপ্রতুলতা ভীষণভাবে পরিলক্ষিত হয়। সরকারি সম্পত্তি রক্ষণাবেক্ষণে সিকিওরিটি গার্ড বা নিরাপত্তা রক্ষীদের একটি অতি প্রয়োজনীয় ভূমিকা আছে বলে সমিতি মনে করে।

● রাজ্যের সরকারী কর্মচারীদের জন্যে যে West Bengal Health Scheme চালু আছে, তা সত্যিই খুব ভালো একটি প্রকল্প। বিগত দিনে এই প্রকল্পের সুবিধা নিয়ে বহু কর্মচারী ভীষণ উপকার পেয়েছেন। তার জন্যে রাজ্য সরকারকে অসংখ্য ধন্যবাদ জানায় সমিতি। মাননীয়া মুখ্যমন্ত্রী মহাশয়া ও রাজ্য সরকারকে আবার ও সাধুবাদ জানায় সমিতি এইকারণে যে,

সম্প্রতি Cashless IPD Treatment এর সীমা ১.৫ লাখ থেকে বাড়িয়ে ২ লাখ করা হয়েছে( Order No. 92-F(MED)WB Dated 07/06/2023), যা সত্যিই সময়োপযোগী ও প্রশংসনীয়। তবে সমিতি সদস্যদের কাছ থেকে এও জেনেছে–যে WBHS এর সুবিধা নিতে গেলে মাঝে মাঝে তারানানা সমস্যার মধ্যে পড়ছেন। যেমন সরকারী নির্দেশিকা অমান্য করে WBHS -এ নথিভুক্ত বহু ডাক্তারবাবু WBHS-এ নথিভুক্ত হাসপাতাল/নার্সিংহোমে বসেও OPD/IPD patients পরিষেবা দিচ্ছেন না। আবার অনেক ক্ষেত্রে স্বাস্থ্য দফতরের বিল সংক্রান্ত স্পষ্ট নির্দেশিকা থাকা সত্ত্বেও ট্রেজারীগুলি নানা কারণ দেখিয়ে বিল আটকে দিচ্ছে। তাই সমিতি মাননীয়া মুখ্যমন্ত্রী ও মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে আবেদন জানাচ্ছে– WBHS Portal-এ নথিভুক্ত ডাক্তারবাবুরা কারা OPD এবং IPD তে WBHS দেখেন, তা প্রত্যেকটি HCO থেকে নতুন করে খোঁজ নিয়ে WBHS Portal-এ Doctor List Update করার এবং ট্রেজারীগুলি যাতে স্বাস্থ্য দপ্তরের নির্দেশিকার বাইরে WBHS বিলে অযৌক্তিক আপত্তি দিয়ে কর্মচারীদের হয়রানি না করে, সেটা দেখা। আগে WBHS Portal -এ "May I Assist You" নামক সাহায্যকারী অংশ ছিল, সেটি পুনরায় চালু করার আবেদন জানাচ্ছে সমিতি। আর WBHS -এর পরিষেবা পেতে সমস্যায় পড়া সরকারী কলেজ শিক্ষক ও শিক্ষাকর্মী বন্ধুদের সঠিক দিশা দেখিয়ে দ্রুত সাহায্য করতে বিকাশভবনে একটি সক্রিয় বিভাগ এবং General Complaint Helpline চালুর আবেদন জানাচ্ছে সমিতি। C-Zone এ Empaneled Healthcare-এর সংখ্যা অনেক কম, তা বাড়ানোর আবেদন জানাচ্ছে সমিতি। আর কিছু জটিল ব্যয়বহুল চিকিৎসার খরচ IPD Cashless -এর নির্দিষ্ট সীমা ২ লক্ষ টাকা যা পর্যাপ্ত নয়। তাই সেগুলিকে "বিশেষ তালিকাভুক্ত" করে শুধুমাত্র সেগুলির জন্যেই ২ লক্ষের Cashless -এর সীমা বাড়ানোর আবেদন জানাচ্ছে সমিতি।

● পূর্বে মাননীয় শিক্ষা অধিকর্তা পদাধিকার বলে শিক্ষা দপ্তরের সচিবের পদমর্যাদা পেতেন। সেটিকে পুনর্বহাল করার অনুরোধ জানাচ্ছে সমিতি।

● রাজ্যের সরকারি কলেজে কর্মরত লাইব্রেরিয়ানদের জন্য একটি Joint DPI পদ সৃষ্টি এবং সরকারি কলেজ লাইব্রেরিয়ানদের মধ্য থেকে ঐ পদ পূরণ করার দাবী জানাচ্ছে সমিতি। সরকারি কলেজের গ্রন্থাগারের জন্য কোনো স্টাফ প্যাটার্ন নেই, অথচ সরকার পোষিত বা স্পনসর্ড কলেজের জন্য স্টাফ–প্যাটার্ন তৈরী হয়েছে। অবিলম্বে সরকারী কলেজের গ্রন্থাগারগুলিতে অনুরূপ স্টাফ প্যাটার্ন তৈরি এবং তা পূরণ করার দাবি জানাচ্ছে সমিতি।

● সরকারী কলেজগুলিতে লাইব্রেরী সামগ্রী ( Books, Journals ইত্যাদি) Procure বা ক্রয় করার জন্য কোন নির্দিষ্ট নির্দেশিকা নেই। অবিলম্বে বিশ্ববিদ্যালয়গুলির জন্য থাকা (15% Discount) ( No. 862 - Edn. (U)/HED-1 2011 (20)/6/2019-UNV SEC-Dept. of HE, dt. 30.07.2019) নির্দেশিকা সরকারি কলেজের জন্য চালু করার আবেদন জানাচ্ছে সমিতি।

● গত ৭/১২/২০১৭ তারিখ থেকে যে নিয়মাবলী অনুসারে সরকারি কলেজে পদোন্নতির (CAS) ব্যবস্থা বর্তমান, তা জটিল এবং প্রান্তিক ও দূরবর্তী কলেজগুলির শিক্ষকদের পক্ষে উক্ত নিয়মানুসারে পদোন্নতির ক্ষেত্রে বাধা সৃষ্টি হচ্ছে। এই পরিস্থিতি বিবেচনা করেই UGC

৪১তম বার্ষিক সম্মেলন

পরবর্তী আদেশনামায় ২০১৮-তে কলেজ-বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের পদোন্নতির নিয়মাবলী অনেকটাই শিথিল

করেছে। তাই সরকারি কলেজের শিক্ষকদের পদোন্নতির স্বার্থে রাজ্য সরকারের উচ্চ শিক্ষা দফতরের কাছে আমাদেরসমিতির সবিশেষসবিনয়অনুরোধ যে ,এই বিষয়ে ম্যাচিং অর্ডার দ্রুত যাতে প্রকাশিত হয় সেটা দেখা। এটার কারণে সরকারি কলেজের অনেক অধ্যাপক-অধ্যাপিকাদের পদোন্নতি আটকে আছে।

● বিভিন্ন নতুন ও পুরাতন কলেজের নাম সরকারি বিভিন্ন দলিলে ভিন্ন ভিন্ন আছে। তাই ভবিষ্যতে জটিলতা এড়াতে কলেজগুলির একটি নির্দিষ্ট নাম দেওয়ার আবেদন জানাচ্ছে সমিতি।

● সরকারি কলেজের শিক্ষক ও লাইব্রেরিয়ানেরা বিশ্ববিদ্যালয় বা অন্যত্র আবেদন করার ক্ষেত্রে যেন প্রয়োজনমত লিয়েন ও NOC পান এবং গবেষণাকার্যের জন্য সরকারী নির্দেশনামা ( WBSR-I, Chapter XVI, Appendix No. 5, Rule No.-5) অনুযায়ী "Study Leave" পান, সে বিষয়ে উচ্চ শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পাশাপাশি, কলেজের অধ্যাপক সহ লাইব্রেরিয়ানরা যেন UGC recommended short Term Course-এ অংশগ্রহণ করার জন্য 'On Duty'পান, সে বিষয়ে মাননীয় মন্ত্রী মহাশয়ের মানবিক হস্তক্ষেপ প্রত্যাশা করছে সমিতি।

● বহু সরকারি কলেজের প্রিন্সিপাল, 'প্রফেসর' ( WBSES) পদগুলি দীর্ঘদিন ধরে খালি পড়েআছে। সাম্প্রতিক সময়ে সরকারি

কলেজে প্রিন্সিপাল নিয়োগের জন্য রাজ্য সরকারকে ধন্যবাদ জানিয়েও এ কথা বলতে বাধ্য হচ্ছি যে, চাহিদার তুলনায় তা অতি স্বল্প। তাছাড়া 'প্রফেসর' ( WBSES) পদগুলিতে নিয়োগ বহুদিন যাবৎ বন্ধ রয়েছে। সরকার যেন অবিলম্বে এই বিষয়ে পদক্ষেপ করেন, সে বিষয়ে মাননীয় উচ্চশিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। উপরন্তু নতুন অনেকগুলি সরকারি কলেজ স্থাপিত হওয়ায়, রাজ্য সরকার নতুন নতুন 'প্রফেসর' পদ সৃষ্টিতে সক্রিয় হবেন, এই আশা রাখছে সমিতি।

● Higher Secondary Council, Madhyamik Board, West Bengal State Book Board-এর চেয়ারপার্সন ইত্যাদি পদে যেভাবে সরকারি কলেজের অধ্যাপকদের নিয়োগ করা হতো, তা পুনর্বহাল করার আবেদন জানাচ্ছে সমিতি। উপরন্তুপাবলিক সার্ভিস কমিশনের সদস্যরূপে সরকারি কলেজের অধ্যাপকদের পুনর্বহাল করারও আবেদন জানাচ্ছেসমিতি।

● নতুন কয়েকটা সরকারি কলেজ স্থাপনের জন্য দক্ষিণ ২৪ পরগণা (KMC এর বাইরে), হাওড়া, বীরভূম, মালদা ও মুর্শিদাবাদ জেলাকে প্রাধান্য দেওয়ার অনুরোধ জানাচ্ছে সমিতি।

● এদেশে শিক্ষা আন্দোলনের অগ্রণী ব্যক্তিত্ব ডেভিড হেয়ার ট্রেনিং কলেজের বিলুপ্তি ঘটেছে। তাঁরই নামে কলকাতার কাছাকাছি একটি নতুনসরকারি বি.এড. কলেজ স্থাপনের প্রস্তাব রাখছে সমিতি। এবং নতুন একটি Govt. Art & Craft College খোলার প্রস্তাব রাখছে সমিতি।

● অধ্যক্ষ পদে সরকারি কলেজের শিক্ষকদের নিয়োগের বর্তমানে চালু থাকা ৫৫ বছর বয়সের ঊর্ধ্বসীমা উত্তোলন করার দাবি জানাচ্ছে সমিতি।

● লোকসভা, বিধানসভা, পুরসভা, পঞ্চায়েত প্রভৃতি নির্বাচনে সরকারি কলেজ শিক্ষকদের পদের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ দায়িত্ব দেওয়া হোক। এই প্রসঙ্গে উল্লেখ করা যেতে পারে যে, বিগত নির্বাচনগুলিতে বহুক্ষেত্রে অধ্যাপকদের ভোটকেন্দ্রে ডিউটি করতে বাধ্য করা হয়েছে,যাকেন্দ্রীয় নির্বাচন কমিশনের নির্দেশনামাও মাননীয় ন্যায়ালয়ের পর্যবেক্ষণের পরিপন্থী। এই বিষয়টি ভবিষ্যতে সরকারের পর্যবেক্ষণে থাকবে - এই আশা রাখছে সমিতি।

ছাত্রছাত্রীদের স্বার্থে সমিতির ভাবনা:

বর্তমানে আমরা দেখতে পাচ্ছি নানা কারণবশতঃ গতানুগতিক শিক্ষাপদ্ধতি থেকে একটা বড় অংশের ছাত্রছাত্রী বিমুখ হচ্ছে এবং তারা যান্ত্রিক ও প্রযুক্তির ব্যবহারের দিকে বেশিআকর্ষিত হচ্ছে যা যুগোপযোগী ও স্বাভাবিক। মাননীয়া মুখ্যমন্ত্রী মহাশয়া তাদের চাহিদার প্রতি সহানুভূতিশীল হয়ে ট্যাব কেনার অর্থ প্রদানের ব্যবস্থা করেছেন। তাই সমিতির প্রস্তাব সরকারি কলেজগুলিকে "Free Wi-fi Zone" করার জন্যে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করে ছাত্র-ছাত্রীদের চাহিদাকে গুরুত্ব দিয়ে যদি তাদেরকে আরও কলেজমুখী করা যায়আর তাদের চাহিদারদিকে তাকিয়ে সরকারি কলেজগুলিতে Nutrition, Computer Science, Physical Education, Sociology প্রভৃতির মতো বিষয় ও চাকরিমুখী কোর্স খোলার আবেদন জানাচ্ছে সমিতি। AI প্রযুক্তির সাহায্যও সরকারি কলেজ গুলোযাতে নিতে পারে সেই দিকটার দিকে সরকারের নজরে আনতে চায় সমিতি।

ছাত্র ছাত্রীদের জন্য পৃথক ছাত্রাবাসের গুরুত্ব সমিতির নজরে এসেছে। বিশেষ করে C ও D জোন ভিত্তিক কলেজ গুলোতে সরকারি উদ্যোগে এমন ব্যবস্থা চালু হলে অনেক গরীব অথচ মেধাবী শিক্ষার্থী ভবিষ্যতে সুপ্রতিষ্ঠিত হবার সুযোগ পাবে।

সম্মাননীয় মন্ত্রী মহোদয়কে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাই -তাঁর ঐকান্তিক উদ্যোগ ও প্রচেষ্টায় কলেজে স্নাতক স্তরে শিক্ষার্থীরা স্বচ্ছতার সাথে, সহজে এবং দ্রুত ভর্তি হতে পেরেছে, এবং বিগত শিক্ষাবর্ষ ২০২৪ থেকে অভিন্ন কেন্দ্রীয় পোর্টালের (সেন্ট্রালাইজডঅ্যাডমিশন পোর্টাল) ব্যবস্থাপনা করা হয়েছে এবং সরকারি কলেজে শূন্যপদ পূরণে উদ্যোগী হয়ে পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে অতি সম্প্রতি অধ্যাপক নিয়োগ করা হয়েছে।

বিগত ২০২২ থেকে রাজ্য সরকার অন্তর্ভুক্তিমূলক শিক্ষার ওপর গুরুত্ব আরোপ করে শিক্ষার্থীদের জীবনে দক্ষতা বৃদ্ধি এবং সার্বিকভাবে শিক্ষালাভকে আনন্দদায়ক করে তোলার লক্ষ্যে রাজ্যজুড়ে নতুন বর্ষের শুরুতে (জানুয়ারিতে) প্রতিটি স্কুল ও কলেজে 'স্টুডেন্টস উইক' (শিক্ষার্থী সপ্তাহ) কর্মসূচী পালনের যে মহতী আয়োজন করে আসছেন তার জন্য কৃতজ্ঞতা জ্ঞাপন করি।

## ৪১তম বার্ষিক সম্মেলন

সম্প্রতি কলেজ সার্ভিস কমিশনের মাধ্যমে স্বচ্ছতার সাথে কেন্দ্রীয়ভাবে যোগ্যতর প্রার্থীদের সরকারি সহায়তাপ্রাপ্ত কলেজে শিক্ষাকর্মী নিয়োগ করার জন্য সম্মাননীয় মন্ত্রী ও উচ্চশিক্ষা দফতরকে ধন্যবাদ জানাই।

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষার শুদ্ধতা বজায় রাখতে ইউনিককিউ আর কোডের ব্যবহার করে যেভাবে অসাধু চক্রের প্রশ্নফাঁসের সমস্যার সমাধান করা হয়েছে তার জন্য সম্মাননীয় মন্ত্রী ও স্কুলশিক্ষা বিভাগকে অভিনন্দন ও সাধুবাদ জানাই।

দীর্ঘ জটিলতার সমাধান করে ২০১৭-এর টেট উত্তীর্ণ প্রায় দশ হাজার প্রার্থীদের (৯৫৫৩) প্রাথমিক শিক্ষক রূপে নিয়োগ করার জন্য সম্মাননীয় মন্ত্রী ও শিক্ষা দফতরকে কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করি।

সুধী,

প্রতিবেদনের অন্তিমে এসে আমি অকুন্ঠ অভিনন্দন জানাতে চাই আমাদের সাধারণ সদস্যদের, যারা ব্যক্তিগত পাওয়াওনা

পাওয়ার দ্বন্দ্বকে দূরে সরিয়ে রেখে বিগত বছরগুলোর মতো এবছরও নিঃস্বার্থভাবে সমিতির পাশে থেকেছেন। আপনারাই সমিতির মূল চালিকা শক্তি এবং কেবলমাত্র আপনাদের কাছেই সমিতি দায়বদ্ধ। আমি বিশেষ ভাবে ধন্যবাদ জানাই বিভিন্ন কলেজ ইউনিটের সম্পাদক-সম্পাদিকা বন্ধুদের, যারা নানাপ্রকার বিরুদ্ধতাকে অতিক্রম করে, নানা কুৎসা ও অপপ্রচারের জাল ছিন্ন করে সমিতির জয়পতাকা ঊর্ধ্বে তুলে রেখেছেন। আপনাদের ঐকান্তিক প্রচেষ্টাতেই আজ নিখিল বঙ্গ রাজ্য সরকারি কলেজ শিক্ষক সমিতি সরকারি মহাবিদ্যালয়ে কর্মরত অধ্যাপক-অধ্যাপিকাদের সর্ববৃহৎ সংগঠনে পরিণত হয়েছে। বন্ধু! একতাই বল আর সংঘবদ্ধ থাকাটাই জীবন। যেভাবে প্রত্যহ যে কোনো সমস্যায় আপনারা নির্দ্বিধায় সাহায্যের হাত বাড়িয়েদিয়েছেন, তা নিঃসন্দেহে সমিতির উজ্জ্বল ভবিষ্যতের পাথেয় হয়ে থাকবে ও সেই তা সমিতির কেন্দ্রীয় নেতৃত্বকে কাজে আরো যত্নবান হয়ে উঠতে সাহায্য করবে। বিগত বছরে, বিশেষতঃ সমিতির তরুণ অধ্যাপক-অধ্যাপিকাবন্ধুগণ সমিতির কাজে প্রতিনিয়ত অনেকটা সময়ব্যয় করেছেন সেই সঙ্গে অনেক প্রবীণ অবসরপ্রাপ্ত সদস্যগণও অভিজ্ঞতার ঝুলি উজাড় দিয়েকঠিন সময়ে সমিতিকে সঠিক পথের দিশা দেখিয়েছেন, তাঁদের সকলের কাছে সমিতি কৃতজ্ঞ। সকলের ঐকান্তিক প্রচেষ্টায় সমিতি আরো শক্তিশালী, সক্রিয় ও গতিশীল হয়ে উঠুক-এই আশা রেখে অভ্যাগত সুজন-সুহৃদ শিক্ষক-শিক্ষিকা বন্ধুদের শুভেচ্ছা, অভিনন্দন এবং ধন্যবাদ জানিয়ে নিখিল বঙ্গ সরকারি কলেজ শিক্ষক সমিতির দীর্ঘায়ু কামনা করে বার্ষিক প্রতিবেদন পাঠ এখানেই শেষ করছি।

নিখিল বঙ্গ সরকারি কলেজ শিক্ষক সমিতির দীর্ঘায়ু কামনা করি।

সাধারণ সম্পাদিকা

গীতাঞ্জলি কালচারাল কমপ্লেক্স অডিটোরিয়াম

বোলপুর

তারিখ : ৩০ মার্চ , ২০২৫

**All Bengal State Govt. College Teachers' Association**
GOENKA COLLEGE, 210, B.B. GANGULY STREET, KOLKATA-700012

## DRAFT RESOLUTION TO BE PLACED AT THE 41st ANNUAL CONFERENCE TO BE HELD ON 30th MARCH, 2025

I Welcome all our dear members, friends, colleagues and distinguished guests of education to the 41st Annual General Conference of the All Bengal State Government College Teachers Association (ABSGCTA). I present to you, as the elected representative of the association, the draft of annual report for the year 2024-25.

All Bengal State Government College Teachers' Association was established at a historical juncture of twentieth century. In a highly authoritarian situation in the field of education, this association was established to present the petitions and demands of the professors of government colleges to the government through a democratic method. The path that started in the past, with the commitment to walk collectively, has become much stable. We have no hesitation in saying that this path has been much smoother under the tutelage of the versatile educationist, professor and playwright shri Bratya Basu. After once again adorning the post of the Honorable Education Minister, Shri Basu with all his encouragement and guidance supports the All Bengal State Government College Teachers' Association to take various positive steps in the field of education. On behalf of the association, I express my sincere gratitude to MIC Sir for the way in which this association has received his positive cooperation and support directly and indirectly.

We present the details of the activities of our Teachers' Association during the past year for the consideration and approval of the members:

Every Thursday from 4 pm at the registered office of the association at Goenka College, various issues related to education and teachers are discussed regularly in the presence of the general secretary, president and members. The association is continuously trying to listen to the problems of the members in a democratic environment, find ways to resolve them and bring them to the attention of the Higher Education Department and the State Government.

This year, the members of the central committee of the association have visited many colleges and listened to the various problems of the members of those colleges-units and are trying to bring them to the attention of the Higher Education Department and the State Government. The association will definitely visit other government colleges in near future and listen to the problems of the members and colleges and will take appropriate steps to solve them.

## ৪১তম বার্ষিক সম্মেলন

To encourage our members and friends in their research and to provide them with an opportunity to publish their research papers, this year too, like every year, the association has published a new issue of the PR-reviewed Academic Journal (ISSN-2348-3849) named 'MANAN'.This journal has been enriched with the writings of learned professors. Special thanks are extended to the editorial board of 'Manan' journal at the 41st Annual Conference. In this context, it may be mentioned that the issues of 'Manan' journal are stored in a special place on the association's website, and interested readers can search for them if they wish.

To support the humanitarian work of the Hon'ble Chief Minister and the State Government, the Samiti has been able to support about 200 families by donating 1 lakh rupees as flood relief in Ghatal sub-division of Paschim Medinipur district last year. The association provided food, tarpaulin and other essential items to the distressed and helpless people. With your support, the Samiti will continue such humanitarian efforts in future as well.

Under the visionary leadership of Mamata Banerjee, Hon'ble Chief Minister, West Bengal, the Department of Higher Education, through West Bengal State Council of Higher Education, introduced Centralised Admission Portal from 2024-2025 academic session considering the need of uniformity and transparency in the admission system in all Colleges and Universities throughout the state. Association would like to thank and express our gratitude to the Honorable Chief Minister and Education minister due to their dedicated efforts to open Centralized Admission Portal through which students from remote areas got admission in their preferred college with transparency, ease and speed.

113 Assistant Professors in 19 different subjects under WBES have been recruited in the academic year 2024-25 in Government Colleges through Public service Commission. Among them 107 have been joined in different Colleges till date. Association again states sincere acknowledgement to our MIC sir for these new appointments.

We thank our Honorable MIC Sir and the Higher Education Department for the recent transparent recruitment of qualified candidates centrally through the College Service Commission as teaching staff in government-aided colleges.

We congratulate and applaud our Honorable MIC Sir and the School Education Department for the way in which the problem of question leakage by dishonest groups has been solved by using unique QR codes to maintain the integrity of the secondary and higher secondary examinations.

We express my gratitude and thanks to our Honorable MIC Sir and the Education Department for resolving the long-standing complications and appointment of ninethousand five hundred fifty three candidates (9553) who passed the 2017 TET as

primary teachers.

Since the lockdown, the transfer of professors of government colleges had been stuck for various reasons. The association expressed its utmost gratitude and thanks to the Hon'ble Education Minister for fulfilling the long-standing demand of the association by publishing the transfer list of almost all subjects. The files for confirmation and promotion of many professors of government colleges were stuck; the association expresses its sincere gratitude to the MIC Sir for responding to the request of the association and taking positive steps in this regard.

The association congratulates and thanks the Honorable Chief Minister for recently announcing a 4 percent DA and increasing it to 18 percent DA from April 1, 2025.

The All Bengal State Government College Teachers Association strongly protests and opposes the provisions proposed by the UGC in Draft Regulation, 2025 to maintain the standards of higher education and the minimum qualifications for appointment and promotion of professors and academic staff in universities and colleges. In its own assessment, the proposed changes are one-sided, unethically curtailing the essential role and immense contribution of the states in higher education, and at the same time, they are well-planned to undermine the federal structure and to pave the way of excessive centralization. The association believes that the proposal to curtail the rights of the state government in the appointment of the Vice-Chancellors of universities and to give exclusive [10.1.(iv, vii, viii)] control to the Chancellor, i.e. [in most cases] the Governor, is not acceptable in principle. Incidentally: It may be noted that in 1983, the Hon'ble Justice R. S., ?The Sakarya-led commission? also accepted the criticism of the exclusive power of the Governor as Chancellor in their report. Similarly, the proposal to appoint ?non-academic? persons as Vice-Chancellors [10.1. I (iii)] is also devoid of substance and short-sighted, in which the attempt to ?politicize? the academic field is clear. The trend of one-dimensional centralization, ignoring the vibrant and dynamic scope of talent and intellectual excellence that is observed at the state level, built on the foundation of diversity and pluralism, is evident in the various umbrellas of the said central draft regulation. In this context, the association demands that the controversial proposals be withdrawn by reviewing the UGC Regulations, 2025 in collaboration with the states. Above all, the association demands the speedy implementation of the logical and much-desired step taken in the Legislative Assembly on June 13, 2022, to appoint the Hon'ble Chief Minister as the 'Chancellor' of the State Universities [West Bengal University Laws (Amendment) Bill, 2022].

However, the association has some expectations from the current government. We would like to draw the attention of the Honorable Minister of Higher Education and the State Government to those issues:

The problems that the association has seen after visiting various colleges recently are that there is a huge infrastructure deficiency in newly established government colleges in rural areas. Many colleges do not have sufficient classrooms. Many departments do not have their own departmental rooms. There is no proper playground and there is no alternative arrangement for emergency power supply. Many colleges do not have Group-C, Group-D and UDC or there is a shortage of office staff. Since there is no librarian in many colleges, students are not able to exchange books regularly. Even if there is a gym centre somewhere, there is no staff to maintain them. There are no Lab Assistants in science departments. Many colleges do not have sufficient teachers in proportion to the number of students. Therefore, it is urgent to fill that gap through new appointments and transfers.

Since government colleges do not have any alternative sources of income, it is not easy to financially organize seminars, workshops and to collect publications like newspapers and magazines in the library. Therefore, there is a great need for separate allocation of funds by the state government in these sectors. In this context, it is worth noting that the Contingency Fund given to government colleges is not sufficient. Moreover, the use of Contingency Fund is limited in such a way that government colleges cannot meet their own deficits. All these problems are especially acute in colleges of C and D Zone. The central executive committee of the association, based on the experience of recent visits to various government colleges, would like to make this humble request to the Honorable MIC Sir that the Higher Education Department should pay attention to the infrastructure, staff shortage and financial aspects of the newly formed government colleges and should take appropriate positive steps.

The state government has introduced so many scholarships in a humanitarian manner to facilitate the path of higher education, due to which higher education is now open to students from all walks of life and classes of society. Financial constraints are no longer a barrier. For this, the association thanks the Hon'ble Chief Minister and the Higher Education Minister for their tireless efforts. But the association has observed one thing that many students are getting admitted to colleges just in the hope of getting the scholarship money, and once they get the money, they drop out of their studies. Therefore, the association is appealing - like the 'Swami Vivekananda Merit-cum-Means' scholarship, the government should not give the money for all the scholarships running in the higher education sector in a lump sum but in such a way that the students are enforced to complete the higher education course.

Many government colleges are in demand for area -based subjects.The association humbly requests the Higher Education Department to inquire colleges and introduce all those subjects. If this request is fulfilled, the students of that area will be benefited

immensely.

Association is expressing sincere gratitude and thanks for issuing transfer orders for so many subjects in government colleges.The association makes this humble request to the government to amend the Zone-based Service Rules of WBES (583 - Edn(A) Dated 15-06-2012). In fact, the association believes that zone determination based on Sealdah/ Howrah station is not appropriate in 2025. Zone determination should be fixed based on the permanent address of each person's residence with the help of Google Location or something like that. Therefore, the association is proposing to the Department of Higher Education - that every employee currently working at WBES be asked, through their college or current office, for the name of the nearest bus stand and railway station as per the residential address mentioned in their Aadhaar card. The Higher Education Department should save all the information related to how long the employee served in which college or office in WBES on the Banglar Uchchashiksha Portal and should take steps accordingly. However, the association also believes that since all aspects of the education system are changing according to NEP-2020, the transfer rules should be changed in line with that policy. Every professor should be given the opportunity to work for a long time in his/her own district or in a neighbouring district within a certain distance of his/her commutable distance, so that the teachers can give their best in the teaching profession and also can maintain their family and research-writing aspects properly. And if someone cannot be posted within his/her commutable distance due to teacher shortage, the maximum period for which he/she will have to serve should also be specified so that the employee can be given relief after some time through new appointments and transfers. However, the most urgent need is to change the concept of zones and formulate new transfer policy. The association humbly appeals to the Honorable Education Minister, Honorable Chief Minister and the Higher Education Department to take immediate action so that timely reforms can be made in these shortcomings of the service rules. If the Higher Education Department needs any assistance in this activity, the association is ready to cooperate with the government in every way.

There are several government colleges where professors have been asked to serve in two colleges simultaneously, where the distance between the two colleges is quite a lot. In such a situation, it is becoming impossible to do the duty in two colleges. Therefore, the association requests the Higher Education Department to exempt the professors from double duty.

Currently, under the supervision of the Honorable Chief Minister, government colleges have expanded in remote areas. Unfortunately teachers' accommodation or quarters have not been built in that regard. As a result, many teachers are facing housing problems. The association believes that if teachers' accommodation can be built along with the

newly built government colleges in remote areas, then the academic excellence of those colleges will increase to a great extent. Association expects positive steps from the Higher Education Department in this regard. In this context, the association's further observations are as follows:

The government needs to focus on rebuilding of the government quarters to make them habitable. In some cases, most of the houses in these residences have become unused haunted houses or their land is being illegally occupied. The reason for this is the failure to construct or renovate quarters on HRA basis. The association has deeply realized that the market rent is much lower than the money that has to be paid to the government as house rent to live in unsuitable accommodation of government quaters. That is why the teachers are very reluctant to go to the govt. residences. If the government makes good arrangements to consider the matter from a humane perspective, then the government will also get a lot benefit.

In this context, it is worth noting that if the long-term and complicated process currently in place to obtain government housing is simplified, many government college professors will be able to live in the quarters of government colleges.

The shortage of security guards is acute in government colleges. The association believes that security guards play a very important role in the maintenance of government property.

The West Bengal Health Scheme that is being implemented for the government employees of the state is really a very good scheme. Many employees have benefited immensely from this scheme. The association thanks the state government for that. The association once again appreciates the Hon'ble Chief Minister and the state government for recently increasing the limit of Cashless IPD Treatment from Rs. 1.5 lakh to Rs. 2 lakh (Order No. 92-F(MED)WB Dated 07/06/2023), which is really timely and commendable. However, the association has also learned from the members that sometimes they face various problems while taking the benefits of WBHS. For example, many doctors registered with WBHS, despite following the government guidelines, are not providing services to OPD/IPD patients even in hospitals/nursing homes registered with WBHS. Again, in many cases, despite the clear guidelines regarding bills from the health department, the treasuries are blocking the bills citing various reasons. Therefore, the association is appealing to the Hon'ble Chief Minister and Hon'ble Education Minister - to update the Doctor List on the WBHS Portal. The association is appealing to re-launch the "May I Assist You" section that was earlier on the WBHS Portal. The association is appealing to start a General Complaint Helpline in Bikash Bhavan to show the right direction to the friends who are facing problems in getting WBHS services. The association is appealing to increase the number of empanelled Healthcare in C-Zone. Further, specific limit of IPD

Cashless for some complex and expensive medical expenses is not enough. Therefore, the association is appealing to increase the limit of Cashless from 2 lakh for intricate diseases by “specially listing” them.

Earlier, the Honorable Director of Education used to get the rank of Secretary of the Education Department by virtue of office. The association is requesting to reinstate it.

● The association is demanding the creation of a Joint DPI post for librarians working in government colleges of the state and filling that post from the government college librarians.

There is no staff pattern for government college libraries, whereas a staff pattern has been prepared for government sponsored colleges. The association is demanding the immediate creation of a similar staff pattern for government colleges.

● There is no specific guidelines for procuring or purchasing library materials (Books, Journals etc.) in government colleges. The association is requesting to immediately introduce the (15% Discount) (No. 862 - Edn. (U)/HED-1 2011 (20)/6/2019-UNV SEC-Dept. of HE, dt. 30.07.2019) guidelines for government colleges.

The rule according to which the system of promotion (CAS) in government colleges is taking place since 7/12/2017 is complex and is creating obstacles for teachers of marginal and remote colleges in getting promotion according to the said rule. Considering this situation, the UGC has relaxed the rule for promotion of college and university teachers in the next order in 2018. Therefore, in the interest of promotion of teachers of government colleges, our association has made a special request to the Higher Education Department of the State Government to see the publication of matching order in this regard as early as possible.

The names of various new and old colleges are different in various government documents. Therefore, the association is requesting to give a specific name to the colleges to avoid complications in future.

We draw the attention of the Minister of Higher Education to ensure that teachers and librarians of government colleges get lien and NOC as required when applying to universities or elsewhere and get “Study Leave” for research work as per the government guidelines (WBSR-I, Chapter XVI, Appendix No. 5, Rule No.-5). In addition, the association expects the humanitarian intervention of the Honorable MIC Sir to ensure that college professors and librarians get ‘On Duty’ to participate in UGC recommended short term courses.

● The posts of Principal and ‘Professor’ (WBSES) of many government colleges have been lying vacant for a long time. Association thanks the state government for appointing

Principals in government colleges in recent times, till it is very less compared to the demand. Moreover, the recruitment to the posts of 'Professor' (WBSES) has been discontinued for a long time. We draw the attention of the Honorable Minister of Higher Education to ensure that the government takes immediate action in this regard. Furthermore, with the establishment of many new government colleges, the association hopes that the state government will be proactive in creating new 'professor' posts.

The association is requesting to reinstate the way in which government college professors were appointed to the posts of Higher Secondary Council, Madhyamik Board, West Bengal State Book Board Chairperson etc. The association is also requesting to reinstate government college professors as members of the Public Service Commission.

● The association is requesting to give priority to South 24 Parganas (outside KMC), Howrah, Birbhum, Malda and Murshidabad districts for setting up a few new government colleges.

● David Hare Training College, a leading figure of the education movement in this country, has been abolished. The association is proposing to establish a new government B.Ed. College in his name near Kolkata. Moreover, the association is proposing to open a new Govt. Art & Craft College.

● The association is demanding to raise the current upper age limit of 55 years for the appointment of government college teachers to the post of Principal.

● Government college teachers should be given responsibilities commensurate with their posts in elections to Lok Sabha, Vidhan Sabha, Municipality, Panchayat etc. It may be mentioned in this context that in the past elections, in many cases, professors have been forced to do duty at polling stations, which is against the instructions of the Central Election Commission and the observations of the Hon'ble Court. The association hopes that this matter will be under the observation of the government in the future.

The association's thoughts for the benefit of students:

Currently, we can see that due to various reasons, a large number of students are turning away from the traditional education system and they are more attracted towards the technology based learning. The Honorable Chief Minister, being sympathetic to their needs has arranged funds for the purchase of tabs. In this regard association?s proposal is to allocate necessary funds to make government colleges as"Free hotspot Zones"which can make the students more College oriented. Looking at their needs, the association is appealing to open subjects like Nutrition, Computer Science, Physical Education, Food Processing, Sociology and various job-oriented courses in government colleges. The association also wants to bring to the attention of the government so that government colleges can take the help of AI technology.

The importance of separate hostels for male and female students has come to the notice of the association. If Hostels are established by the government, especially in remote rural colleges, many poor but talented students can pursue education who might otherwise be unable to do so due to distance, safety concerns, or lack of resources.?

Sudhi,

At the end of the report, I would like to express my sincere congratulations to our members, who, putting aside the conflict of personal gain, have selflessly stood by the association this year as in the past years. You are the main driving force of the association and the association is responsible only to you. I especially thank the unit secretaries of various college units, who have overcome various types of opposition and the web of various slander and propaganda to raise the banner of victory of the association. Due to your tireless efforts, today the All Bengal State Government College Teachers Association has become the largest organization of professors working in government colleges. Friends! Unity is strength and being united is life. The way you have extended your helping hand in any problem will undoubtedly be the path to the bright future of the association and that will help the central leadership of the association to become more careful in its work. In the past year, especially the young professors and teachers of the association have spent a lot of time in the work of the association, along with many senior retired members and those who have shown the right path to the association in difficult times by opening their pockets of experience, the association is grateful to all of them. With the hope that the association will become stronger, more active and dynamic with the sincere efforts of everyone, I conclude the annual report here by wishing the long life of the All Bengal Government College Teachers? Association with greetings, congratulations and thanks to the teachers.

Place: Gitanjali Cultural Complex Auditorium
Date: 30th March, 2025.

General Secretary
ABSGCTA

# আপনাদের কলমে

# ।। ভয়ে জুজু তাই জুজুর ভয় ।।

ডঃ শ্যামসুন্দর কুণ্ডু

কখনও কখনও ছোট ছোট ছেলেমেয়েরা ছোটখাটো দুষ্টুমি করলে বাড়ীতে বড়রা তাদের সাবধান সতর্ক করে দেবার জন্য বলে ফেলে 'জুজু' ধরে নিয়ে যাবে, তাই দুষ্টুমি না করলেই ভালো। আজ থেকে প্রায় ত্রিশ বছর আগে আমারই আত্মজ এমন কথা শুনে চুপ করে থেকে হঠাৎ প্রশ্ন করে বসে—'বাবা জুজু কে?' আমিও হতভম্বের মতো ভয় পাই, কেননা সঠিক উত্তর তখন আমারও জানা ছিলো না, অথচ আমার ছোটবেলাতেও এমন সাবধান বাণী আমাকেও শোনানো হয়েছিল; কিন্তু পাল্টা প্রশ্ন করে জেনে নেওয়া হয়নি আমার অভিভাবকদের কাছে। ভয়ে অথবা তাঁকেই 'জুজু' বলে সামনে দেখে চুপ করে থাকতাম, নিজেকে শুধরে নিতাম। কারণ অভিভাবক যখন আমার পিতৃদেব, এবং ঐ অঞ্চলের প্রথম গ্র্যাজুয়েট, পাশ করে কলকাতা বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী নিয়ে বাড়ী ফেরার পরে শুনেছি বহু লোক ভেঙ্গে পড়েছিলো তাঁকে শুধু দেখতে। পরবর্তীকালে 'ইউনিয়ন বোর্ডের' প্রেসিডেন্ট পদে থাকা কালীন বহু মানুষ বাড়ী আসতেন নানা প্রয়োজনে, অপেক্ষা করতেন একটি সই/চিঠির প্রত্যাশায়। তিনি সে সরকারী হাসপাতালে ভর্তি বা সরকারী অন্য কোন প্রয়োজনে; তিনিও এলাকার মানুষজনকে সাধ্যমত সাহায্য করতেন অকাতরে। ভাবতাম এই ভয় দেখানো 'জুজু'কে নিশ্চয়ই পিতৃদেব জানেন, পরে কখনও সময়মত জেনে যাবো বা জেনে নেবো। তাঁর কর্ম্মব্যস্ত জীবনে সে সুযোগ আর হয়ে ওঠেনি। পরেও আর সুযোগ হয়নি; কিন্তু আত্মজ-র এই প্রশ্ন আমাকে বেশ ভাবিয়েছে, চেয়েছি এই 'জুজু'-র নাম করে বাঙলাদেশে যত জন এই 'জুজু'-র নাম নিয়ে বাচ্চাদের সাবধান বাণী শোনান, সম্ভবত অনেকেই আমরা জানি না—এই অভ্যাসের উৎস কোথা থেকে এল। এ গল্প কিন্তু আকাশ থেকে পড়েনি বা বিদেশ থেকে আসেনি, অন্য অনেক লোক-কথার উৎস হিসাবে।

আমি নিজে তথ্যবিজ্ঞানের ছাত্র, তথ্য নিয়ে কাজ করি, কোনরকমে পাশ কাটিয়ে চলে যাওয়া আমার পোষায় না, যুক্তিকে বাধা দেয়, নিজেই নিজেকে অপরাধী ভাবি। আবার আমার পছন্দের বিষয় হল প্রাচীন ভারত। সেখানকার লোক পরম্পরাগত প্রাপ্ত জ্ঞান নিয়ে কী সব অপূর্ব ধ্যান ধারণা ছিল, তা নিয়ে চর্চা করা। আবার গল্প সাহিত্য নিয়ে ভাবতে বেশ ভালো লাগে। এ নিয়ে একটা স্বতন্ত্র ধারা তৈরী করা হয়েছিল—সে 'মহাভারত'-ই হোক, হোক 'রামায়ণ' বা 'পঞ্চতন্ত্র', 'বেতাল পঞ্চবিংশতি', দ্বাত্রিংশৎ পুত্তলিকা, অথবা পুড়িয়ে ফেলা (লেখক নিজেই এইকাজটি করেন বলে জনশ্রুতি) 'বৃহৎকথা'-ই হোক। 'মহাভারত' যদি এক লক্ষ শ্লোকে রচিত হয়ে থাকে তাহলে 'বৃহৎ কথা' রচিত হয়েছিল দশলক্ষ শ্লোকে; বোধ হয় প্রতিস্পর্ধী হিসেবে ব্যাসদেব গণেশকে ডিঙ্গিয়ে যেতে। পেরেওছিলেন লেখক গুণাঢ্য, কিন্তু রাজ অনুগ্রহ না পাওয়াতে গহন বিন্ধ্যারণ্যে পুড়িয়ে ফেলেন রচনাটি। তবে তার গল্পগুলো পাওয়া যায় কিছু কিছু— 'বৃহৎকথামঞ্জুরী' (রচনাকার ক্ষেমেন্দ্র), 'কথাসরিৎসাগর' (রচনাকার সোমদেব) ইত্যাদিতে। পৃথিবীতে এক লক্ষ শ্লোকে রচিত মহাকাব্য যেমন এ যাবৎ আর কোথাও পাওয়া যায়নি (রামায়ণের শ্লোক সংখ্যা ২৪ হাজার) তেমনই দশ-লক্ষ শ্লোকে রচিত 'বৃহৎকথা' পাওয়া গেলে—ভারতবাসীরা না

জানি আরও কত খুশী হতেন।

যাইহোক সংস্কৃত ভাষায় রচিত যে সব নামগুলি বলা হল বৌদ্ধ ও জৈন ধর্মাবলম্বী মানুষজনও মানুষের জন্য রেখে গেছেন তাঁদের অভিজ্ঞতালব্ধ ধ্যান-ধারণা দিয়ে গল্পচ্ছলে বলা অমূল্য সব রচনা। [যদিও আমরা সে সব মন দিয়ে পাড়ি না, তাই অনেক কিছু জানি না, যেমন 'জুজুর ভয়' নিয়ে লিখতে বসা এখনকার এই রচনা।]। এরকম করে পড়তে পড়তে যখন কারণে-অকারণে বৌদ্ধ-সাহিত্য পড়তে থাকি, তখন হঠাৎ করে হাতে আসে শ্রদ্ধেয় ঈশান ঘোষ মহাশয় কৃত 'জাতক' গল্পগ্রন্থের বাংলা অনুবাদের পুরো ছয় খণ্ডে সেটটি। প্রথমে 'করুণা প্রকাশনী' থেকে প্রকাশিত পরে 'মহাবোধী বুক এজেন্সী' থেকেও ২০১৯ সালে প্রকাশিত হয়। গল্পগুলো পড়তে পড়তে (প্রসঙ্গতঃ দুটি প্রকাশকের প্রকাশিত বই আমি পড়েছি) হঠাৎ একেবারে শেষ গল্পে এসে আমার আত্মজ-র প্রশ্নের উত্তর পেয়ে আমি অভিভূত হয়ে পড়ি এবং বলা ভালো কেঁদেই ফেলি। এই সেই জুজু'র গল্প, যেখানে ছেলে-মেয়েদের অকথ্য অত্যাচার তথা ভয় দেখানোর সূত্রটি বর্তমান। সম্ভবত গৃহস্থ মানুষ এই গল্পের খলনায়কের কথা শুনে অথবা জেনে ছোট-ছোট ছেলে-মেয়েদের ভয় দেখান, দুষ্টুমি করলে তাদের বিরত করেন। চলে যাওয়া যাক সেখানেই। তার আগে কয়েকটা জিনিসের দিকে পাঠকদের দৃষ্টি আকর্ষণ করতে চাই।

এই বাংলাদেশেই ছোট ছোট ছেলেমেয়েদের দুষ্টুমি থেকে বিরত করবার জন্য কেন 'জুজু'-র অজুহাত দেওয়া হয়? ভারতবর্ষের অন্য কোন প্রদেশে এই প্রথা আছে কিনা। সেখানে ছোট ছেলে-মেয়েদের সামলানোর জন্য অন্যভাবে কারও 'নাম' করে ভয় দেখানো হয় কিনা! এবার একটু ইতিহাসের দিক থেকে খোঁজ নেওয়া যাক।

রাজার ছেলে সিদ্ধার্থ, যাঁর রাজ্যপালন করবার কথা ভেবে, এতো প্রচেষ্টা শুদ্ধোদনের (জন্মদাতা পিতা) মা জন্ম দিয়েই দেহ রাখলেন, বড় হলেন গৌতমী-মাসীর কাছে। সুন্দরী স্ত্রী, সুন্দর পুত্র, সব ত্যাগ করে একদিন রাজপ্রাসাদ ছেড়ে বেরিয়ে পড়লেন জ্ঞানের খোঁজে, শুধু নিজের জন্য নয়, প্রতিটি মানুষের জন্য, প্রাণীর মুক্তির জন্য। পথে অনেক কষ্ট সয়ে, ত্যাগ স্বীকার করে অবশেষে সফল হলেন, জ্ঞানী হলেন, পরম সত্যকে জানলেন, 'বুদ্ধ' হলেন। সেই জ্ঞান প্রথমে সারনাথে প্রচার করলেন, ক্রমে সমস্ত দেশ, এমনকি দেশের বাইরে, যাকে 'বৃহত্তর ভারত' বলা যায়, একে একে সকলকে আকৃষ্ট করলো, তাঁর সেই অমোঘ উপদেশ বাণী—আন্দোলন পরিচালনা করার জন্যে তৈরী হল 'ধর্ম-চক্র-সংঘ'। শিষ্য-থেকে প্রশিষ্য-তাঁরা ছড়িয়ে পড়লেন দিকে দিকে। শুরু হলো সেই সমস্ত উপদেশ ধরে রাখার প্রচেষ্টা, সাহিত্যে, স্থাপত্যে, ভাস্কর্যে, শিল্পকলায়। ৮০ বছর বয়সে দেহ রাখলেন গৌতম-বুদ্ধ, কিন্তু থামলেন না তাঁর শিষ্যরা। তাঁর সফলতা, মাহাত্ম্য যে এক জন্মে তৈরী হয়নি, যুগ যুগ ধরে নানা জন্ম-জন্মান্তরে (এমনকি মনুষ্যেতর জন্মেও) নানা সৎকর্ম করে। সদ্ধর্ম আচরণ করে তিনি কোন এক পুণ্যলগ্নে জন্ম নিয়েছিলেন মাতা মায়াদেবীর গর্ভে, যেন মায়ায় আচ্ছন্ন না থেকে তাঁর সুকর্মে মানুষের মুক্তির পথ দেখাতে—এলেন, দেখালেন, এবং মোহময় মায়াময় জীবন কাটিয়ে ফিরে গেলেন ৪৮৩ খৃঃ পূর্বাব্দে। এই জন্মান্তরের গল্পগুলিকে লিখিত রূপে ধরা আছে জাতকের গল্পে, যেখানে শেষ জাতকটির নাম বিশ্বন্তর—জাতক, ঈশান ঘোষের গণনামত যার সংখ্যা ৫৪৭, তিনি অবশ্য Fausboll-মহোদয়ের সম্পাদিত সংস্করণ অবলম্বন করে এগুলি বাংলা ভাষায় অনুবাদ করেছেন, যাঁর ভূমিকা, রচনা করে দেন স্বয়ং রবীন্দ্রনাথ ঠাকুর।

ঐতিহাসিক তথ্য হিসেবে এটাও মনে রাখা দরকার, বৌদ্ধধর্মের সর্বশ্রেষ্ঠ প্রচারক হিসেবে মৌর্য সম্রাট অশোক-কে স্বীকার করতেই হবে, যাঁর রাজত্বের সময়কাল ২৭২-২৩২ খৃঃ পূর্বাব্দ বলে স্বীকৃত। একটিই যুদ্ধ করেন, 'কলিঙ্গ যুদ্ধ' বলে তাঁর লিপিতেই তিনি খোদাই করে গেছেন। এবং মজা হচ্ছে এই কলিঙ্গ-যুদ্ধ কোন রাজার

বিরুদ্ধে নয়, কারণ কোন রাজার নাম নেই , বরং বলা ভালো, সমগ্র কলিঙ্গবাসীগণ সম্রাট অশোককে বাধা দিয়েছিলেন। তাহলে হঠাৎ এই এলাকাতেই যুদ্ধ করতে গেলেন কেন সম্রাট? কারণটা সম্ভবতঃ তাম্রলিপ্ত বন্দর, যেখান থেকে বহু দূর পর্যন্ত সমুদ্রপথে বাণিজ্য চলতো। বন্দরে একচ্ছত্র আধিপত্য ছিলো কলিঙ্গবাসীদের এবং তাঁরা অত্যন্ত সমৃদ্ধশালী নগর গড়ে তুলেছিলো। হয়তো সম্রাটকে অবজ্ঞাও করতো, কোনরকম 'কর' না দিয়ে অথবা সামান্যটুকু দিয়ে। সেখান থেকে কি এই যুদ্ধের সূত্রপাত? হয়তো তাই।

আর একটা ধারণার দিকে দৃষ্টি আকর্ষণ করতে হয়। সেটা হল কলিঙ্গ-যুদ্ধের ভয়াবহতা দেখে এবং শুনে বাংলাদেশের মানুষ বাধ্য হয়েছিলো বৌদ্ধধর্ম গ্রহণ করতে; সম্রাট অশোকের ধর্মপ্রচারে অংশগ্রহণ করতে যা অশোকের লিপিতেই খোদাই করা আছে—'ভেরীঘোষ অহো ধর্ম্মঘোষ'। ক্রমে সমগ্র বাংলাদেশ বৌদ্ধ-ধর্ম গ্রহণ করেছিলো। এটা জানলে কেন বাংলাদেশেই ছোট ছেলে-মেয়েদের 'জুজু'র ভয় দেখানো হয়—এটা বুঝতে সুবিধা হয়।

এবার চলে যাওয়া যাক মূল কাহিনীতে। প্রথমে এই জাতকের নামকরণ নিয়ে দু'একটি কথা। 'বিশ্বন্তর-জাতক'-এর সংখ্যা ৫৪৭-এটা আগেই উল্লেখ করা হয়েছে। পালিভাষায় রচিত বেশিরভাগ বৌদ্ধসাহিত্য, তাই সেখানে শব্দটি হল 'বেস্‌সন্তর'। ঈশান ঘোষ মহোদয়ের টীকায় আছে "...বৈশ্য (বেস্‌স)—বীথিতে ভূমিষ্ঠ হইয়াছিলেন বলিয়া নায়কের নাম 'বেস্‌সন্তর'। কিন্তু জাতকমালায় 'বিশ্বন্তর' নাম গৃহীত হইয়াছে; বাঙ্গালাভাষা প্রধানতঃ সংস্কৃত ভাষার অনুগামিনী বলিয়া আমিও 'বিশ্বন্তর' শব্দই ব্যবহার করিলাম। যিনি বিশ্বকে ত্রাণ করেন এই অর্থে, 'বিশ্বন্তর' শব্দের অনুকরণে, 'বিশ্বন্তর' শব্দটি অসিদ্ধ নয়।" এ প্রসঙ্গে জাতকেই একটি জায়গায় বলা আছে—

"মাতৃকুল, কিংবা পিতৃকুল হতে　　করি নাই আমি স্বনাম গ্রহণ;
বৈশ্যবীথি মাঝে হইনু প্রসূত;　　নাম "বেস্‌সন্তর" মোর সে কারণ।"

মহাসত্ত্ব যেদিন জন্মগ্রহণ করেন, তখনই দান করবার ইচ্ছায় মাকে বলেন, "দান দিব, মা। কিছু আছে কি?" মায়ের উত্তর দিল "যত ইচ্ছা দান কর"—বলে অনুমোদন করেন। অর্থাৎ ছোট থেকে তাঁর এই অভ্যাস, দানের অভ্যাস গড়ে উঠে।

মহাসত্ত্বের বয়স হল আট বছর, তখন একদিন তিনি ভাবিলেন—

"ছিলাম বালক যবে,　　অষ্টবর্ষ বয়স্ যখন,
তখন (ই) প্রাসাদে বসি　　দান দিতে করিনু মনন।
করিলাম মনে স্থির,　　কেহ যদি চাবে মোর কাছে
চক্ষু-হৃৎপিণ্ড-মাংস,　　রক্ত আদি দেহে যাহা আছে,
তাহাও করিতে দান　　হইব না কাতর তখন।
এ দৃঢ় সংকল্প মোর　　ত্রিজগৎ করুক শ্রবণ।"

[এই গাথাগুলি থেকে অন্য একটা বিষয়ের দিকে দৃষ্টি আকর্ষণ করি। এই যে সময়ে সময়ে দেশে/জায়গায় জায়গায় রক্তদানের জন্য শিবির আয়োজন করা হয়, অথবা মরণোত্তর চক্ষুদান, হৃৎপিণ্ড বা শরীর থেকে মাংস-দান করার জন্য যে উৎসাহ দেওয়া হয় এবং সরকারী বা বেসরকারীভাবে অনুমোদন পেয়ে আয়োজন করা হয় সংগ্রহ করা হয়, যাতে অন্য কোন মানুষের শরীরে তা দান করা হয়—এ সবের উৎস বোধহয় এরকম গাথাগুলি, বা বলা যায় বৌদ্ধধর্মের আদর্শের মধ্যেই এগুলি নিহিত। এভাবেই পরম্পরাগতভাবে প্রাপ্ত জ্ঞান

মানবজীবনকে সুস্থির করেছে, অদৃশ্যভাবে যেন এই গাথা-গুলি থেকে প্রেরণা নিয়ে আজও এসব সুকর্ম্মে মানুষকে উদ্বুদ্ধ করেছে—ভালো কাজে জড়িয়ে দিয়ে নিশ্চিন্ত হতে পেরেছে। এগুলি বৌদ্ধধর্ম্মের ভেরতকার ব্যাপার, যা আর কোন ধর্ম্ম মানুষকে এই শিক্ষা দিয়েছে কিনা জানা নেই।]

গল্প এগিয়ে চলে। জাতকের অনুবাদক শ্রদ্ধেয় ঈশান ঘোষ—মহোদয়ের লেখা থেকে পাচ্ছি— 'বোধিসত্ত্বের বয়স যখন ষোড়শবর্ষ হইল। তখনই তিনি সর্ব্ববিদ্যায় ব্যুৎপত্তি লাভ করিলেন। তখন পিতা তাঁহাকে রাজ্য দান করিবার ইচ্ছা করিলেন। তিনি পৃষতীর সহিত মন্ত্রণা করিয়া মদ্ররাজকুল হইতে বোধিসত্ত্বের মাতুলকন্যা মাদ্রীকে আনয়নপূর্ব্বক তাঁহাকে ষোড়শ সহস্র রমণীর মধ্যে শ্রেষ্ঠাসন দান করিয়া মহাসত্ত্বের অগ্রমহিষী করিলেন। অতঃপর বোধিসত্ত্ব রাজপদে অভিষিক্ত হইলেন;.....।"

এখানেও কয়েকটি বিষয়ের দিকে পাঠকের দৃষ্টি আকর্ষণ করি। এক—'বোধিসত্ত্ব যে সর্ব্ববিদ্যায় ব্যুৎপত্তি লাভ করিলেন'—সে যুগে সর্ব্ববিদ্যা বলতে কী বোঝা যায় তার আলোচনা এখানে বিস্তৃতভাবে করা হয়নি। তবে বৌদ্ধ সাহিত্যের অন্য সূত্র থেকে সেটা পাওয়া যায়। যেমন বোধিসত্ত্বের জীবনী নিয়ে আর একটি গ্রন্থ পাওয়া যায়, যার নাম 'ললিতবিস্তর' এবং অশ্বঘোষ (কালিদাস পূর্ববর্তী যুগের খুব বিখ্যাত কবি যাঁকে কণিষ্কের সমসাময়িক বলে অনেকে মনে করেন; সেই অশ্বঘোষ রচিত 'বুদ্ধচরিতম্' হল গৌতমবুদ্ধের প্রামাণ্য জীবনী। দুই—হল সে যুগে মদ্রদেশের মেয়েদের পাত্রী হিসেবে অনেক রাজপরিবারের পছন্দ ছিলো। মহাভারতেও কুন্তী ছাড়াও পাণ্ডুর জন্য আর এক পাত্রী নির্বাচন করা হয়েছিলো, যাঁর নাম মাদ্রী, তিনিও মদ্রদেশের অভিজাত বংশের রমণী এবং স্বামীর সাথে সহমরণে গমন করেন।

তিন—জাতককার কিন্তু উল্লেখ করলেন যে মাদ্রী হলেন বোধিসত্ত্বের মাতুলকন্যা অর্থাৎ এরকমের বিবাহ-বন্ধন সে যুগে খুবই জনপ্রিয় ছিল, জাতকেরই অন্য অংশে সহোদর সহোদরা অর্থাৎ ভাই-বোনেও বিবাহ হয়েছে বলে নথিভূক্ত করা হয়েছে। এই নিয়ে পরে কখনও বিস্তৃত আলোচনা করা যাবে। গল্পের দিকে নজর দিই।

"কালক্রমে মাদ্রী দেবী এক পুত্র প্রসব করিলেন। তিনি ভূমিষ্ঠ হইলে তাঁহাকে কাঞ্চন-জাল দ্বারা ঢাকা দেওয়া হইয়াছিল বলিয়া তাঁহার নাম হইল জালিকুমার। তিনি যখন হাঁটিতে শিখিলেন, তখন মাদ্রী এক কন্যা প্রসব করিলেন। তাঁহাকে কৃষ্ণাজিন দ্বারা ঢাকা দেওয়া হইয়াছিল বলিয়া তাঁহার নাম হইল কৃষ্ণাজিনা।"

এদিকে কলিঙ্গরাজ্যে শুরু হল অনাবৃষ্টি, লোকে জীবনধারণে অসমর্থ, অতএব চুরি-বৃত্তিতে জড়িয়ে পড়ে। বিরক্ত, দুর্ভিক্ষপীড়িত জনসাধারণ রাজার কাছে এসে হাজির। নানাভাবে রাজাও অসমর্থ। তাই জনসাধারণের আবেদন—'জেতুত্তর নগরে সঞ্জয়রাজপুত্র বিশ্বন্তর দান করতে বদ্ধ পরিকর, তাঁর সর্বশ্বেত মঙ্গল হস্তীটি আনানো গেলে এ রাজ্যে বৃষ্টিপাত হবে, দুর্ভিক্ষ দূর হবে। প্রজাদের আবেদনে কলিঙ্গ রাজাও আটজন ব্রাহ্মণকে পাঠিয়ে দেন। যথারীতি বিশ্বন্তর যখন সেই মঙ্গলহস্তীর স্কন্ধে দানশালা পরিদর্শনে, তখন কলিঙ্গের ব্রাহ্মণরা তাঁকে আশীর্বাদ করে মঙ্গলহস্তী প্রার্থনা করেন সফলও হন। গাথায় আছে—

"সুদৃঢ়সঙ্কল্প দানে শিবির পালক
অবতরি গজবর-স্কন্ধ হতে তবে
করেন ব্রাহ্মণগণে সম্প্রদান তাহা।" [অনুবাদ—ঈশানচন্দ্র ঘোষ ]

এদিকে নগরবাসীরা এমন সংবাদে সংক্ষুব্ধ, রাজার কাছে তাদের বিক্ষোভ জানিয়ে বলে—

"কিন্তু যিনি শিবিদের কুলক্রমাগত অধীশ্বর,

করিলেন গজবর দান কেন সেই বিশ্বন্তর।
প্রজাদের কথা মত কাজ যদি না কর রাজন্,
তাহাদের হাতে তব পুত্রসহ ঘটিবে পতন।”

[অনুবাদ—ঈশানচন্দ্র ঘোষ ]

প্রজাদের বিক্ষোভে রাজা চিন্তিত—কীভাবে এই বিক্ষোভ সামাল দেওয়া যায়! শেষে অনেক চিন্তার পর প্রজারাই নির্দেশ দেয়—

“দণ্ড কিংবা শস্ত্রাঘাতে করাতে চাইনা মোরা আহত তাঁহারে;
শৃঙ্খলে আবদ্ধ হয়ে থাকিবার যোগ্য নন তিনি কারাগারে।
কর, মহারাজ, তুমি এ রাজ্য হইতে তাঁর শীঘ্র নির্ব্বাসন;
আছে যেথা বঙ্কগিরি সেখানে বসতি তিনি করুণ এখন।”

প্রজা-সাধারণের আর্জি মেনে তাই ঠিক হল; ঠিক হল শুধু একটি দিন সময় দেওয়া হবে মহাসত্ত্ব বিশ্বন্তরকে এবং এই শাস্তি সত্ত্বেও তিনি কখনও দানে বিরত হবেন না, এমনকি ভবিষ্যতেও। মহাসত্ত্বের স্বীকারোক্তি—

“ধন-রত্ন-স্বর্ণ-মুক্তা-বৈদুর্য্য প্রভৃতি
বাহ্যবস্তু দান—এ ত অতি তুচ্ছ কথা।
মাগে যদি কেহ মোর চক্ষু বা হৃদয়,
তাহাও অদেয় আমি ভাবি না কখন।”

এবং

আমার দক্ষিণ বাহু যাচে যদি কেহ,
অকাতরে ছেদি তাহা দিব আমি তারে;
দানেই পরমা প্রীতি পাই আমি মনে।

[অন্যুাবদ—তদেব]

এখানে শেষের পঙ্‌ক্তিটি লক্ষ্য রাখুন, পরে দেখা যাবে—এর প্রভাবে কত বড়ো দুর্ঘটনা ঘটেছিল, সেকথায় পরে আসা যাবে। এখন মহাসত্ত্বের নির্বাসন-শাস্তির কথা বলে নিই। রাজকর্ম্মচারীকে দিয়ে যখন মহাসত্ত্বের কাছে প্রজাদের ক্ষোভের কথা জানানোর জন্য নির্দেশ যায়, সেই দূত হঠাৎ জানিয়ে দেন—

“শিবি নাগরিক আর জানপদগণ
সমবেত হয়ে সবে বলিতেছে এবে,
কোন্তিমারা নদীতীরে অরঞ্জুর নামে
রয়েছে পর্ব্বতরাজি; অভিমুখে তার
যায় নির্ব্বাসিতগণ; সে পথে সত্বর
করুণ গমন দানব্রত বিশ্বন্তর।”

[অনুবাদ—ঈশানচন্দ্র ঘোষ ]

জাতককার স্বীকার করেছেন যে এই নির্দেশ তথা আদেশ প্রজাদের নয়, নয় রাজারও। কোন এক অদৃশ্য দৈববাণী এই রাজকর্ম্মচারীর মুখ দিয়ে উচ্চারিত হয়েছিলো। বোধিসত্ত্ব মেনে নিয়ে বলেন—

“যে পথে চলিয়া যায় অপরাধিগণ, আমিও সে পথ ধরি করিব গমন।
এক রাত্রি, এক দিন ক্ষমুক আমায়; ইচ্ছামত করি দান লইব বিদায়।” [অনুবাদ—তদেব]

## ৪১তম বার্ষিক সম্মেলন

মহাসত্ত্ব সব কিছু জানালে মদ্রসুতাকে, হাতে মাত্র এক রাত্রি এক দিন। সহচরী হতে চাইলেন মদ্রসুতাও, সঙ্গে নেবেন পুত্র-কন্যাকেও। শুনে মহাসত্ত্ব অনেক চেষ্টা করলেন বিরত করতে। [ এই নির্বাসন এবং মহাসত্ত্ব ও মাদ্রীর উক্তি প্রত্যুক্তি, যুক্তিজাল বোনা এবং সে সব বাধা কাটিয়ে নির্বাসনে—বনবাস যাত্রার প্রাক্কালে আর এক রাজপরিবারে যে ঘটনা ঘটেছিল, তা মনে করিয়ে দেয়। ঠিকই ধরেছেন—'রামায়ণের কথাই বলে মনে করিয়ে দিতে চাইছি। সে আলোচনা 'রামায়ণের' 'অযোধ্যাকাণ্ডে' সুন্দরভাবে বর্ণনা করা আছে, যেটি এই জাতক—পাঠের সময় মনে করিয়ে দেয়। আমরা কেবল বাল্মীকি রামায়ণের 'অযোধ্যাকাণ্ড' থেকে সামান্য কয়েকটি শ্লোক তুলে ধরি। এখানে জাতকে যেমন মদ্ররাজসূতা বিশ্বন্তরের সঙ্গে বনগমন করবেন বলে আর্জি জানাচ্ছেন, 'রামায়ণে'ও রামের বনগমনের প্রাক্কালে একই মনোভাব নিয়ে সামনে দাঁড়িয়েছেন মেথিলী সীতা। কখনও যুক্তিজাল সাজিয়ে বলছেন—

"নহি মাং ত্বৎসমীপস্থামপি শক্রোহপি রাঘব।
সুরাণামীশ্বর ঃ শক্ত ঃ প্রধর্ষয়িতুমোজসা।।"

[ অযোধ্যাকাণ্ডম্ / ২৯ সর্গ, শ্লোক নং ৬ ]

অর্থাৎ "হে রঘুবংশধর, আমি আপনার কাছে থাকলে দেবরাজ ইন্দ্রও বীর্যবত্তার দ্বারা আমাকে আক্রমণ করতে সমর্থ হবেন না।"

[ অনুবাদ—ধ্যানেশনারায়ণ চক্রবর্তী ]

আর একবার অকাট্য যুক্তিজাল সাজিয়ে সীতা বলছেন—

"শাদ্বলেষু যদা শিশ্যে বনান্তর্বনগোচরা।
কুথাস্তরণযুক্তেষু কিং স্যাৎ সুখতরং ততঃ।। ১৪।।
পত্রংমূলং ফলং যত্তু অল্পং বা যদি বা বহু।
দদ্যসে স্বয়মাহৃত্য তন্মেহমৃতরসোপমম্ ।। ১৫।।
না মাতুর্ন পিতুস্তত্র স্মরিষ্যামি ন বেশ্মনঃ।
আর্তবান্যুপভুঞ্জানা পুষ্পানি চ ফলানি চ ।। ১৬।।
ন চ তত্র ততঃ কিঞ্চিদ্রষ্টুমর্হসি বিপ্রিয়ম্।
মৎকৃতে ন চ তে শোকো ন ভবিষ্যামি দুর্ভরা ।। ১৭ ।।"

[ অযোধ্যাকাণ্ডম্ / ৩০ মর্গ ]

অর্থাৎ— "আপনার সঙ্গে বনে যেতে যেতে যখন বনের মধ্যে ঘাসের ওপর শুয়ে পড়ব, তখন যে সুখ হবে, সুন্দর কম্বল আর চাদরে কি তার চেয়ে বেশি সুখ হবে?

পত্র, ফল, মূল, যদি বেশী হয়, কমও হয়, আপনি নিজে আহরণ করে যা দেবেন, তাই আমার কাছে অমৃতের মতো মধুর মনে হবে।।

সেখানে নানা ঋতুর ফুলে সেজে, ফল খেয়ে, মা, বাবা এবং বাড়ীর কথাও আমি মনে করবো না।

আমি সঙ্গে থাকলে সেখানে আপনার অপ্রিয় কিছু দেখতে হবে না। আমার ভারবহনে আপনার কোনো কষ্টই হবে না।।" শুধু মদ্রসুতার সামান্য কয়েকটি কথা গাথার আকারে ধরা আছে এই জাতকে এভাবে—

"সম বা বিষম গিরিবর্ত্মে বিচরণ  করে যে অরণ্যগজ, তাহার যেমন
পশ্চাতে পশ্চাতে যায় হস্তিনী সতত,  আমিও তোর সঙ্গে যাব সেই মত

শিশু দুটি কোলে লয়ে; হব না কখন দুর্ভরা তোমার আমি। সেবি অনুক্ষণ
বরঞ্চ করিব তব চিত্ত বিনোদিত; নির্জ্জনাবাসের ক্লেশ হবে অন্তর্হিত।"

[অনুবাদ—ঈশানচন্দ্র ঘোষ ]

এছাড়া শিশু দুটি মহাসত্ত্বকে যা দিতে পারে সে যে ঐশ্বরীক—স্বর্গীয় অনুভূতি মদ্রসুতা তাও জানিয়েছেন তাঁর অকাট্য যুক্তি জালে—

"যখন এ শিশু দুটি আধ আধ স্বরে
বনে বসি বরষিবে অমৃতের ধারা,
এ রাজ্যের কথা তুমি ভুলে যাবে সব।"

মহাসত্ত্বের মাতা পৃষতীদেবী সমস্ত পরিস্থিতি হৃদয়ঙ্গম করে রাজার কাছে নির্বাসন রোধের আর্জি জানালেও কোন ফল হল না।

হাতে মাত্র একটি দিন, তার মধ্যেই দানবীর বিশ্বম্ভরের 'সপ্তশতকাখ্য' দান চলেছে, অর্থী সকল খুব খুশী, তা জানানো হয়েছে এভাবে—

"শুনি এ ঘোষণা যত ভিখারীর দল
অবিলম্বে সমবেত হল দানাগারে।
কেহ গায়, কেহ খেলে, মহানন্দে তারা,
শিবির পালক মহারাজ বিশ্বন্তর
রাজ্য ছাড়ি বনবাসে যাইতে যখন
করিতেছিলেন এই সব আয়োজন।" [অনুবাদ—তদেব]

সব কিছু দান করার পরেও যে চারটি অশ্ব তাঁদের রথ টানিয়া লইয়া যায়, দেরীতে আসা চার ব্রাহ্মণ উর্ধ্বশ্বাসে এসে অশ্ব-চারটিই চেয়ে বসে। বিশ্বম্ভর মহাসত্ত্ব;তাঁদেরও দান করেন। এরপর পঞ্চম যাচক এসে রথখানি চেয়ে নিয়ে নেয়, তাও দান করে দেন মহাসত্ত্ব। শেষে বাকী থাকে পুত্র-কন্যাটি। বিশ্বম্ভর পুত্রটিকে এবং মদ্রকন্যা মাদ্রী কন্যাটিকে কোলে নিয়ে বনবাসের উদ্দেশ্যে যাত্রা করে। জাতকের গাথায় আছে—

"কুমারকে লয়ে রাজা, কন্যাকে মহিষী—
চলিলেন প্রীতমনে; প্রিয় কথা বলি
পরস্পরের মন তুষিতে তুষিতে।

দীর্ঘপথ পেরিয়ে চলেন তাঁরা, গন্তব্য "বঙ্কপর্বত"। পথে এক অদ্ভুত ব্যাপার লক্ষ্য করেন মাদ্রী; ফলবান গাছের ফল খাবার জন্য শিশু দুটি যখন আবদার করত, তখন ফলবান তরু নিজেরাই অবনত হচ্ছে হাতের নাগালে এনে দিচ্ছে পাকা ফল। গাথায় আছে—

"অহো কি বিস্ময়কর অদ্ভূত ব্যাপার।
দেখিলে শিহরে অঙ্গ; নিজে তরুগণ
অবনত হয়ে ফল করিতেছে দান;
এতই তেজস্বী মহাভাগ বিশ্বন্তর।"

পথের দুরত্বও বলা আছে মূল অংশেই—

## ৪১তম বার্ষিক সম্মেলন

জেতুত্তর নগর হইতে সুবর্ণগিরিতাল নামক পর্ব্বত পাঁচ যোজন দূরে; সেখান হইতে কোন্তিমারা নদী পাঁচ যোজন দূরে; কোন্তিমারা হইতে অরঞ্জর নামক পর্ব্বতও পাঁচ যোজন দূরে; অরঞ্জর গিরি হইতে দুর্নিবিষ্ট ব্রাহ্মণগ্রামও পাঁচ যোজন দূরে। সেখান হইতে মাতুলগ্রামের দূরত্ব দশ যোজন। হিসাবমত দেখা যাচ্ছে—জেতুত্তর নগর হইতে মাতুলগ্রাম ত্রিশ যোজন দূরে। তবে এই দীর্ঘপথ সংক্ষেপ করে দিলেন দেবতারা। এবং গাথায় পাচ্ছি—

"অতিক্রমি দীর্ঘপথ পৌঁছিলেন তাঁরা
সুসমৃদ্ধ চেতরাজ্যে, পরিপূর্ণ যাহা
সুপ্রচুর মাংস-সুরা-অন্নপানে সদা।"

আসলে তাঁরা নগরে প্রবেশ না করে অপেক্ষা করে রইলেন, যে নগরে ষাট হাজার ক্ষত্রিয়-রাজা বাস করতেন। [বৌদ্ধ-অনুগামী আর এক বাঙালী বীর বিজয় সিংহ এইরকম ষাট-হাজার অনুচর সমেত নিরুদ্দেশের পথে পাড়ি দিয়ে সিংহলে পৌঁছেন এবং সেখানে রাজত্ব-শাসন শুরু করেন। সেই বাঙালী বীরের কথা নাহয় পরে কখনও বলা যাবে। আমরা কেবল ষাট হাজার সংখ্যার দিকে দৃষ্টি আকর্ষণ করতে চাইছি এবং কলিঙ্গ যুদ্ধের সময় কোন রাজার বিরুদ্ধে মৌর্য সম্রাট অশোককে যে যুদ্ধে অবতীর্ণ হতে হয় নি, সেখানকার ক্ষত্রিয়রা যে বিশেষ সমৃদ্ধশালী ছিল তাও প্রমাণ হল। ফলে অশোকের কলিঙ্গযুদ্ধের একটা সম্ভাব্য কারণ হিসেবে আগে যেটা মন্তব্য করা হয়েছে, তার সাথে এখন মিলিয়ে দেখা হল। এই যে চেত-রাজ্যের কথা বলা হয়েছে, মিলিয়ে দেখলে দেখা যাবে এই ক্ষত্রিয়-রাজারা রাজার মতোই স্বাধীনচেতা ছিলেন এবং আগেই স্বীকার করা হয়েছে যে তাঁদের সমৃদ্ধির আসল কারণ হল সমৃদ্ধশালী বন্দর, যা তাম্রলিপ্ত বলে পরিচিত]

চেতের-রাজারা বিশ্বন্তর-মাদ্রী আর দুটি ছেলেমেয়েকে স্বাগত জানায়, এবং বিশ্বন্তরের কাছে সব শুনে নিয়ে সে রাত্রি সেখানেই আতিথ্য গ্রহণের অনুরোধ জানায়, বিনিময়ে বিশ্বন্তর পঞ্চদশ যোজন দূরের গন্তব্যপথ জেনে নেন। আরও একটা মূল্যবান কাজ চেত-রাজারা করেন। আশ্রমের প্রবেশ পথে এজন্য 'সুশিক্ষিত ও বহুদর্শী এক চেতপুত্রকে রক্ষী নিয়োগ করেন'।

এদিকে বৌদ্ধদেব অতি প্রিয় দেব শক্র (দেবরাজ ইন্দ্র) বিশ্বকর্ম্মাকে নির্দ্দেশ দিয়ে বঙ্কপর্বতের মধ্যে কোন উৎকৃষ্ট স্থান নির্বাচন করে পর্ণশালা নির্ম্মান করতে দেন, সেইমতো বিশ্বকর্মা—'দুইটি পর্ণশালা এবং দুই দুইটি চঙ্ক্রমণ, দিবাবিহার-স্থান ও রাত্রিবিহার-স্থান নির্ম্মাণ করিলেন। চঙ্ক্রমণ—কোটির স্থানে স্থানে নানাবিধ পুষ্পগুল্ম ও কদলিতরু রোপণ করিলেন, প্রব্রাজক-ব্যবহার্য্য সর্ব্ববিধ দ্রব্যের ব্যবস্থা করিলেন ..., ইত্যাদি। শক্রের কৃপাদৃষ্টি বুঝতে পেরে মহাসত্ত্ব বিশ্বন্তর সেখানেই বসবাস শুরু করেন। জাতককারের বর্ণনামতো—"অনন্তর চারিজনে পর্ণসালাদ্বারে বসিয়া ফল আহার করিতেন এবং মাদ্রী পুত্র ও কন্যাকে লইয়া নিজের পর্ণশালায় প্রবেশ করিতেন। তাঁহারা এই নিয়মে উক্ত পর্ব্বতকুক্ষিতে সাত মাস বাস করিতে থাকে জানলাম।"

দীর্ঘ এই জাতক, কাহিনীর ঘনঘটায় তেমনই অপূর্ব। এক দৃশ্যপট থেকে দৃশ্যান্তরে আমাদের আগ্রহকে মনকে টেনে ধরে থাকে, একটুকও শিথিল হতে দেয়না; অন্যমনস্ক হতে পারা যায় না। এতক্ষণ আমরা বিশ্বন্তর-মাদ্রী-পুত্রকন্যাসহ সেই বঙ্কপর্বতের কুক্ষিতে বাস করিতে থাকে। ওদিকে কলিঙ্গরাজ্যে দুর্নিবিষ্ট নামে ব্রাহ্মণ গ্রামে জূজক নামে বৃদ্ধ ব্রাহ্মণ বাস করত। ভিক্ষা করে কিছু সঞ্চয় করে এক ব্রাহ্মণপরিবারের কাছে গচ্ছিত রেখে আবার ভিক্ষা করতে বেরিয়ে পড়ে।

একবার ফিরতে দেরী হয় জূজকের, আর সেই ব্রাহ্মণপরিবার গচ্ছিত ধন ব্যয় করে ফেলে। জূজক ফিরে এলে

## ৪১তম বার্ষিক সম্মেলন

গচ্ছিত টাকা পয়সা দিতে না পেরে বিনিময়ে নিজেদের কন্যাকে সম্প্রদান করে, যার নাম অমিত্রতাপনা। দুজনের ফের কলিঙ্গ রাজ্যে দুর্নিবিষ্ঠ গ্রামে বাস, সাধ্যমত জূজকের পরিচর্য্যায় রত অমিত্রতাপনা। সেখানকার ব্রাহ্মণযুবকগণ অমিত্রতাপনার পতিভক্তি-পরিচর্য্যা দেখে নিজ নিজ পত্নীদেরকে ধিক্কার জানালে, সেইসব ব্রাহ্মণপত্নীগণ একজোট হয়ে অমিত্রতাপনাকে দেশছাড়া করার ফন্দি আঁটে। যখন অমিত্রতাপনা নদীর ঘাটে জল আনতে যায়, সেখানে দল বেঁধে অকথ্য ভাষায় অপ্রিয় বচন শোনাতে থাকে। দীর্ঘ সেই অপ্রিয় বচনে সমৃদ্ধ গাথা, সেখান থেকে সামান্য একটু তুলে ধরি—

| | | |
|---|---|---|
| "এই নব যৌবন তুমি | জরাজীর্ণ লাভ | করিলি রে, হায়। |
| জীবনে কি সুখ বল? | ভাবিলে দুর্দ্দশা তোর | বুক ফেটে যায়। |
| কষ্ট বটে পায়ে লোকে | সাপের কামড়ে, কিংবা | শেলের খোঁচায়; |
| বৃদ্ধপতিসহবাসে | তার (ও) চেয়ে বেশী দুঃখ | যুবতীরা পায়। |
| নাই রতি, নাই কেলি | জরাজীর্ণ পতিসহ, | দ্যাখ্ ভাবি মনে। |
| দন্তহীন মুখে বুড়া | হাসিলেও সুখ তাহে | পাস্ কি, ললনে? |
| তরুণ তরুণীসহ | গোপন প্রণয়ালাপে | রত যবে হয়, |
| মনের যা কিছু দুঃখ, | সমস্তই পায়, অহো, | নিমিয়ে বিলয়। |
| যুবতী রূপসী তুই; | দেখি তোরে ভুলি যায় | পুরুষের মন; |
| যা চলি বাপের বাড়ী, | বৃদ্ধ কি করিবে তোর | সন্তোষ সাধন?" |

[এইখানটা পড়ার সময় অনেকবার ভেবেছি অমিত্রতাপনা-ব্রাহ্মণীর প্রতি যে কটূক্তি সেটা যদি একেকটি ব্রাহ্মণীর কপালে জুটতো তাহলে সে বর্ণনা কেমন হত? সেটা কি এরকম হতে পারতো? যেটি আমরা ভারতচন্দ্রে পাই। ভারতচন্দ্র কি কোনভাবে জাতকের এই গাথার কথা শুনেছিলেন? নাহলে ব্রাহ্মণীদের একেকজনের আক্ষেপ কিভাবে এতো চমৎকারভাবে তাঁর হাত দিয়ে বেরিয়েছে তা রীতিমতো ভাবিয়েছে আমাকে। তুলে ধরি সে বর্ণনা :

"এক রামা বলে সই শুন মোর দুখ।
আমারে মিলিল পতি কালা কালামুখ।।
নৈলে নয় তেঁই করি কষ্টেতে শয়ন।
রোগী যেন নিম খায় মুদিয়া নয়ন।।
মন্দভোগা অন্ধ পতি দ্বন্দ্বে মাত্র ভাল।
গোরা ছিন্ন ভাবিতে ভাবিতে হৈনু কাল।।
আর রামা বলে সই এ মাথার চূড়া।
বদনে রদন লড়ে অদনে বঞ্চিত।
সে মুখ চুম্বনে সুখ না হয় কিঞ্চিত।।
ঝাঁপানি কাঁপানি সারা কেবল উৎপাত।
অধর দংশিতে চায় ভেঙ্গে যায় দাঁত।

পাঁতিলেখা রাজার মুনশী মোর পতি।
দোয়াতে কলম দিয়া বলে হৈল রতি।।

ব্যস আর যায় কোথা? অমিত্রতাপনা সব শুনে, এলাকার সব মহিলারা যখন দল বেঁধে তাকে গঞ্জনা দেয়, খালি কলসি নিয়ে ফিরে জূজককে সব জানায় ঘরে এসে। বৃদ্ধ পতি জূজক সান্ত্বনা দেয়, অনেকভাবে বোঝায়—জল সে নিজেই বয়ে আনবে নদী থেকে জানালে—তাতেও আপত্তি জানায় অমিত্রতাপনা। উল্টো চেয়ে বসে—

"দাস কিংবা দাসী যদি আনিয়া না দিতে পার,
নিশ্চয় তোমার সঙ্গে তিলেক না রব আর।"

[অনুবাদক—ঈশান চন্দ্র ঘোষ]

ঘরে ধান-চাল যেমন বাড়ন্ত, জূজকের মাথায় বিদ্যার দশাও তাই, বাসনা পূরণ করতে সে অপারগ। অমিত্রতাপনা শুনেছিল বিশ্বন্তরের কথা, জূজককে তাই বুদ্ধি দেয়—

শুন বলি, যাহা আমি করেছি শ্রবণ, রাজা বিশ্বন্তর নাকি আছেন এখন
বঙ্কগিরি মধ্যে করি আশ্রম নির্ম্মাণ; তাহারই নিকটে গিয়া চাও তুমি দান।
মাগ গিয়া দাস কিংবা দাসী এক জন; করিবেন রাজা তব প্রার্থনা পূরণ।"

দীর্ঘ পথ পেরোতে হবে ভেবে, জূজক নিজের শরীরের কথা ভেবে অনিচ্ছা জানায় যখন—তখন আসল মর্মভেদি বাণটি ছুঁড়ে দেয় অমিত্রতাপনা—

"দাস কিংবা দাসী যদি আনিতে না পার, নিশ্চয় তোমার ঘরে না রহিব আর
করিব অপ্রিয় কার্য্য তোমার সতত; ভেবে দেখ, তাতে তব দুঃখ হবে কত।
ঋতুর আরম্ভে কিংবা নক্ষত্রবিশেষ যে সব সমাজোৎসব হয় এই দেশে,
দেখিবে, তখন আমি পরি অলঙ্কার পর পুরুষের সঙ্গে করিব বিহার।"

[অনুবাদক—ঈশান চন্দ্র ঘোষ]

এই সম্ভাব্য ধমকের চোটে জূজক অগত্যা কিছু পাথেয়, খাবার নিয়ে পথে বেরুতে বাধ্য হল। যেমন ছিল না পথের ঠিকানা, তেমনই জানা ছিল না পথে এত বিপদও অপেক্ষা করে ছিল। পাঠকের স্মরণে থাকতে পারে যে বিশ্বন্তর যে আশ্রমে বাস করছিলেন সেই বনের দ্বারে চেতরাজারা একজনকে পাহারায় রেখে দিয়েছিল। সেখানে পৌঁছেও আত্মরক্ষার জন্য মিথ্যা কথা বলে, যেন বিশ্বন্তরকে পরিবার সমেত শিরিরাজ্যে ফিরিয়ে নিয়ে যাবার জন্য এসেছে, রাজ্যবাসীরা বিশ্বন্তরকে ক্ষমা করেছে—এমন কথা জানিয়ে তবে ছাড়পত্র পায়, পাহারায় রত সেই চেতপুত্র এবং পরে অচ্যুত জূজককে অনুমতি দেয় সরল বিশ্বাসে। অবশেষে নিজের উদ্দেশ্যপূরণ সফল করতে যেখানে বিশ্বন্তর তপস্যায় রত, পৌঁছন সেখানে।

সন্ধ্যাকালে সেদিন জূজক বিশ্বন্তরের সঙ্গে দেখা না করে সে রাত্রিতে সময় কাটায়, অপেক্ষা করে কখন মাদ্রী বনে যান। সেই ফাঁকে বিশ্বন্তরের পুত্র কন্যাকে চেয়ে নিতে হবে-ভেবে সুযোগ খোঁজে। সে রাত্রিতে মাদ্রী দুঃস্বপ্ন দেখে, দুষ্ট লোক একজন মাদ্রীর চোখ দুটি উপড়ে, বাহু দুটি ছেদ করে, বুক চিরে 'হৃদয়মাংস' নিয়ে চলে যায়। ঘুম ভেঙ্গে মাত্রী বিশ্বন্তরকে কারণ জিজ্ঞেস করতে যায়; সব শুনে বিশ্বন্তর ভাবল এইবার 'দানপারমিতা' পূর্ণ হবে তার। যথারীতি আশ্বস্ত করে মাদ্রীকে তার কুটিরে পাঠায়।

পরদিন সকালে মহাসত্ত্ব বিশ্বন্তরের তত্ত্বাবধানে শিশু দুটিকে রেখে দুঃশ্চিন্তা নিয়ে বনগমন মাদ্রীর। সেই

অবসরে জূজকের প্রবেশ, বোধিসত্ত্বের কাছে গিয়ে প্রতিসম্ভাষণ এবং শিশু দুটিকে প্রার্থনা করা। গাথায় আছেঃ

"মহানদ অবিরত করি বারি দান কখন (ও) না হয়, ভূপ, যথা ক্ষীয়মান,
যাচকেরা তোমাকেও ভাবে সেই মত, ভাবে তারা হবে না ক কভু প্রত্যাখ্যাত।
তব পুত্র-কন্যা আমি এসেছি যাচিতে; দাও শিশু দুটি তুমি আমায় তুষিতে।"

মহাজ্ঞানী বোধিসত্ত্ব 'দানপারমিতা' পূর্ণ করলেন এইবার, শুধু একটি অনুরোধ জানান সবিনয়ে জূজকের কাছে। অনবদ্য গাথা থেকে কিছু অংশ ঃ

"অকম্পিত চিত্তে দিনু এই শিশুদ্বয়; করিলাম প্রভু এবে এদের তোমায়।
গিয়াছেন প্রাতে বনে রাজার নন্দিনী; সায়াহ্নে সংগ্রহি উঞ্ছ ফিরিবেন তিনি।
"এক রাত্রি বাস হেথা করহ, ব্রাহ্মণ; শিশু দুটি লয়ে প্রাতে করিবে গমন।
মাদ্রী আসি শিশুদ্বয়ে করাবেন স্নান; করিবেন ইহাদের মস্তক আঘ্রাণ;
বিবিধ ফুলের মালা দিয়া সুশোভন সাজাবেন পুত্র-কন্যা মনের মতন।"

জূজক সেটাও শোনে না, বিশ্বন্তর তাঁর পিতা-মাতাকে দর্শন করাতে ইচ্ছাপ্রকাশ করেন শিশুদুটিকে, যেটা জূজকের যাত্রাপথেই পড়বে—সেটাও শোনা হল না, পাছে জূজককে চোর মনে করে বসে, তাই সবই অগ্রাহ্য করে জূজক শুনিয়ে দেয়—

"যে আদেশ তুমি দিতেছ আমায়, পারিব না তাহা করিতে পালন।
পুত্রকন্যা তব লয়ে যাব আমি ব্রাহ্মণীর পরিচর্য্যার কারণ।"

এর পরের বর্ণনা ভীষণ কষ্টকর, তাই শ্রদ্ধেয় ঈশান চন্দ্র ঘোষ মহোদয়ের অনুবাদ কিছুটা তুলে ধরি—

"জূজকের পরুষ বাক্য শুনিয়া শিশু দুটি প্রথমে পর্ণশালার পশ্চাদভাগে পলাইয়া গেল এবং সেখান হইতে আবার পলাইয়া একটা নিবিড় গুল্মের মধ্যে লুকাইয়া রহিল। কিন্তু এখানেও তাহারা বেশিক্ষণ থাকিতে পারিল না। তাহারা আশঙ্কা করিতে লাগিল, জুজক বুঝি আসিয়া তাহাদিগকে ধরিল। তাহারা কাঁদিতে কাঁদিতে নানা দিকে ছুটিতে লাগিল, সেই চতুরস্র পুষ্করিণীর তীরে গিয়া বল্কলচীবর কষিয়া বান্ধিয়া জলে নামিল এবং পদ্মের পাতা দিয়া মাথা ঢাকিয়া জলের মধ্যে লুকাইয়া রহিল।"

শিশু দুটিকে দেখতে না পেয়ে জূজক বোধিসত্ত্বকে গালি দেয়। মহাসত্ত্ব কম্পিত হৃদয়ে প্রথমে জালিকুমারকে ডেকে আনেন, পরে কৃষ্ণাজিনকেও। এবং তাহারা দাসত্ব থেকে মুক্ত হতে চাইলে, দুজনে মূল্য ঠিক করে দেয় এবং ব্রাহ্মণকে প্রিয় পুত্র কন্যাদান পূর্ণ করেন।

গাথায় আছে—

"জালী ও কৃষ্ণাজিনার হাত ধরি বিশ্বন্তর ব্রাহ্মণকে করিলেন দান ;
দিলেন তাহাই তিনি সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ যাহা— ছিল তাঁর যে দুটি সন্তান।
সূত, সূতা উভয়কে ব্রাহ্মণকে দান যবে করিলেন হৃষ্টমনে তিনি,
হেরি এ অদ্ভুত ত্যাগ শিহরিল সর্ব্বলোক; দানতেজে কাঁপিল মেদিনী।

কিন্তু এই 'মহাদান'—এর প্রভাবে সর্বলোক যতই কেঁপে উঠুক, আমরা কেঁপে উঠি জূজক ব্রাহ্মণের অত্যাচারের বর্ণনায়। কী নির্যাতন শুরু করে সেই ব্রাহ্মণ তার বর্ণনাও জাতককার তুলে ধরেছেন, ঈশান ঘোষের অনুবাদ দেখি—

"নিঠুর ব্রাহ্মণ আনিল তখন দাঁত দিয়া লতা করিয়া ছেদন

লতার আঘাতে দু'জনে তাড়ায়। কান্দিল তাহাতে শিশু দুটি, হায়!
বান্ধি রজ্জু'পাশে দণ্ডের আঘাতে শিশু দুটি সেই যায় তাড়াইয়া;
এ দারুণ দৃশ্য অবিকৃতমনে লাগিলা দেখিতে রাজা দাঁড়াইয়া"

কখনও মারের চোটে কোমল শরীরে রক্ত বের হয়, তখন পিঠাপিঠি দাঁড়াইতে থাকে, যদি একটু কম লাগে। একবার তো সরু রাস্তায় চলতে গিয়ে জূজক পা পিছলে পড়ে যায়, সেই অবসরে লতাপাশ ছিড়ে যায়, আর জালি ও কৃষ্ণা কাঁপতে কাঁপতে ফিরে যায় পিতার কাছে, আর্জি জানায়—

"মা নাই আশ্রমে এবে; তবু, বাবা, তুমি
দিতেছ এ ব্রাহ্মণকে আমা দুই জনে।
ক্ষণেক অপেক্ষা কর; মা আসুন ফিরি;
দেখি তাঁরে একবার জনমের মত।
করো শেষে ব্রাহ্মণকে, বাবা, তুমি দান।
...
তার পর যাহা ইচ্ছা করুক ব্রাহ্মণ;
বেচুক অথবা প্রাণ বধুক মোদের।"

কাতর আবেদনের আরও এক বর্ণনা আছে গাথাতেই। কুমারের বিলাপের মধ্যে ফুটে ওঠে তাও। দেখিঃ

"জন্মিলেই দুঃখ নানা পায় জীবগণ;
কিন্তু সর্ব্বাপেক্ষা বড় এই দুঃখ মোর—
পাব না দেখিতে আর মায়েরে আমার।"

কুমার তার বোনের সঙ্গে যখন এই কষ্টের কথা জানাচ্ছিল তখন আবার এসে পড়ে জূজক তাদের ধরে, মারতে মারতে টেনে নিয়ে যায়; তখন শেষ আর্জি জানায় শিশুদুটি বিশ্বন্তর মহাসত্ত্বকে—

"শিশু দুটি টানি লয়ে যেতেছিল জূজক যখন
বলিতে লাগিল তারা পিতাকে করিয়া সম্বোধন
দেখিও মায়েরে বাবা, সুখে তারে রেখো সর্ব্বক্ষণ,
তুমিও করো না দুঃখ; সুখে কাল করহ যাপন।"

[অনুবাদক ঈশান চন্দ্র ঘোষ]

আরও একবার পা পিছলে জুজক পড়ে যায় এবং তাড়াতাড়ি ছুটে পালানো দুজনকেই ধরে। বর্ণনায় পাচ্ছি—

"রজ্জু আর দণ্ড লয়ে ব্রাহ্মণ তখন
বারবার প্রহার করিয়া দুই জনে
চলিল লইয়া; শিবিরাজ বিশ্বন্তর
দেখেন এ দৃশ্য, বসি নির্বিকার চিতে।"

এতক্ষণ রাজপুত্রের বলা পরিবেদন পেয়েছি এবার রাজকুমারীর কষ্টও গাথায় ধরা আছে, সেখানে নজর দেওয়া যাক—

"দেখ, বাবা, এ বাহ্মণ যষ্টির আঘাতে

করিছে প্রহার মোরে। আমি যেন হায়।
দাসী হয়ে জন্মেছি আগারে ইহার।”
এ নয়, ব্রাহ্মণ, বাবা। ব্রাহ্মণ যাঁহারা
ধর্ম্মিক বলিয়া তাঁরা খ্যাত সব ঠাঁই।
ব্রহ্মণের বেশধারী যক্ষ এ নিশ্চয়; .....”

রাজকুমারী কখনও ভাবছে মাদ্রী মা এসে যাবেন আশ্রমে, তাদের ফেরাবার ব্যবস্থা করবেন, অথবা মায়ের সংগ্রহে থাকা মিষ্টি ফল খেয়ে খুশী হয়ে এ ব্রাহ্মণ এত কষ্ট দিবো না। সে বিলাপও ধরা আছে অপূর্ব গাথায়—

“উঞ্ছ লয়ে সন্ধ্যাকালে ফিরিয়া আশ্রমে মাতা
দিতেন ব্রাহ্মণে যদি মধুমাখা ফল,
খেয়ে তাহা খুসি হয়ে নিষ্ঠুর তাড়না এত
দিত না সে, হত তার হৃদয় কোমল।
দিতেছে সে এত তাড়া, মোদের পায়ে শব্দ
দূর হতে শুনা যায়; এত বেগে ছুটি।—
এরূপ বিলাপ বহু করিল না দেখি মাকে
ফিরে যেতে মার কোলে সেই শিশু দুটি।

বনগমনের সময় বিশ্বন্তর একা যেতে চাইলে মাদ্রী যেমন সহচরী হতে চেয়েছিলেন এবং তাঁর পক্ষে যুক্তিজাল সাজিয়ে বিশ্বন্তরের অনুমতি পায়, আগে সেই ঘটনার সাথে আমরা বলেছিলাম যে এখানে বাল্মীকি রামায়ণের প্রভাব দেখা যাচ্ছে ঠিক একইভাবে আরও কয়েকটি জায়গায় এই জাতকের ভাবনার সাথে বাল্মীকি রামায়ণের মিল দেখানো যাক। যখন বিশ্বন্তর শিশু দুটিকে জূজককে দান করেন এবং শিবিরাজের নিকটে গেলে অনেক ধন পাবে বলে অনুরোধ করে, জূজক অস্বীকার করে এবং শিশু দুটিও প্রথমে আশ্রমের পেছনে, পরে বনে, তারও পরে জলে নেমে মাথায় পদ্মের পাতায় মাথা ঢেকে জলেই লুকিয়ে থাকে। তারপর জূজক অকথ্য ভাষায় গালি দিলে বিশ্বন্তর সেখান থেকে বেরিয়ে শিশু দুটিকে আহ্বান করে, তখন বাল্মীকি, রামায়ণে'র মতো কুমারের মুখে জাতককার যে কথা বসিয়েছেন তা হল—

“কুমার পিতার স্বর শুনিতে পাইয়া ভাবিল, ‘ব্রাহ্মণ আমাকে লইয়া যাহা ইচ্ছা তাহাই করুক আমি পিতার আদেশের বিরুদ্ধে যাইব না।’ একথায় আমরা রামচন্দ্রের কথার অনুরণন যেন শুনতে পাই যখন ‘রামায়ণের দিকে তাকাই—

“গুরুশ্চ রাজা চ পিতা চ বৃদ্ধ ঃ ক্রোধাৎ প্রহর্ষাদথবাপি কামাৎ।
যদ্ ব্যাদিশেৎ কার্যমবেক্ষ্য ধর্মং কস্তং ন কুর্যাদহ্ শংসবৃত্তি ঃ ।। ৫৯।।
ন তেন শক্নোমি পিতু ঃ প্রতিজ্ঞামিমাং ন কর্তুং সকলাং যথাবৎ।
স হ্যাবয়োস্তাত গুরুর্নিয়োগে দেব্যাশ্চ ভর্তা স গতিশ্চ ধর্মঃ।। ৬০।।

[ বাল্মীকি রামায়ণ। অযোধ্যাকাণ্ড। ২১ তম সর্গ ]

ধ্যানেশ নারায়ণ চক্রবর্তী যার অনুবাদে বলেন—“রাজা আমার পিতা। গুরুজন। তিনি এখন বৃদ্ধ হয়েছেন।

এইরকমের বন্দনীয় জন ক্রোধে, আনন্দে বা কামবশতঃ যে আদেশই দান করেন, ধর্ম্মের দিকে দৃষ্টি রেখে কোন্ সদাচারী ব্যক্তি তা পালন না করে পারেন ? ।। ৫৯।। তাই পিতার এই প্রতিজ্ঞা সফল না করে আমি থাকতে পারবো না। তিনি আমাদের দু'জনের বাবা; মায়ের পতি। কর্ম্ম সম্পাদনে তিনি আমাদের গুরু। তিনি আমাদের আশ্রয় এবং ধর্ম।। ৬০।।"

তবে "রামায়ণী কথা" বইতে দীনেশ চন্দ্র সেনের ভাবানুবাদ আর বেশী হৃদয়গ্রাহী, তাই সেটিও তুলে ধরি— "কাম, মোহ বা অন্য যে কোন ভাবের বশবর্ত্তী হইয়াই পিতা এই প্রতিশ্রুতি প্রদান করিয়া থাকুন না কেন, আমি তাহার বিচার করিব না, আমি তাঁহার বিচারক নহি, আমি তাঁহার আদেশ পালন করিব— তিনি প্রত্যক্ষ দেবতা।' (পৃ-৫১)

এতক্ষণ আমরা রামায়ণের ভাব-আর প্রভাব নিয়ে বললাম, এবার সরাসরি রামায়ণের অন্যতম দুই চরিত্রের উল্লেখ দেখিয়ে সেখান থেকে মূল গল্পে আবার ফিরে যাবো। জাতককার ৫৪১ নং গাথায় মাদ্রীর আশ্রমে আগমন পথে সিংহ, ব্যাঘ্র ও দীপীর পথ রুদ্ধ করে থাকাকালীন তাদের কাছে পথ ছেড়ে দেবার জন্য যখন অনুনয় আবেদন করছেন তখন বলছেন—

"শ্রীমন্ ভূপতি বিশ্বন্তর মোর স্বামী,
রাজ্য হতে নির্ব্বাসিত হয়েছেন যিনি।
সীতাদেবী পুরাকালে বনবাস যথা
করিলা রামের সঙ্গে আমিও তেমন
পতিসহ বনবাস করিতেছি এবে;
ভ্রামও না করি কভু অনাদর তাঁর।"

[ গাথা—৫৪১, অনুবাদ তদেব ]

এভাবে এই গল্পে বাল্মীকি রামায়ণের প্রভাব সরাসরি দেখিয়ে আবার ফিরে চলি।

কেমন ছিলো জুজু বা জূজকের চেহারা। সে বর্ণনাও জাতককার বর্ণনা করে গেছেন গাথায়, যার চিত্ররূপ দিয়েছে নিপুণ শিল্পী অজন্তার গুহাচিত্রে। আমরা দুটিই দেখাতে চাই, তবে সবার আগে গাথায় যে বর্ণনা আছে সেটি তুলে ধরি ঃ

"কাকের পায়ের মত পা দু'খানা ওর;
নখগুলি আধা ভাঙ্গা; ঝুলে নানা স্থানে
লোলমাংস পিণ্ডাকারে শরীরে উহার;
উত্তরোষ্ঠ ঢাকিয়াছে অধরোষ্ঠখানি;
মুখ হতে লালাস্রোতে হতেছে বাহির;
শূকরের দন্তবৎ লম্বা দাঁত;
নাকটা গিয়াছে যে ভেঙ্গে মাঝখানে;"

[ ৪৭৪ নং গাথা। অনুবাদ ঈশান চন্দ্র ঘোষ ]

আরও দেখি

"কলসীর মত মোটা উদর উহার;

পিঠ বাঁকা,—কেন যেন দিয়াছে ভাঙ্গিয়া—
এক চক্ষু ছোট ওর, এক চক্ষু বড়;
লাল দাড়ি, কটা চুল, লোলচর্ম্ম দেহে;
দেখা যায় তা'র পরি তিলক বহুল;"

[ ৪৭৫ নং গাথা। অনুবাদ— তদেব ]

আরও আছে বর্ণনা—
পিঙ্গল, ত্রিভঙ্গ—কষ্টিস্কন্ধপৃষ্ঠে বাঁকা;
বিকলাঙ্গ, অতিদীর্ঘ, পরুষস্বভাব
ব্রাহ্মণ অজিনাবাসা অহো কি ভীষণ!
রাক্ষসের মত মূর্তি দেখি ভয় পায়।"

[ ৪৭৬ নং গাথা, অনুবাদ— তদেব ]

যাঁরা নারায়ণ সান্যালের 'অজন্তা অপরূপা' বইটিতে এই কাহিনী পড়বেন তাঁরা ১৪৩ নম্বর পাতায় দেখতে পাবেন

'পরম আপসোসের কথা, এ চিত্রগুলি আর অজন্তায় গেলে দেখতে পাবেন না আপনি।' কিন্তু আমরা এই প্রবন্ধে পাঠকদের মনোযোগ আকর্ষণের জন্য অজন্তার সপ্তদশ গুহাচিত্র থেকে অন্ততঃ দুটি চিত্র এই লেখার সাথে সংযুক্ত করলাম যাতে অজন্তার চিত্রশিল্পী কী নিপুণ অলংকরণে ফুটিয়ে তুলেছেন জাতকের বর্ণনা অনুযায়ী। প্রণাম সেই চিত্রশিল্পীদের, কেবলমাত্র তথাগত বুদ্ধের প্রতি পরম ভক্তিভাব মনে রেখে, কোথাও নিজেদের নাম পর্যন্ত প্রকাশ না করে কাজ করে গেছেন। তবে আফশোসের কথা, যেটুকু এখন পাওয়া যায় তা ঐ বইয়ের পাতায়, অজন্তার গুহায় সব চিত্রই ধ্বংস হয়েছে, আমরা তাদের অবিকৃতভাবে বাঁচিয়ে রাখতে পারিনি, রাখার চেষ্টাও করিনি। 'সত্য সেলুকাস, কি বিচিত্র দেশ এই ভারতবর্ষ'-র মতো কথা বলে তাকিয়ে থেকেছি।

প্রথমবার সরু রাস্তায় চলতে গিয়ে পিছলে পড়েছিল, জূজক, সেই ফাঁকে লতারজ্জু ছিড়ে শিশু দুটি পালিয়ে লুকায়। জূজকের গালাগাল দেওয়া, বিশ্বন্তরের আহ্বান শিশু দুটির প্রতি, পুনরায় দান, এবং হাত বেঁধে টেনে নিয়ে যাওয়া বিশ্বন্তরের বসে থেকে সেই নির্মম দৃশ্য দেখা। এখানে জাতককার কৃষ্ণাজিনা মুখে গাথায় দুঃখ-কষ্টের কথা বসিয়েছেন, যা হল—

"দেখ, বাবা, এ ব্রাহ্মণ যষ্ঠির আঘাতে
করিছে প্রহার মোরে। আমি যেন হায়।
দাসী হয়ে জন্মিয়াছি আগারে ইহার।"

[ গাথা-৫১৬ অনুবাদ তদের ]

এবং

এ নয়, ব্রাহ্মণ, বাবা। ব্রাহ্মণ যাঁহারা
ধার্ম্মিক বলিয়া তাঁরা খ্যাত সব ঠাঁই।
ব্রাহ্মণের বেশধারী যক্ষ এ নিশ্চয়;

যেতেছে লইয়া, বাবা, আমা দুই জনে
বধ করি খাবে মাংস, এই অভিপ্রায়ে।
পিশাচে ধরিয়া লয়; তুমি কি কারণ
নীরবে দর্শন কর এ দৃশ্য ভীষণ?

[ গাথা- ৫১৭, অনুবাদ তদেব ]

জাতকের শেষাংশ মিলনান্তক, যে কেউ পড়ে নিতে পারেন। শেষ পর্ব্ব পর্যন্ত বলে যাওয়া আমাদের উদ্দেশ্য নয়, কারণ এই জাতক ১৩টি খণ্ডে ৭৮৬টি গাথা দ্বারা সজ্জিত। সেখান থেকে আমাদের প্রয়োজনে 'জূজক'—সম্পর্কিত গাথাগুলির উপর বেশী মনোযোগ দিয়ে কিছু তুলে ধরেছি এবং ছোট ছোট ছেলেমেয়েদের কেন 'জুজুর ভয়' দেখানো হয় এবং এটা যে বাংলাদেশেই ব্যাপক প্রচলিত তার সমর্থনে মূল কাহিনী থেকে গল্প-গাথা উদ্ধার করে দেখিয়েছি। এবার শুরুতে এই ছোট বাচ্ছাদের ভয় দেখানো যে বাংলাদেশে হয় তার সমর্থনে বলি এই কাহিনীর স্থান নাম, নদী-পর্বত— এর সাথে 'বঙ্গদেশে' থাকা নদী-পর্বত, স্থান নামের আভাষ পাওয়া যায়। শিবিরাজ্য সম্ভবতঃ বর্তমানে 'মঙ্গলকোট'-কে নির্দেশ করা যায়। সে জায়গায় এখনও নদীগর্ভ থেকে অনেক পুরাবস্তুর সন্ধান মেলে এবং মিলে চলেছে। 'চেতরাজ্য'-র বর্তমান অবস্থান নিয়েও সন্দেহ নেই যে 'চেতুয়া-বরদা' বা চন্দ্রকোণা অঞ্চল হতে পারে। 'কলিঙ্গ' সে যুগে খানিকটা বঙ্গদেশ এবং উড়িষ্যা নিয়ে গঠিত ছিল—এবং মৌর্য সম্রাট অশোক এই দেশই জয় করার জন্য অভিযান করেন এটিও শুরুতে বলা হয়েছে। এবং এই জাতকেও দেখতে পাই—সেখানকার মানুষজনের কোনো অভাব ছিলো না এবং সবাই 'রাজা' উপাধিধারী, তাই ২৩০ নম্বর গাথায় বলা আছে—

"চেতের রাজারা তাঁর পাইয়া দর্শন
সাশ্রুমুখে সমবেত হলেন তখন।" ইত্যাদি।

একই জায়গায় অনেক রাজা নিশ্চয়ই থাকেন না, তাঁদের সমৃদ্ধি দেখেই 'রাজা' পদবী/উপাধিতে ভূষিত করা হয়।

একটা নদীর নাম পাচ্ছি। 'কোন্তিমারা'; সেটা কি আজকের কাঁসাই, অথবা 'বঙ্কগিরি'-বর্তমান বাংলা ও উড়িষ্যার মাঝামাঝি কোন পর্বতরাজি? এসবই আমার অনুমান বা 'আমার মতে', পরে আরও অনুসন্ধানের ইচ্ছা রইলো।

আর একটা বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করি। জাতকের এই ঘটনা নিয়ে বৌদ্ধ উপাসকগণ যেমন সুবিখ্যাত সাঁচি স্তুপের উত্তর তোরণে ভাস্কর্য তৈরী করলেন যেখানে বিশ্বন্তর মাদ্রী সহ দুই পুত্র-কন্যা আছে। অজন্তায় সপ্তদশ গুহায় জূজককেও দেখতে পাওয়া যায়; কিন্তু কোথাও জূজকের 'তরুণী ভার্যা' অমিত্রতাপনার দেখা মেলে না; কেন কে জানে! যে তরুণী ভার্যা-র আশা পূরণ করতে গিয়ে জূজককে পথে নামতে হয়েছিলো— আর সেখান থেকেই যুগে যুগে 'জুজুর ভয়' গল্প বাংলাদেশে ব্যাপকভাবে প্রচলিত হলো।



সাঁচীর তোরণে বিশ্বন্তর জাতক অবলম্বনে নির্মিত ভাস্কর্য।

৪১তম বার্ষিক সম্মেলন





অজন্তায় সপ্তদশ গুহাচিত্রে জূজকের প্রতিকৃতিদ্বয়। *গ্রিফিথ-এর বই থেকে।*

# জগজ্জীবন ঘোষালের মনসামঙ্গল কাব্যে চাঁদ সদাগর ও দেবী মনসা

জয়ন্তী সাহা (রায়)

মধ্যযুগের বাংলা সাহিত্যের ইতিহাসে একটি গুরুত্বপূর্ণ ধারা হল মঙ্গলকাব্যের ধারা। বিভিন্ন দেবদেবীর মর্ত্যে পূজা প্রচারের কাহিনিকে কেন্দ্র করে যেসব আখ্যানকাব্য রচিত হয়েছে সেগুলিই মঙ্গলকাব্য রূপে পরিচিতি লাভ করেছে। মনসামঙ্গল, চণ্ডীমঙ্গল, ধর্মমঙ্গল ও অন্নদামঙ্গল—এই চারটি হল মঙ্গলকাব্যের প্রধান চারটি-বিভাগ। ১৫শ থেকে ১৮শ শতকের বিভিন্ন কবি এই চারটি মঙ্গলকাব্য ধারায় বিভিন্ন কাব্য রচনা করে বাংলা সাহিত্যকে সমৃদ্ধ করেছেন।

দেবী মনসার মর্ত্যে পূজা প্রচারের কাহিনিকে অবলম্বন করে রচিত মনসামঙ্গলই—এই মঙ্গলকাব্য ধারার আদিকাব্য, যা প্রথম রচিত হয় ১৫শ শতকের হরিদত্ত ও অন্যান্য কবিদের হাতে। এই ধারার ১৭শ শতকের একজন কবি হলেন জগজ্জীবন ঘোষাল, যাঁর কাব্য প্রধানত উত্তবঙ্গে প্রচলিত ছিল। পরবর্তীকালে সেই কাব্যের অসমাপ্ত পুঁথি শ্রী সুরেন্দ্রচন্দ্র ভট্টাচার্য পশ্চিম দিনাজপুর থেকে আবিষ্কার করেন এবং আরও পরবর্তীতে ডঃ আশুতোষ দাস এর অপর একটি পূর্ণাঙ্গ পুঁথি খুঁজে পেয়ে কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে এই গ্রন্থটি মুদ্রিত আকারে প্রকাশ করেন। এর-ভূমিকাতে ডঃ দাস লিখেছেন—"প্রস্তুত মনসামঙ্গলের কাহিনী বৈশিষ্ট্যসূচক এবং উত্তরবঙ্গের পরম্পরাগত কাহিনীর স্বরূপ প্রকাশ করে। চাঁদ-মনসার বহু শ্রুত কাহিনী জগজ্জীবনের কাব্যে নানা বৈচিত্র্য ও বৈশিষ্ট্য মণ্ডিত হইয়াছে।

জগজ্জীবন ঘোষালের কাব্যে ভাষার মণ্ডনশিল্প-বিরহিত ও লোকায়ত রীতিঋদ্ধ বাঙ্গালী কবিমানসের মুক্ত প্রকাশ ঘটিয়াছে।" কবির পরিচয় হল তিনি রাঢ়ী শ্রেণীর ব্রাহ্মণ, পদবী ঘোষাল। নিবাস—কুচিয়ামেড়। পিতামহ—জয়ানন্দ, পিতা—রূপরায় চৌধুরী, মাতা—রেবতী, সহোদর-ঘনশ্যাম, পত্নীর নাম পদ্মমুখী। দুর্গাচন্দ্রপতির আদেশে কবি কাব্য রচনা করেন। পশ্চিম দিনাজপুর ও মালদহের বিভিন্ন অঞ্চলে এই কবির কাব্যই বিশেষরূপে প্রচলিত ছিল। এই কবির রচনায় তন্ত্রবিভূতির প্রভাব পড়েছে বলে মনে করা হয়। এই "গ্রন্থে একমাত্র তন্ত্রবিভূতি ছাড়া অন্য কোন মনসামঙ্গলের কিংবা চণ্ডীমঙ্গলের কবির প্রভাব-প্রবহতার পরোক্ষ কিংবা প্রত্যক্ষ নিদর্শন" লক্ষ করা যায় না।

এই কাব্যে মনসার জন্মরহস্য সম্পর্কে কবি বলেছেন—"পুত্রবিরহিত ধর্মের মনঃকষ্টজনিত ত্যক্ত নিঃশ্বাস হইতে মনসার জন্ম হইল—নপুংসক রূপে, কিন্তু ধর্ম মনসাকে নারীরূপ দিল এবং পরে রূপমুগ্ধ হইয়া আলিঙ্গনেচ্ছায় আকুল হইল।" মনসা তাকে অনেক কষ্টে নিবৃত্ত করে। কিন্তু শেষ পর্যন্ত পুত্রদের (ব্রহ্মা, বিষ্ণু ও মহেশ্বর) অনুমোদনে বেদমন্ত্র উচ্চারণ করে ধর্ম-মনসার বিবাহ হয়। কিন্তু পরে ধর্ম অনুতাপবশত "মনসাকে ত্যাগ ও মরনোপায় চিন্তা করিল"—ধর্ম গলিততনু শবরূপে জলে ভাসতে ভাসতে শিবের কাছে উপস্থিত হলে শিব ধ্যানে সমস্ত ঘটনা জানতে পেরে ধর্মের ইচ্ছানুযায়ী ধর্মের মৃত্যুর পর তার সৎকার করেন। মনসা ধর্মের মৃত্যু হয়েছে জানতে পেরে নিজে চিতাগ্নিতে প্রাণ বিসর্জন দিলে সেই চিতাগ্নিমধ্য থেকে এক শিশু কন্যার জন্ম হয়—তাকে

'নবজন্মনা মনসা' রূপে অঙ্কন করেছেন কবি। সেই শিশুকে জলে ভাসিয়ে দেওয়া হলে সে ভাসতে ভাসতে এক ঋষিপত্নীর ঘরে স্থান পায় এবং বড় হয়ে ওঠে।

পরবর্তীকালে শিবের কাছে পরিচয় দেবার সময়ে মনসা বলেছেন—"

"মালঞ্চে যখন গেলা দেব ত্রিনয়ান।
এই সরোবরে তুমি করিলেক স্নান।।
কমলপত্রেতে তুমি রাখিয়া গেলে কাম।
তাহাতে জন্মিল আমি পদ্মাবতী নাম।।"

বিভিন্ন সর্পবিভূষিতা পদ্মা আপন স্বরূপে পিতার কাছে প্রকটিত হলে "জিয় জিয় বলিয়া শঙ্কর বোলে বাণী।।" সাপের দেবী মনসা— মর্ত্যে পূজা পাবার জন্য মনসাকে বহু কষ্ট ও যন্ত্রণা সহ্য করে দাঁতে দাঁত চেপে-লড়াই করতে হয়েছে— সেই সংগ্রামের কাহিনীই মনসামঙ্গল কাব্যে রূপয়িত হয়েছে। চাঁদ সদাগর হলেন এই কাব্যের নায়ক, দেবী মনসা হলেন প্রধান চরিত্র। চম্পক নগরের ধনী সদাগর চন্দ্রধর বা চাঁদ সদাগর পরম শৈব, নিষ্ঠা ভরে শিবপূজা করেন, শিব ভিন্ন অন্য কোন দেবতার পূজা করতে তিনি নারাজ, দেবীদের তো কথাই নেই। কিন্তু এই চাঁদ সদাগরের হাতে পূজা না পেলে মর্ত্যবাসী মনসার পূজা করবে না, আর মর্ত্যবাসীর কাছে পূজিত না হলে স্বর্গে মনসার স্থান পাকাপাকি হবে না, অন্য দেবতারা তাঁকে নিজেদের সমকক্ষরূপে মর্যাদা দেবেন না। অতএব যেন তেন প্রকারেণ চাঁদ সদাগরের কাছে পূজা পেতেই হবে মনসাকে। বিরূপ চাঁদ সদাগরকে নানাভাবে দুঃখ দিয়ে অবশেষে তাঁর পায়ে নতি স্বীকার করানোর জন্য মনসাকে বহু কৌশল করতে হয়—সেইসব ঘটনাকে কেন্দ্র করেই গড়ে উঠেছে মনসামঙ্গলের কাহিনী। তাই মনসামঙ্গলের দেবী মনসাকে অত্যন্ত নির্মম, নিষ্ঠুর ও প্রতিহিংসা পরায়ণা করে আঁকা হয়েছে বেশির ভাগ মনসামঙ্গল কাব্যে। কিন্তু জগজ্জীবন ঘোষাল মনসাকে অতটা হিংস্র, ক্রূঢ় করে আঁকেননি, বরং কিছুটা কোমলা ও স্নেহপরায়ণা মাতৃমূর্তিরূপে এঁকেছেন— এখানেই কবি জগজ্জীবনের কৃতিত্ব। তাঁর মনসা ভাগ্যবিড়ম্বিতা এক হতভাগিনী নারী, যিনি শিবদুহিতা হয়েও দেবীর মর্যাদা পাননি দেবতাদের কাছে। সুন্দরী পদ্মাবতীকে দেখে শিবের দুই ঘরণী— (গঙ্গা ও দুর্গা) প্রচণ্ড ক্ষুব্ধা হয়ে উঠেছেন— "পদ্মাকে দেখিয়া দেবী ক্রোধে জ্বলে ???।" কারণ তাঁরা ভেবেছেন নিশ্চয়ই এ তাদের আরেক সতিন—

"নিশ্চয় ভাংড়া শিব আনিলে সতিনী।" আর তাই তাকে তাড়াবার জন্য—"লাফ দিয়া পার্ব্বতী পদ্মার চুলে ধরে...
কেশ ধরিয়া মারে লাথি আর গুড়ি"—এই রকম মারধোর খেয়ে পদ্মা মিনতি করে বলে—
"না বোল সতীন মোকে না করিয়ে পাপ।
শিব মোর স্বামী নহে জন্মদাতা বাপ॥"
তাতেও রেহাই মেলে না পদ্মার। পার্বতীর লাথি খেয়ে —
"সমুখে লাগিল পদ্মার ভাঙ্গিল কাঁকালি।"
এবং

"আঙ্গুলের ঘায়ে তার চক্ষু হৈল কানা।"
অগত্যা পদ্মাবতী ফুঁসে ওঠেন
"সর্পরূপে পদ্মাবতী করিলেন ঘাঅ।
টলিয়া পড়িল দেবী কার্ত্তিকের মাঅ।।

পরে অবশ্য শিবের অনুরোধে পদ্মা দুর্গাকে জীবন ফিরিয়ে দেয়। কিছুদিন পরে নাগরাজ বাসুকির পরামর্শে শিব "জরৎকারুকে ডাকি আনে" এবং তার সাথে মনসার বিয়ে দিলেন।

বিয়ের পরে— "জরৎকার বোলে বাণী    এই কন্যা ব্রহ্মানী<br>
পদ্মা স্ত্রী হইল মোর যবে।<br>
মোর যদি গর্হিত    করিবেক কদাচিৎ<br>
এড়িয়া পলাইব তবে।।"

শুরু হল মনসার সংসার জীবন। কিছুদিন সুখেই কাটল সাগরের তীরে ঘুরে বেড়িয়ে। একদিন এক সরোবরের তীরে গাছের ছায়ায় জরৎকারু মুনি নিদ্রা গেলেন এই বলেই—

"মুনি বোলে পদ্মাবতী রহ এই ঠাঁই।<br>
তরুতলে শুঞা আমি কিছু নিদ্রা যাই...

ভরা সরোবরে    "চেঙ্গ বেঙ্গ মৎস্য সব করে খলখল।<br>
দেখিয়া পদ্মার মন করে কলকল।"

এবং পদ্মা ঘুমন্ত স্বামীকে রেখে সরোবরে নেমে সেই 'চেঙ্গ বেঙ্গ মৎস্য' ধরে খেতে শুরু করল। একটু পরে ঘুম ভেঙে মুনি এই দৃশ্য দেখে ভাবলেন—

"এই নারী করিবেক কুলের খাঁখার।" অতএব, এই নারীর সঙ্গে সংসার করা ঠিক হবে না। তাই সামান্য ছুতো করে গর্ভবতী মনসাকে একা রেখে মুনি বিদায় নিলেন। এই অবস্থায় অসহায়া মনসা বনে বনে ঘুরে গাছের ফলমূল খেয়ে দিন কাটালেন এবং এক সুন্দর পুত্রের জন্ম দিলেন যার নাম হল অস্তিক। এরপর শুরু হল কঠোর জীবন সংগ্রাম। স্বামী পরিত্যক্তা অসহায়া নারীর পুত্রকে মানুষ করার আপ্রাণ চেষ্টা। সন্তানকে বড় করার জন্য পদ্মা তখন ভাবলেন—

"পুত্র লৈয়া যাই আমি নরলোক-পাশ।<br>
মনুষ্য ভুবনে পূজা করি পরকাশ।"

বিত্তবান ব্যক্তিরাই সমাজের মাথারূপে স্বীকৃতি পান, তাই চম্পলানগরে অবস্থিত চন্দ্রপতি ওরফে চাঁদ সদাগরকেই মনসা বেছে নিলেন তাঁর পূজা প্রচার করার জন্য। কিন্তু চাঁদ বড় কঠিন ঠাঁই, তিনি শিবের একনিষ্ঠ ভক্ত; তাই "আমা বিনে অন্য দেব না পূজে বানিয়া"— শিবের এই বাক্য শুনেও পদ্মা পিতাকে অনুরোধ করলেন—

"তোমার আজ্ঞাতে চান্দো পূজে বা আমাক।" কিন্তু শিবের অনুরোধেও চাঁদ তাতে রাজি হয় না, বলে—"এক মহাদেব বিনে অন্য নাহি জানি।" সঙ্গে মনসাকেও নানা দুর্বাক্য বলে—

"স্বামীএ ছাড়িল যাকে দেখি অনাচার।<br>
হেনজনা পূজিবার ইচ্ছা থাকে কার।।" সেই সঙ্গে বলে—

"প্রতিজ্ঞা শুনহ মোর সংসারের মধ্যে তোর<br>
নাই দিব পূজা করিবারে।"

—এরপরে বাঁধল দ্বৈত সমর। চাঁদ কিছুতেই মনসার পূজা করবে না, আর মনসাও চাঁদের হাতে পূজা নেবেন কোন না কোন প্রকারে।

মনসা প্রথমে অনুনয় বিনয় করলেন চাঁদকে, কিন্তু চাঁদ অনড়। তখন মনসা রেগে গিয়ে বললেন—" অবশ্য বিনাশিব তুমার পুত্র ছয়।"

শুনেই চাঁদ রেগে গিয়ে "হেমতাল মারে চান্দো ক্রোধে কম্পমান।
রথে লাগিল পদ্মা হইল অন্তর্দ্ধান।"

এর পরে একে একে ছয় পুত্রের মৃত্যু হল কালনাগের দংশনে— চাঁদ মাথায় হাত দিয়ে হাহুতাশ করল, কিন্তু মনসার পূজা করতে রাজি হল না কিছুতেই।

এরপর বাণিজ্যে যাবার জন্য প্রস্তুতি নিল চাঁদ সদাগর। যাবার সময় পত্নী সনকা ব্যাকুল স্বরে মিনতি করলেন— "মনসাকে দেহ ফুল জল" তাহলে যাত্রা শুভ হবে কিন্তু চাঁদ তাতে সম্মত নয় কিছুতেই—

বরং ক্রোধে বোলে সদাগর....

"যেই হস্তে পূজি হর অখিলের ঈশ্বর
হেন হস্তে পদ্মাকে নাহি দিব পানি।"

এরপর বাণিজ্যে যাত্রা করে রাজার দরবারে হাজির হয়ে বণিজ্যে প্রচুর লাভ করল চাঁদ তথা চন্দ্রপতি। এবং বাড়ি ফেরার জন্য ডিঙ্গাতে উঠল—তখন মনসার আজ্ঞায় নদনদীরা প্রচণ্ড ঝড়বৃষ্টি শুরু করল যাতে চাঁদের ডিঙ্গা সমেত সব ডুবে যায়। কিন্তু চাঁদকে প্রাণে বাঁচিয়ে রাখার জন্য অনুরোধ করল পামা তথা মনসা—

"প্রাণে না মারিহ তাকে রাখিহ যতনে।" কারণ

"পদ্মা বলে বানিজ্ঞা ডুবিয়া যদি মরে।
কি সর্ত্তে পাইব পূজা পৃথিবী ভিতরে।।"

পথে বাঁচবার জন্য চাঁদ যতরকম ভাবে চেষ্টা করেছে ততবারই পদ্মা নানাভাবে তাকে হেনস্থা করেছে এমনকি সমকাকে স্বপ্ন দিয়ে চাঁদকে চোর বলে মারও খাইয়েছে।

এরপর উষা অনিরুদ্ধকে শাপগ্রস্ত করে চাঁদের পুত্র লখিন্দর রূপে ও পুত্রবধু বেহুলারূপে মর্ত্যে জন্ম নেবার ব্যবস্থা করল পদ্মা— কারণ—

"পদ্মা বোলে মোর দেশে চান্দো সদাগর বৈসে
মোর পুজা সেই করে বাদ।
উষা অনিরুদ্ধ আর পুত্রবধূ কর তার
তবে সে সাধিতে পারি বাদ।।"

কিছুদিন পর অনিরুদ্ধ লখিন্দররূপে চাঁদের পুত্ররূপে এবং উষা বেহুলা নামে বাছো ও মেনকার কন্যারূপে জন্ম নিলেন। দুজনের বিয়ের বয়স হলে চাঁদ বিহুলাকে পুত্রবধূ করার অভিলাষে পরীক্ষা নিতে গেলেন—

"যদি সিজাইতে পারে লোহার কালাই।
তবে কন্যার বিভা দিব দুর্লভ লখাই।।"

কারণ লখিন্দরের জীবনে অভিশাপ ছিল বিয়ের রাতে বাসরঘরে তাকে সাপে কামড়াবে। তাই এমন বধু দরকার যাতে সে সাবিত্রীর মত মৃত স্বামীকে প্রাণে বাঁচিয়া আনতে পারে। এবারেও পদ্মা অগ্নিকে অনুরোধ করল—সিজাহ লোহার কালাই রাখহ পিরীতি।"

"পদ্মার আদেশে অগ্নি জ্বলিল আপনি।
সিজায়া লোহার কালাই হাসে বানিয়ানী।।"

নির্দিষ্ট সময়ে লখিন্দর ও বিহুলার বিয়ে হল, তাদের জন্য লোহার বাসরঘর তৈরি করেছিল চাঁদ কিন্তু পদ্মার

কথায় সেখানে ঢুকেও সাপের ছোবল খেতে হয় লখিন্দরকে—

“শুনিয়া পদ্মার কথা    অহিরাজ তুলে মাথা
ছত্র ধরে বালার উপরে
পাইয়া বিষের তাপ    ফিরিযা দেখিল সাপ
টলিয়া পড়িল লখিন্দরে।।”

বিহুলা তখন হাহাকার করে ওঠে—

“পদ্মা মোর করিল দুর্গতি।
বিবাহ সময়ে মোর মারে প্রাণপতি।।”

সেইসময় চাঁদ রেগে গিয়ে—

“স্ত্রীহত্যা দিব আজি পদ্মার উপর।”

ব’লে আস্ফালন করলে বিহুলা তাকে বলে—

“না কান্দ শ্বশুর সদাগর
অপেক্ষা করিহ মোর এ দুই প্রহর।
জিইঞা না উঠে যদি তুমার কুমার।
তবে সে করিহ পাছে দেশ-ব্যবহার।।”

কালীদহের তীরে গিয়ে বিহুলা মনসার পূজা শুরু করলে প্রচুর সাপকে পাঠিয়ে মনসা তাকে ভয় দেখায় কিন্তু বিহুলা তাতে ভয় না পেয়ে বলে—

“মোরে দয়া কর দেবী শঙ্কার-ঝিয়ারী।...
... প্রাণত্যাগ করিব আমি সপের কি ডর।।”

এবং

“গলায় কাটারি দিঞ চাহে মারিবার।”

সেই দেখে “মনসা পাইল ভয়” এবং বিহুলাকে জানায়—

“জিঞাই দিনু নিশ্চয় বালা লখিন্দর।।

তখন লখিন্দর প্রাণ ফিরে পেলেও পরে আবার কালনাগিনীর দংশনে লখিন্দরের প্রাণ গেল। সেই সময় চাঁদকে পদ্মার পূজা করতে বললেও চাঁদ কিছুতেই রাজি হল না। বলল—

“পুত্রের কি কার্য্য যদি আপনে মরিব।
তথাপি পদ্মার আমি পূজা না করিব।।”

এই বলে পুত্রের দেহ পোড়াবার উদ্যোগ করলে বিহুলা তাকে অনুনয় করে বলল—

“না মার শ্বশুর মোকে পোড়াঞা আনলে।।
ভাসাইয়া দেহ মোকে সাগরের জলে।।”

সেই কথা শুনে চাঁদ লখিন্দর ও বিহুলাকে ভেলায় করে জলে ভাসিয়ে দিল।

“বিহুলা সুন্দরী    স্বামী কোলে করি
ভাসিল সাগরের পানি।।”...

## ৪১তম বার্ষিক সম্মেলন

“খরস্রোতে ভাসি যায় সুন্দরীর ভেলা।”

পথে নানান বাধা বিপত্তি ও দুর্যোগের সম্মুখীন হতে হল বিহুলাকে। সেই বিপদের মুখে বিহুলা পদ্মাকে স্মরণ করল—

“জোড়কর করি কন্যা ডাকে বানিয়ানী।
মোরে রক্ষা কর মাঅ শঙ্করনন্দিনী।।”

সেই কাতরোক্তিতে পদ্মাও দুঃখিত হয়ে “সঙ্কট তরাইতে” বিহুলার কাছে গিয়ে হাজির হলেন— এবং নানারকমভাবে বিহুলার সতীত্বের পরীক্ষা নিলেন। শেষে সন্তুষ্ট হয়ে নেতা ধোপানীর মারফৎ তাকে শিবের স্মরণ নিতে বললেন।

“নেতা বোলে অহে কন্যা রহ এই ঠাঁই।
যাবত তুমার বার্ত্তা শিবকে জানাই।।”

নেতার মুখে ক্রন্দনরতা বিহুলার বিপর্যয়ের কথা শুনে শিব তাকে ডেকে আনলেন এবং বললেন—

“বোলে দেব ত্রিপুরারি নৃত্য জান বিদ্যাধরী
নৃত্য কর দেবের সাক্ষাত
আমার ঝি পদ্মমণি ডাকিয়া পুছিব আনি
কি দোষে মারে তোর প্রাণনাথ।।”

এরপর

“গীত গায় বিদ্যাধরী মৃদঙ্গ বাজায়।
বিহুলাসুন্দরী নাচে শিবের সভায়।।”

এবং সেই নৃত্য দেখে শিব খুবই খুশি—

“আজি হরের আনন্দিত মনে।”

মনসাকে নেতা তার পরিচয় দিলেন এই বলে—

“নেতা বোলে নহে নটী চান্দোর বধূ বাছোর বেটি
যার স্বামী মারিলে মোড়ঘরে।
ভাসিয়া কলার ভুরে আসিয়াছে দেবপুরে
নৃত্য করে শিবের গোচরে।।”
পদ্মা বোলে নেতা শুন বিবদে করিল খুন
কার শক্তি দেয় জিয়াইঞা
খতি আছে দেবগণ দেখি জিয়ায় কুন জন
যাবত না পূজে বিবাদিয়া।।”

অর্থাৎ চাঁদ তাঁর পূজা না করা পর্যন্ত লখিন্দরের প্রাণ ফিরিয়ে দেওয়া যাবে না। তাই শিব ডেকে পাঠালেও প্রথমে পদ্মা তাঁর কাছে যেতে চাননি। পরে শিব রাগারাগি করলে যেতে বাধ্য হলেন। শিব তাঁকে অনুরোধ করলেন—

“শিব বোলে পদ্মাবতী শুন মোর বাণী।
জিয়াইঞা দেহো বাছা চান্দোর পুত্রখানি।।”

উত্তরে কন্যা জানালেন—

"কান্দেন পদ্মা বাপের ধরিঞা চরন।
সহন না যায় বাপু চান্দোর বচন।।
একে চান্দো মোকে না দেয় ফুলপানি।
আর বোলে মোকে বাপু বেঙ্গখাকি কানী।।
...

আর বোলে মোকে বাপু ঢেমন ভাতারী।
চান্দোর অপমান বাপু সহিতে না পারি।।
পদ্মা বোলে চান্দো মোর মনে করে বাদ।
মারিয়াছি পুত্র তার সাধিয়াছি বাদ।।"

সভার সাক্ষাতে বালী করুক অঙ্গীকার।
শ্বশুরের হস্তে পুজা করাবে আমার।।

অঙ্গীকার করি বালী বোলে দেবতারে।
দেয়াইব ফুলজল শ্বশুরের করে।।"

এরপর মনসা লখিন্দরের জীবন ফিরিয়ে দিয়ে বিহুলাকে বললেন—

"স্বামী সঙ্গে যাহ তুমি চম্পাবতীপুর।
আমার পূজা করে যেন তোমার শ্বশুর।।"

এরপরে বিহুলার অনুনয়ে লখিন্দরের ছয়দাদাকেও বাঁচিয়ে দেওয়ার ব্যবস্থা করল পদ্মা। এবং তাদের সকলকে দেশে ফিরে যাবার জন্য চাঁদের ডুবে যাওয়া ডিঙ্গাও ফিরিয়ে দিল। শুধু তাই নয়, আকাশপথে নিজেও ছুটে গেলেন চম্পলানগরীতে, রাতে সনকাকে স্বপ্নে দেখা দিয়ে জানালেন তার পুত্রেরা ফিরে এসেছে। স্বপ্ন দেকে সনকা ছুটে গেলেন ছেলেদের ঘরে আনতে। তারপর সব পুত্র ও পুত্রবধূদের ফিরে পেয়ে চাঁদ ও সনকা আনন্দে ডগমগ হয়ে বিহুলাকে অনেক আশীর্বাদ করল—

চান্দো বোলে ধন্য ধন্য তোমার জীবন।
তোমার প্রসাদে পাইল পুত্র সাত জন।"

তখন বিহুলা হাত জোড় করে বলল—

"বালী বোলে শুনহ শ্বশুর অধিকারী।
আপনার হস্তে তুমি পূজহ বিষহরি।।"

কিন্তু চাঁদ নারাজ—

"ক্রোধ হৈয়া চান্দো তবে বোলিলেন বালী।
না পূজিব না পূজিব বেঙ্গখকি কানী।।"

'এখনো বিবাদিয়া শ্বশুর', পূজহ ব্রহ্মানী।
তোমার পূজার সাক্ষী হৈল দেবগণ।
তবে সে জিয়ালু বাপ তোমার নন্দন।।"

পদ্মা তখন শিবের কাছে অভিযোগ করলেন—

"তুমার বচনে তার জিয়াইল কুঙর।
তথাপি না পূজে মোকে চান্দো সদাগর।।"

শিব তখন সব দেবতাদের পাঠালেন চাঁদকে মনসার পূজা করবার অনুরোধ জানাতে, তাঁর কথায়—

"স্বর্গে থাকি দেবগণ চান্দোকে বোলে বাণী।
এখন বিবাদিয়া চান্দো দেহ ফুল পানি।"
তখন চাঁদ রাজি হয়ে বলল "শঙ্কর পূজিয়া পাছে পূজিব ব্রহ্মাণী।
কারণ "লঙ্ঘন করিতে নারি দেবতার বাণী।"
"সভে বোলে পূজ পূজ পুত্রগণ তরে।
মর্ত্ত্যে পুজা হয় যদি পূজে সদাগরে।"
"হেট মুণ্ডে রহে চান্দো দুঃখিত অন্তরে।
এতদিনে পদ্মা বাদ সাধিলো আমারে।।
চান্দো বোলে বেননী শুনহ চন্দ্রমুখী।
আমি পূজিব যদি মনসা হয় সুখী।।"
...
"পদ্মা পূজিবারে চান্দো হইল সাবধান।
...
পুষ্প লৈয়া চান্দো করি জোড় কর।
প্রথমে পূজিল চান্দো অনাদি ঈশ্বর।।
...

তারপর একে একে শিব, পার্বতী, নারদ, গণেশ—এঁদের সকলের পূজা করে মনসার পূজা করতে বসলেন, কিন্তু ডান হাতে নয়, বাম হাতে "বাম হস্তে চান্দো পূজে বিষহরি।"

মনসা এতেই খুশি—"পূজা পাঞা পদ্মাবতী হৈল আনন্দিত।"

পদ্মা আনন্দের সঙ্গে স্বর্গে গিয়ে ইন্দ্রকে ধন্যবাদ জানালেন—

"পদ্মা বোলে ইন্দ্র মোকে পুরাইলে সাধ।
উষা অনিরুদ্ধ মোকে সাধিয়া দিল বাদ।"
এরপর অনিরুদ্ধ রূপে বিহুলা লখিন্দর স্বর্গে ফিরে গেল এবং জানাল—
"পালন করিল আজ্ঞা সকল।
নিজপুরী ফিরিয়া আইনু পুনর্বার।
মনসার পূজা হৈল জগত প্রচার।"

এরপরে মনসামঙ্গল গানেরও সমাপ্তি টানলেন কবি জগজ্জীবন।

তাহলে এই মঙ্গল কাব্যে উত্তরবঙ্গের ভাষা ও লৌকিক শব্দ ব্যবহার করে কবি জগজ্জীবন চাঁদ চরিত্রের মধ্যে একদিকে শিবের প্রতি একনিষ্ঠতা, আবার সেই সঙ্গে অন্য সব দেবতাদের সম্মান জানিয়েও শেষ পর্যন্ত সকলের অনুরোধে মনসাকে পূজা দিতে রাজি হয়েছে, কিন্তু তার নিজের জেদ বজায় রেখেছে 'যেই হাতে আমি পূজি দেব শূলপানি" সেই হাতে সে মনসার পূজা করবে না। তাই মনসার পূজা করেছে ডান হাতে নয়, বাম হাতে—এখানেই চাঁদ সদাগরের অনমনীয় দৃঢ়তা পৌরুষ।

অন্যদিকে মনসাও শুধু মাত্র নিজের পূজা পৃথিবীতে প্রচার করে আত্মপ্রতিষ্ঠা লাভ করতে চেয়েছেন, তাই চাঁদকে নিজের পূজা দেবার জন্য নানান কৌশল তাঁকে করতে হয়েছিল। নইলে তিনি এমনিতে না চাঁদের ছেলেদের হত্যা করতে চেয়েছেন না চাঁদের চৌদ্দ ডিহা ডুবিয়ে ধনজন বিনষ্ট করতে চেয়েছেন—সবটাই তিনি করেছেন বাধ্য হয়ে। সেই কারণেই সব কিছু একে একে ফিরিয়েও দিতে বিন্দুমাত্র দেরি করেননি। তাই অন্যান্য 'মনসামঙ্গলের' মনসার মত তিনি ভয়ঙ্করী, হিংস্র, নিষ্ঠুর নন, বরং মায়ের মত স্নেহকোমলা ও মমতাময়ী রমনী রূপেই তাঁকে আমরা দেখতে পাই এই কাব্যে। আসলে এ তো তাঁর সন্তানকে বাঁচিয়ে রাখার জন্য মরিয়া লড়াই— তাই মনসা এখানে সত্যিকারের জননী হয়ে উঠেছেন—একথা বলা যায়। তিনি সকলকে যথাযথ সম্মান ও কৃতজ্ঞতা জানাতেও ভোলেননি, তাই শেষ পর্যন্ত ইন্দ্রকে স্বর্গে গিয়ে উষ্ণা অনিরুদ্ধকে তাঁর পূজা প্রচারের কাজে সহায়তা করার জন্য ধন্যবাদ জানিয়েছেন—এখানেও মনসা স্নেহময়ী হয়ে উঠেছেন।

# শতবর্ষে তপন সিংহ : ফিরে দেখা, ফিরে চেনা

**সুজিৎ চট্টোপাধ্যায়**

গভর্নমেন্ট কলেজ অব এডুকেশন, বর্ধমান

কে ছিলেন তপন সিংহ? একজন চিত্র পরিচালক মাত্র? না, তপন সিংহ ছিলেন একজন চলচ্চিত্রকার বা ফিল্মমেকার। ক্যামেরা, লাইট, সাউন্ড, চিত্রনাট্য, সঙ্গীত দিয়ে তিনি নিজের সিনেমাটিক ভাষায়, নিজের দৃষ্টিভঙ্গিতে - মননশীলতায় সাহিত্যিকের কোন একটি সাহিত্যকর্মকে চলচ্চিত্রে রূপদান করতেন। বিশিষ্ট সাহিত্য তার সমস্ত রূপ রস গন্ধ নিয়ে বইয়ের সাদা পাতা থেকে সাদা পর্দায় জীবন্ত হয়ে ওঠে। সাহিত্য তাঁর হাতে অন্য মাত্রা নিয়ে, অন্য ব্যঞ্জনা নিয়ে মূর্ত হতো। নির্বাক সাহিত্য যেন চলচ্চিত্রের পর্দায় বাঙ্ময় হয়ে উঠত। এইখানেই তিনি নিছক ক্যামেরার পিছনে দাঁড়িয়ে 'স্টার্ট' ও 'কাট' বলা পরিচালক নন। তিনিও এক স্বতন্ত্র নির্মাতা। সেই নবনির্মাণের মাধ্যম ছিল চলচ্চিত্র। তাই তিনি চলচ্চিত্রকার, কিংবা বলা যায় তিনি auteur অর্থাৎ এমন একজন চলচ্চিত্রকার যিনি তাঁর পরিচালিত ছবিতে একজন author-এর পর্যায়ে সৃষ্টিশীলতা করেছেন। তপন সিংহ একজন auteur।

বাংলা সিনেমায় যে ত্রয়ীর নাম যে কোন বৌদ্ধিক আলোচনায় চলে আসেন, তার শিরোমণি ছিলেন সত্যজিৎ রায়। অন্য দুজন মৃণাল সেন ও ঋত্বিক ঘটক। এদের নিয়ে বাঙালি আলোচনা করতে স্বচ্ছন্দ। এদের ছবিই যেন ক্লাসিক্যাল। এনারা যা কিছু করেছেন, তাকেই বাঙালি তত্ত্বগতভাবে আদর্শ বলে মনে করেছে। সাধারণের কাছে দুর্বোধ্যতা থাকলেও সেটা পরিচালকের প্রকাশভঙ্গির জটিলতা নয় বরং তাকে তাত্ত্বিকতার বর্ম পরিয়ে সাধারণ দর্শকের ফিল্ম বোঝার বুদ্ধি নিয়ে প্রশ্ন তোলা হয়েছে। আবার কখনো তাত্ত্বিকতা দিয়ে না হলে টেকনিক্যাল নৈপুণ্যের নানা Jargon দিয়ে এমন একটা বাতাবরণ করা হয়েছে, যেন ঐ ত্রয়ীর বাইরে ছবি তেমন কিছু নয় - নিছক বিনোদন মাত্র। ফলে চলচ্চিত্র সমালোচনার বিশাল পর্ব জুড়ে সত্যজিৎ-মৃণাল-ঋত্বিকের oeuvre। বাঙালি মৃণালের 'ওকা কুরি কথা'র দারিদ্রকে নিয়েছে নির্মম দারিদ্র্য হিসেবে আবার সেই বাঙালি 'পথের পাঁচালি'র দারিদ্র্যকে গ্রহণ করেছে কাব্যিক, পেলব দারিদ্র হিসেবে। কিন্তু এই জগতে যেন তপন সিংহ কিছুটা ব্রাত্য, কারণ জিনিয়াসদের আলোচনায় আমরা এতটাই আদিখ্যেতা দেখাই ঝা উন্নাসিকতা দেখাই। অথচ তপন সিংহের মত পরিচালকরা। প্রদীপের পিলসুজের মতো বাংলা চলচ্চিত্রের ব্যবসার বক্স অফিসকে তুলে ধরে রেখেছেন। উপরের লোকজন আলোল্লা পায় আর পিলসুজের গা বেয়ে তেল গড়িয়ে পড়ে। তপন সিংহ যেন 'চলচ্চিত্রে উপেক্ষিত'। অবশ্য শুধু তপন সিংহহ একা নন, এ ধরণের পরিচালক আরো অনেকেই আছেন।।। এঁদের ছবিতে বিপুল লক্ষ্মীলাভ হয়েছে বলেই, অনেক ছবিতে যেখানে হলে মাছি তাড়ানো হয়, তাদের অভিঘাতটা সহ্য করতে পেরেছে বাংলা ইন্ডাস্ট্রি।

অথচ তপন সিংহের ছবিকে মূলধারার বাণিজ্যিক ছবি বা 'বেদের মেয়ে জ্যোৎস্না' টাইপের ছবিও বলা যাচ্ছে না। এই 'পথের পাঁচালী' ও 'বেদের মেয়ে জ্যোৎস্না' – দুই বিকর্ষণমুখী ছবির মাঝখানে অন্তহীন যে পরিসর সেখানে তরী ভেড়ালেন তপন সিংহ- নাম দেওয়া হল 'মিডল-অফ-দি-রোড মুভিজ'। তপন সিংহ কি করলেন? সারা জীবন ধরে শিশুসুলভ কল্পনা নিয়ে সাহিত্যকে চিত্রায়িত করে গেলেন এবং সমাজ সচেতন মানসিকতায় পূর্ণ ছবি করে গেলেন, কোন সরকারী খেতাব-তকমা-পুরস্কার-স্বীকৃতির অপেক্ষা না করে। তিনি এসবকে পাত্তাই দিলেন না। বাংলায় তপন সিংহের প্রবেশকে সায়নদেব চৌধুরী Hindusthan পত্রিকায় ব্যাখ্যা করে বলেছেন "Bengali cinema has got its first artistic, and art cinema its first unrepentant entertainer." এর ফলে কি হল - But soon a magical union of liberate art and critical population made Tapan Sinha's film the raison d'etre of middle of the Road. এর ফলে জটিল সম্পর্ক ধারণাকে সহজ সরল ভাষায় উপস্থাপন করা হল, যাকে The Hindu পত্রিকা ফালকে পুরস্কার পাবার পর বলেছিল Complex ideas through a simple narrative. এই simple narrativeটাই তপন সিংহের ঘরানা। আর্ট ফিল্ম ও বাণিজ্যিক ছবির মধ্যে এক শিল্পসম্মত সামঞ্জস্য এনে নিজের class তৈরী করেছিলেন।

আসলে আমরা জিনিয়াসদের নিয়ে আলোচনা করতে বেশি ভালোবাসি বা বলা যায় একটু আদিখ্যেতা করি এবং তা করতে গিয়ে প্রতিভাবান অন্যান্যদের অহেতুকভাবে • খাটো করি। আর তিনি যদি বাণিজ্যিক সফল হন তাহলে তো কথাই নেই। তপন সিংহের প্রায় প্রতিটি ছবিই বাণিজ্য সফল। সর্বোপরি, তপন সিংহের সবচেয়ে বড় সম্পদ হল বৈচিত্র। তাঁর ফিল্মোগ্রাফি দেখলেই বোঝা যায় বারবার তিনি বিষয় বদলেছেন। রবীন্দ্রনাথ, তারাশংকর, বনফুল, শরদিন্দু, শৈলজানন্দের পাশাপাশি নারায়ণ গঙ্গোপাধ্যায়, রমাপদ চৌধুরী, শংকর, সুনীল, গৌরকিশোর ঘোষ – কার কাহিনী থেকে সিনেমা করেননি! আবার সংবাদপত্রের কাটিং থেকেও ছবি করেছেন। একই সঙ্গে নায়ক-নায়িকা হিসেবে কাকে নেননি! উত্তম, সৌমিত্র, দিলীপকুমার, অশোককুমার, নির্মল কুমার, অনিল চ্যাটার্জী যেমন আছেন তেমনি আছেন মাধবী চট্টোপাধ্যায়, অরুন্ধতীদেবী, শর্মিলা ঠাকুর, তনুজা, অপর্ণা সেন, সায়রাবানু, বৈজয়ন্তীবালা, শাবানা আজমি, শতাব্দী রায়। পাশাপাশি মনোজ মিত্র, স্বরূপ দত্ত, শমিত ভঞ্জকে গুরুত্বপূর্ণ ভূমিকায় অসাধারণ অভিনয় করিয়ে নিয়েছেন। তপন সিংহ যাই করুন না কেন জনগণের সঙ্গে তাঁর যোগাযোগ ছিল। আর ছিল চিরকালীন মূল্যবোধের প্রতি অটুট বিশ্বাস, যা তার ছবিতে বারবার ফিরে এসেছে।

তাঁর সিনেমার মধ্যে এই বিপুল বৈচিত্রের যে সম্ভার রয়েছে, তার কারণ তিনি ছবি করেছেন সাহিত্য থেকে উপাদান নিয়ে। তিনি জানতেন সাহিত্য হল চলচ্চিত্রের উৎস। তিনি নিজে মনে করতেন চলচ্চিত্রের ইতিহাসে সাহিত্য ধ্রুবতারার মতো উজ্জ্বল। 'চলচ্চিত্রের চালচিত্র' প্রবন্ধে তপন সিংহ লিখেছেন "প্রশ্ন আসে, সাহিত্য থেকে সিনেমা করা কি এতই জরুরি? একজন পরিচালকের চোখে যদি সাহিত্যিকের বৈচিত্র্যে-ভরা চরিত্রসৃষ্টি জীবনমুখী হয় -বিষয়বস্তুর উত্তরণ, পরিবেশ সৃষ্টি যদি তাঁর কাছে অভিনব বলে মনে হয়, তাহলে তা নিয়ে ছবি করতে ক্ষতি কি! ইতিহাসের পাতায় ক্ষতির কথা লেখা নেই। চিরকাল সকল ছবি হিসেবে সমাদৃত হয়েছে।" তিনি মনে করতেন

পরিচালক নিজের বক্তব্য রাখবেন লেখকের আড়ালে। একই প্রবন্ধে তিনি বলছেন আরও স্পষ্ট করে - "সফল বাণিজ্য প্রযোজকরা দেখলেন, দর্শকরা সবটাই জুড়ে আছেন পৃথিবীর শিক্ষিত মধ্যবিত্ত পরিবার। তাঁরা পরিষ্কার-পরিচ্ছন্ন ছবি দেখতে চান। কোনরকম রোমহর্ষক, ক্রাইম, রক্তারক্তি তাঁদের পছন্দ নয়। সেক্স তো নৈব নৈব চ। পরিবারের সবাইকে নিয়ে দর্শক নির্জলা আনন্দ উপভোগ করতে চাইতেন। আর এ আনন্দ একমাত্র সাহিত্যই দিতে পারে। তখন কেউ সিনেমাতে একাডেমিক্স-এর ধার ধারতেন না।" সৌমিত্র চট্টোপাধ্যায় 'চরিত্রের সন্ধানে' বইয়ের 'তপনদার সম্মানে' প্রবন্ধে লিখেছেন "সাধারণভাবে তপনদা ছবিতে গল্প বলতেই ভালবাসতেন। সরল-সাধারণভাবে ছবি করাতেই বিশ্বাস করতেন, চোখ ঝলসানো চটকদারীতে তাঁর আস্থা ছিল না।" ফলে তপন সিংহ তর্কাতীতভাবে সমান্তরাল সিনেমার কক্ষপথের বাইরে সবচেয়ে আপসহীন চলচ্চিকার। তাঁর প্রতিটি চলচ্চিপত্র ব্যাপকভাবে পঠিত সাহিত্যকর্ম থেকে অত্যন্ত বিশ্বস্তভাবে অভিযোজিত হয়েছে। দর্শকদের মধ্যেও সঞ্চার করতে পেরেছেন সিনেমা সচেতনা। সিনেমার মধ্যে উঠে এসেছে ব্যক্তি, সমাজ, ইতিহাস, সমকালীন রাজনীতি। বার বার বাঁক বদল হয়েছে। পরপর একই বিষয় নিয়ে ছবি করেননি।

১৯৫৪ সালের ১৯শে মার্চ চলচ্চিত্রকার হয়ে তপন সিংহের আত্মপ্রকাশ। মুক্তি পায় 'অঙ্কুশ'। নারায়ণ গঙ্গোপাধ্যায়ের 'সৈনিক' গল্প অবলম্বনে এ ছবি তৈরী। এক জমিদারের হাতির সেই জমিদারের অবর্তমানে কি অবস্থা হয় তা নিয়েই ছবি। দ্বিতীয় ছবি, শৈলজানন্দ মুখোপাধ্যায়ের কাহিনি অবলম্বনে 'উপহার' (১৯৫৫)। এক কৃপণের গল্প। উত্তমকুমার, মঞ্জু দে থাকলেও উত্তমকে নিয়ে রোমান্টিক ছবি করেননি। অথচ সেই বছরেই উত্তমের বিখ্যাত ছবি সুচিত্রার সঙ্গে 'শাপমোচন'। তৃতীয় ছবি, বিভূতিভূষণ মুখোপাধ্যায়ের কাহিনি অবলম্বনে 'টনসিল' (১৯৫৬)। হাসির ছবি। মাধবী মুখোপাধ্যায়ের আত্মপ্রকাশ এ ছবিতে। এরপর এলেন রবীন্দ্রনাথ। তপন সিংহ রবীন্দ্রনাথের ভাবশিষ্য, ১৯৫৭সালে তৈরী হল 'কাবুলিওয়ালা'। রবীন্দ্র কাহিনীর প্রতি বিশ্বস্ত থেকেও তিনি নিজের মনের রসায়নে ছবিকে পরিবর্তন করেন তা অভূতপূর্ব। চিরন্তন পিতৃহৃদয়ের সন্তানের প্রতি আকুতি, মর্মবেদনা পরিস্ফুট হয়েছে। পরের ছবি সম্পূর্ণ অন্য বিষয় নিয়ে করতে গিয়ে চলে গেলেন কারাগারের অন্ধকারে। সাধারণ মানুষ কিভাবে অপরাধী হয়ে ওঠে তাই উঠে আসে। সাহিত্যিক জরাসন্ধের আত্মজীবনী 'লৌহকপাট' অবলম্বনে ছবি তৈরী হল 'লৌহকপাট' (১৯৫৮)। কমল মিত্র, নির্মলকুমার, অনিল চ্যাটার্জী অসাধারণ অভিনয় করেন। পরের ছবি রমাপদ চৌধুরীর গল্প 'বিবিকরজ' থেকে তৈরী হল 'কালামাটি' (১৯৫৮)। কয়লাখনি এলাকার একটি নার্স অনুপমাকে ঘিরে উঠে আসে মানবিক সম্পর্ক। আবার প্রেমের গল্প থেকে তৈরি হয়েছিল 'ক্ষণিকের অতিথি' (১৯৫৯)। ১৯৬০-এ রবীন্দ্র ছোটগল্প নিয়ে তৈরী হল অসাধারণ ছবি 'ক্ষুধিত পাষাণ'। অনেকেই জানি সৌমিত্র চট্টোপাধ্যায়ের প্রথম ছবি সত্যজিতের 'অপুর সংসার'। কিন্তু সৌমিত্রর দ্বিতীয় ছবি হল 'ক্ষুধিত পাষাণ' এবং স্বয়ং সত্যজিৎ, সৌমিত্রকে তপনবাবুর ছবি করতে বলেন। একথা স্বয়ং সৌমিত্র 'চরিত্রের সন্ধানে' বইয়ে উল্লেখ করেছেন।'

তপনবাবু এ ছবিতে সৌমিত্রকে ঘোড়ায় চড়া শেখার ব্যবস্থা করে দেন। শুধু তাই নয় কেমন করে হাঁটতে হয় সেটা সৌমিত্রকে শেখান তপন সিংহ। সৌমিত্র লিখছেন "নিজে হেঁটে দেখিয়ে

দিতেন নায়কোচিত পদক্ষেপ কেমন হওয়া উচিত। ব্যাখ্যা করে বুঝিয়ে দিতেন হাঁটার সময় শরীরের ছন্দ কেমন হবে, হাতের কাঁধের বুকের পেটের অবস্থান কেমন হবে, পদক্ষেপের দৃঢ়তায় কেমন করে আত্মপ্রত্যয়ী ব্যক্তিত্বের প্রকাশ হতে পারে, একটি পদক্ষেপ থেকে আরেকটি পদক্ষেপের দূরত্বের হ্রস্ব-দীর্ঘতার, তারজন্যে কীভাবে চরিত্রের বিভিন্নতা বোঝা যেতে পারে।" ঠিক পরের ছবি শরদিন্দু বন্দ্যোপাধ্যায়ের 'ঝিন্দের বন্দী'তেও (১৯৬১) সৌমিত্র অভিনয় করেন। এ ছবিতে 'উচ্চকিত হাসির রকমফের শিখতে হল', বলেছেন সৌমিত্র 'এ সবের ক্ষেত্রেও তপনদা সচেতনভাবে শিক্ষকের ভূমিকা নিয়েছিলেন'। উত্তম-সৌমিত্র'র যুগলবন্দীতে এ ছবি আজ ইতিহাস।

পরের ছবি তারাশঙ্করের এপিকধর্মী উপন্যাস 'হাঁসুলীবাঁকের উপকথা'কে নিয়ে (১৯৬২)। হাঁসুলিবাঁকের কাহারদের জীবনযাপন উঠে এসেছে চলচ্চিত্রে। 'নির্জন সৈকতে' (১৯৬৩) পাঁচ বিধবাকে নিয়ে কাহিনী। এ ছবিও সাহিত্য নির্ভর। কাহিনী কালকূট। বিধবাদের চরিত্র বিশ্লেষণে তপন সিংহের অসাধারণ মুন্সীয়ানা দেখা যায়। প্রবল জনপ্রিয় হয় ছবিটি। পরের ছবি 'জতুগৃহ' (১৯৬৪) সুবোধ ঘোষের গল্প। এক দম্পতির ভালোবাসার নীড় ভেঙ্গে যাওয়ার নিটোল গল্প। বনফুলের 'অর্জুন মণ্ডল' গল্প অবলম্বনে তৈরী করলেন ছবি 'আরোহী' (১৯৬৪)। এক গরিব জেলে বিশু সৎ চরিত্রের মানুষের জীবন সংগ্রামের কাহিনী। প্রতিটি সিনেমাতে তপন সিংহ বিষয়বস্তু পালটেছেন। সংগ্রামের মধ্যে মানুষের বড় হবার গল্প আগে চলচ্চিত্রায়িত হয়নি। 'অর্জুন পণ্ডিত' নামে হৃষিকেশ মুখার্জী হিন্দিতে ছবি করেন। 'আরোহী' নাম ঠিক করেদেন বনফুল স্বয়ং। এ ছবির রিলিজ নিয়ে হয় নাটকীয় কান্ড। রিলিজের আগে পশ্চিমবঙ্গে সব হলের কর্মীরা হরতাল ডেকে বসেন । তপন সিংহের মাথায় হাত। মুক্তির দুদিন আগে ছবিটা হলে চালিয়ে কিছু টেকনিক্যাল বিষয় দেখা হল। শূন্য হলে তপন সিংহ ও কিছু সহকর্মী। ছবি চলল। সবার অজান্তে ধর্মঘটী কয়েকজনও ছবিটা দেখলেন। ছবি দেখে তাঁরা অভিভূত। হরতাল কিছুদিনের জন্য প্রত্যাহার করা হল। বাংলা চলচ্চিত্রের ইতিহাসে এ ঘটনা বিরল। এরপর রবীন্দ্রনাথের ছোটগল্প নিয়ে করলেন 'অতিথি' (১৯৬৫)। ছবির থিম সংটাই যেন ছবির বক্তব্য 'এই আকাশে আমার মুক্তি আলোয় আলোয়'। নিশ্চিন্ত, উদীসীন তারাপদকে কোন বন্ধনেই আটকে রাখা যায় না। এই ছবিতে তপনবাবু প্রথম সঙ্গীত পরিচালনা করেন। এরপর থেকে প্রতিটি ছবিতে তিনিই সংগীত পরিচালনা করেন।

নিজের কাহিনী নিয়ে এরপর যে ছবি করেন, তা বাংলা চলচ্চিত্রে অন্যতম সেরা ছবি। ১৯৬৬তে তৈরী হল 'গল্প হলেও সত্যি'। নিজের নিজের বাড়িতে যদি আদর্শ পরিবেশ ও শান্তি বজায় থাকে, সমাজেও সেই আদর্শ ছড়িয়ে পড়ে। এটাই ছবির মূল কথা। আমাদের অন্তর্লীন মনুষ্যত্ব যদি জাগে, যদি স্বার্থশূন্য হতে পারি তাহলেই প্রকৃত শান্তি আসবে এটাকেই রূপকের আড়ালে বলেছেন। ছবিতে ধনঞ্জয় (রবি ঘোষ) আবির্ভূত হয় কুয়াশার মধ্যে থেকে আবার ছবির শেষে মিলিয়ে যায় কুয়াশার মধ্যে। মাঝখানে কয়েকদিনের ঘটনায় একটা ভেঙ্গে যাওয়ার উপক্রম হওয়া একান্নবর্তী সংসার আবার জোড়া লেগে আমূল পরিবর্তিত হয়।

এ পর্যন্ত যে ১৫টি ছবি আলোচিত হল, তা ১৯৫৪ থেকে ১৯৬৬ অর্থাৎ বারো বছরের ফসল। অর্থাৎ গড়ে বছরে একটির বেশি ছবি তিনি করেছেন। তপন সিংহের সিনেমার এই পর্যন্ত বলা যায়

প্রথম পর্যায়। এই পর্যায়ে তপন সিংহ রাজনৈতিক হানাহানি, হিংসা ছবিতে আনেননি। পরবর্তীকালে নতুন রূপে তপন সিংহ এলেন 'হাটেবাজারে' (১৯৬৭, কাহিনি বনফুল) ছবিতে। মানুষের লোভ, চক্রান্ত কীভাবে সমাজকে ক্ষতবিক্ষত করেছে, রাজনীতির অবক্ষয় সামাজিক অবক্ষয়কে নিয়ে আসছে সবই উঠে এল এই ছবিতে। ১৯৬৮-তে বেকারত্ব নিয়ে ছবি করলেন, 'আপনজন' (কাহিনি ইন্দ্র মিত্র)। কুলিদের কাহিনি বললেন গৌরকিশোর ঘোষের কাহিনি নিয়ে 'সাগিনা মাহাতো' (১৯৬৯) চলচ্চিত্রে। এক সম্ভাবনাময় শ্রমিক সাগিনার অপমৃত্যু হয়। ছবি কিন্তু সাগিনার মৃত্যুতে শেষ হয় না। রাজনীতি কিভাবে সমাজকে প্রভাবান্বিত করে তা উঠে এল ছবিতে। পরের ছবি 'এখনই' (১৯৭১) রমাপদ চৌধুরীর উপন্যাস অবলম্বনে। চিত্তরঞ্জন মাইতির গল্প নিয়ে তৈরী হল 'আঁধার পেরিয়ে' (১৯৭৩) এবং প্রফুল্ল রায়ের 'আলোয় ফেরা' উপন্যাস অবলম্বনে তৈরী করলেন 'রাজা' (১৯৭৫)। নিজের কাহিনী নিয়ে তৈরী করেন এক বিখ্যাত ছবি 'হারমোনিয়াম' (১৯৭৬)। সংগীত পরিচালক তপন সিংহ এ ছবিতে অনবদ্য। একটা সামান্য হারমোনিয়াম জীবন্ত হয়ে উঠে কীভাবে মানুষের জীবনের সঙ্গে জড়িয়ে যায়- তারই এক অপূর্ব গীতিআলেখ্য যেন এ ছবি। বিষয়বৈচিত্রে এ ছবি অনন্য। 'মন বলে আমি মনের কথা জানি না'- হেমন্ত ও অরুন্ধতী দেবীর কণ্ঠে দু-বার এ গানের ব্যবহার আলাদা মাত্রা এনে দেয়। শংকরের গল্প নিয়ে ১৯৭৭-এ তৈরী হল 'এক যে ছিল দেশ'। ওষুধের কালোবাজারীদের কথা উঠে এসেছে, ১৯৭৮-এ শিশুদের জন্য হিন্দী ছবি 'সফেদ হাতি'- নিজের গল্পে। পরের বছর ১৯৭৯তে সুনীল গঙ্গোপাধ্যায়ের কাহিনী নিয়ে অ্যাডভেঞ্চারমূলক ছবি 'সবুজ দ্বীপের রাজা'। মনোজ মিত্রের বিখ্যাত গল্প নিয়ে তৈরী হয় 'বাঞ্ছারামের বাগান' (১৯৮০)। অভিনয়ে মনোজ মিত্র, দীপঙ্কর দে অনবদ্য। উত্তমকুমার এ ছবিতে অভিনয় করবেন বলে ঠিক ছিল, কিন্তুসময় দিতে না পারার জন্য দীপঙ্কর অভিনয় করেন এংব তপন সিংহ এই সাহসীপূর্ণ ঝুঁকি নিয়েছিলেন। এর জন্য উত্তমের সঙ্গে ব্যক্তিগত সম্পর্কও খারাপ হয়ে যায়, কিন্তু তিনি মাথা নত করেননি। প্রফুল্ল রায়ের 'মানুষ' গল্প থেকে তপন সিংহ তৈরী করলেন 'আদমি অউর আউরাত' (১৯৮২)। মানুষই শেষ কথা এ কথাই বলার চেষ্টা করেছেন। এ ছবির কথা বলতে গিয়ে সৌমিত্র বলেছেন- "তপনদার কাজের মধ্যে একটা বিবর্তন আছে, যেটা সাধারণত আমি অন্য পরিচালকদের মধ্যে দেখিনি। মূলধারার বাণিজ্যিক ছবি করতে করতে তাঁর সৃষ্টিকর্মের গ্রাফ যদি করা যায় তবে আমরা লক্ষ্য করব, তিনি ক্রমশঃ সিরিয়াস ছবি করতে চাইছেন। সামাজিক মূল্যবোধ প্রশ্নে তিনি গভীর থেকে গভীরতর ক্ষেত্রে পৌঁছেছেন। ছবি করতে করতে তিনি পৌঁছেছেন 'আদমি ঔর ঔরত'- এ। একটি অসাধারণ ছবি, এখানে তিনি প্রায় ক্লাইম্যাক্সে পৌঁছন" ("তপনদার সম্মানে")। ১৯৮২ সালে নিজের কাহিনি নিয়ে সমাজকে কাঁপিয়ে দিয়ে তৈরী করলেন 'আদালত ও একটি মেয়ে'।

দীর্ঘ পাঁচ দশকের চলচ্চিত্রকারের জীবনে যা ছবি করেছেন অল্প কিছু বাদ দিলে সবই সাহিত্য নির্ভর চলচ্চিত্র। চলচ্চিত্র তৈরী করতে গেলে কাহিনির দরকার আছেই, ভাল গল্প পরিচালকের কাজ অনেক সহজ করে দেয়, আবার কঠিনও করে দেয়। দর্শক যেমন মূল সাহিত্যটি না পড়েও চলচ্চিত্রের মাধ্যমে তার সঙ্গে পরিচিত হতে পারেন আবার অনেকেই চলচ্চিত্রটি কতটা মূলানুগ হয়েছে, তারও চুলচেরা বিচার বিশ্লেষণ করেন। তপন সিংহ এ বিষয়ে চূড়ান্ত সফল, তিনি সিনেমায়

মানবিকতা-মনুষ্যত্বের এক মূর্ত দলিল রচনা করেছেন। অথচ বিষয়ের পুনরুক্তি হয়নি। প্রতিটি চলচ্চিত্র দর্শককে পরবর্তী চলচ্চিত্রের প্রতি আকর্ষণ বাড়িয়ে দেয়।

প্রথম দিকে ক্লাসিক্যাল ছবি করলেও ষাটের দশকের শেষ দিকে করলেন কলকাতা-Trilogy- 'আপনজন','এখনই' এবং 'রাজা' (১৯৭৫) বেকার যুবক রাজা নোংরা ব্যবসায় জড়িয়ে পড়া একটি মেয়েকে বাঁচাতে যায়। বেকার ছেলেদের যাত্রা আছে গন্তব্য নেই। একই ভাবে 'আদালত ও একটি মেয়ে' (১৯৮২), আতঙ্ক (১৯৮৬) ও অন্তর্ধান (১৯৯২)- এই তিনটি ছবিই সমাজ সচেতন ছবি। ধর্ষণ, মহিলাদের নিরাপত্তাহীনতা, একক মানুষের সংগ্রাম, মাস্তান দ্বারা পরিচালিত রাজনৈতিক সিস্টেম সব কিছুকেই নির্মমভাবে তুলে ধরছেন। পশ্চিমবঙ্গ জুড়ে যে অনাচার, অন্যায় চলেছিল, তারই এক সার্থক ডকুমেন্টটেশন এই ছবিগুলি। 'আদালত ও একটি মেয়ে' ছবিতে ঊর্মিলা একবার শারীরিকভাবে ধর্ষিতা হয় আর একবার সমাজ ও আদালতের কাছে ঊর্মিলার বাবা ও তার মেয়ের শান্তির সংসারে নেমে আসে দুর্যোগের কালো মেঘ। সবার এক প্রশ্ন 'আপনার রেপড মেয়ে কেমন আছে?' শেষমেষ ক্লান্ত বাবা অফিসের টেবিলে লিখে রাখেন 'আমার ধর্ষিতা মেয়ে ভাল আছে।' এই একটা লাইন দেখিয়ে তপন সিংহ সমাজের নিলজ্জতার গায়ে চাবুক মারেন। সমাজ সংসারে ঊর্মিলারাই হয় অপরাধী।

আসলে তপন সিংহ বারবার ব্যক্তি মানুষের উত্তরণ চেয়েছেন, তার একক সংগ্রামকে তুলে ধরেছেন। সেটা উর্মিলা ও তার বাবা যেমন, তেমনি 'আতঙ্ক' সিনেমায় মাস্টারমশাইয়ের লড়াইও বটে। আবার 'অন্তর্ধান' ছবিতে অধ্যাপক বাবার দ্বন্দ্ব ও লড়াই একইভাবে এসেছে। হুইল চেয়ার (১৯৯৪) এও এক ব্যক্তির মনের জোর সব প্রতিকূলতা দূর করতে সাহায্য করে। বারবার ব্যক্তি মানুষের লড়াই, সংগ্রাম তাঁর ছবিতে এসেছে, কারণ তিনি এতেই বিশ্বাস করতেন। সবশেষে তপন সিংহের কথায় বলি "সত্যি বলতে, গোষ্ঠীবদ্ধ লড়াইয়ে প্রতি আমার কোনও দিনও আস্থা ছিল না; আজও সেই। এই লড়াই হয়তো সহজে জেতা যায়, কিন্তু পরে মানুষে মানুষে মতান্তর হয়, মতান্তর পরিণত হয় কলহে। ফলে লড়াইয়ের অন্তর্নিহিত আদর্শবোধও হারিয়ে যায়। দেশে কিংবা বিদেশে বিংশ শতাব্দীর ইতিহাস এই সাক্ষ্য দেয়। অনেকে হয়তো আমার সঙ্গে একমত হবেন না। পাল্টা যুক্তি ও দৃষ্টান্ত দেখাবেন; তাতে ব্যক্তির গরিমা, সাহস, সততা সম্পর্কে আমার ধারণা পাল্টাবে না।"

# ঋক

**ডঃ আবদুস সালাম**
*সরকারী শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয়, মালদা*

ঋক বাগদি বোকা হতে চায়
আমরা সবাই চালাক সেজে থাকি

ঋক বাগদি ক্লাস টুয়ে পড়ে
ঋক বাগদি ভিন্ন গ্রহের পাখি

ঋক বাগদি পড়াশোনায় ভালো
বড় হয়ে চালাক হবে না কি?

বড় হলে বোকা হওয়া বারণ
বড়র সঙ্গে বাড়বেই চালাকি

ঋক বাগদি বড় হোসনে তুই
বড়রা দেয় পরস্পরকে ফাঁকি

ঋক বাগদির মুখে চওড়া হাসি
শান্ত মনে হঠাৎ কালবোশাখি

ঋক বাগদিই সোনম ওয়াংচুক
স্বপ্ন আঁকে স্বপ্নে মাখামাখি...

**All Bengal State Govt. College Teachers' Association**
GOENKA COLLEGE, 210, B.B. GANGULY STREET, KOLKATA-700012

**BARIK & ASSOCIATES**
*CHARTERED ACCOUNTANTS*

12, Chowringhee Square, Kolkata – 700 069
Phone : +91 33 2248 2121
Email 1 : barik2016associates@gmail.com
Email 2 : barik_associates@yahoo.com

**AUDITOR'S REPORT**

We have audited the Balance sheet of **ALL BENGAL STATE GOVT. COLLEGE TEACHERS' ASSOCIATION**, 210, B.B. Ganguly Street, Kolkata – 700012 on 31st March, 2024 **(PAN- AAGAA3891G)** and Income & Expenditure Account and Receipts & Payments Account for the year ended on that date annexed thereto.

These financial statements are the responsibility of the Association, our responsibility is to express an opinion on these financial statements based on our audit. We have conducted our audit in accordance with generally accepted auditing standards in India. These Standards require that we plan and perform the audit to obtain a reasonable assurance whether the financial statements are prepared, in all material respects, in accordance with an identified financial reporting framework and are free of all material misstatements. An audit also includes, examining on a test basis, evidence supporting the amounts and disclosures in the financial statements. An audit also includes assessing the accounting principles used significant estimates made by the association as well as evaluating the overall financial statement. We believe that our audit provides a reasonable basis for our opinion.

On the basis of the information and explanations given to us and read with the notes, we are of the opinion that:

a) The Balance Sheet gives a true and fair view of the state of affairs of All Bengal State Govt. College Teachers' Association as at 31st March, 2024.
b) The Income and Expenditure Account gives a true and fair view of the consolidated results of deficit of Rs. 1,04,106.96 of the Association for the year ended on that date.

Place: Kolkata,
Date: 19th March, 2025
**UDIN: 25051060BMLDAK2148**

For Barik & Associates,
Chartered & Accountant
Firm Regn. No. 313056E.

(Stamp: Barik & Associates, Kolkata - 69, Chartered Accountants)

(A.K. Barik, FCA.)
Proprietor
Mem. No. 051060.

**All Bengal State Govt. College Teachers' Association**
GOENKA COLLEGE, 210, B.B. GANGULY STREET, KOLKATA-700012

ALL BENGAL STATE GOVT COLLEGE TEACHERS' ASSOCIATION
210, B.B. GANGULY STREET,
KOLKATA - 700012.

BALANCE SHEET AS AT 31/03/2024

| Liabilities | Amount(Rs.) | Assets | Amount(Rs.) | Amount(Rs.) |
|---|---|---|---|---|
| GENERAL FUND : | | Almirah (as per last a/c.) | 47.00 | |
| (as per last a/c.) | 19,67,314.87 | Less : Depreciation | 5.00 | 42.00 |
| Less : Excess of Expenditure over | 1,04,106.96 | | | |
| Income | 18,63,207.91 | Computer (as per last a/c.) | 35.00 | |
| | | Less : Depreciation | 14.00 | 21.00 |
| Liabilities for Expenses : | | Computer Printer (as per last a/c.) | 8.00 | |
| Liabilities for Audit fees | 2,000.00 | Less : Depreciation | 3.00 | 5.00 |
| Liabilities for Accounting Chgs. | 1,000.00 | | | |
| | | Cash at Bank : | | |
| | | Punjab National Bank, SB A/c. 0077010323331 | | 18,62,839.91 |
| | | Cash in Hand | | 3,300.00 |
| | 18,66,207.91 | | | 18,66,207.91 |

In our Report of the even date .

Place: Kolkata,
Date: 19th March, 2025
UDIN: 25041060BMLDAK2148

For Barik & Associates
Chartered & Accountant

(A.K. Barik, F.C.A.)
Proprietor
M.No. 051060
Firm Regn. No. 313056E

President | General Secretary | Treasurer

# All Bengal State Govt. College Teachers' Association

GOENKA COLLEGE, 210, B.B. GANGULY STREET, KOLKATA-700012

ALL BENGAL STATE GOVT COLLEGE TEACHERS' ASSOCIATION
210, B.B. GANGULY STREET,
KOLKATA - 700012.

INCOME & EXPENDITURE ACCOUNT FOR THE YEAR ENDED 31/03/2024

| Expenditure | Amount(Rs.) | Amount(Rs.) | Income | Amount(Rs.) |
|---|---|---|---|---|
| To **Annual Conference:** | | | By Subscription | 6,74,422.40 |
| Fooding Expenses | 3,46,212.00 | | .. Savings Bank Interest | 35,126.00 |
| Press Expenses | 96,500.00 | | .. Excess of Expenditure over Income | 1,04,106.96 |
| Gift (Bag) | 2,00,000.00 | | | |
| Decoration | 27,860.00 | | | |
| Printing & Stationery | 40,000.00 | | | |
| Donation | 1,00,000.00 | 8,10,572.00 | | |
| .. Bank Chgs. | | 61.36 | | |
| .. Audit fees | | 2,000.00 | | |
| .. Accounting Chgs. | | 1,000.00 | | |
| .. Depreciation | | 22.00 | | |
| | | 8,13,655.36 | | 8,13,655.36 |

In our Report of the even date .

Place: Kolkata,
Date: 19th March, 2025
**UDIN: 25051060BMLDAK2148**

BARIK & ASSOCIATES Kolkata - 69 Chartered Accountants

For Barik & Associates
Chartered & Accountant
(A.K. Barik, F.C.A.)
Proprietor
M.No. 051060
Firm Regn. No. 313056E

| President | General Secretary | Treasurer |
|---|---|---|

**All Bengal State Govt. College Teachers' Association**
GOENKA COLLEGE, 210, B.B. GANGULY STREET, KOLKATA-700012

ALL BENGAL STATE GOVT COLLEGE TEACHERS' ASSOCIATION
210, B.B. GANGULY STREET,
KOLKATA - 700012.

RECEIPTS & PAYMENTS ACCOUNT FOR THE YEAR ENDED 31/03/2024

| Receipts | Amount(Rs.) | Amount(Rs.) | Payments | Amount(Rs.) | Amount(Rs.) |
|---|---|---|---|---|---|
| To Opening Balance : | | | By Annual Conference: | | |
| Cash in Hand | 1,800.00 | | Fooding Expenses | 3,46,212.00 | |
| Cash at Bank | 19,68,424.87 | | Press Expenses | 96,500.00 | |
| (PNB, A/c. .....23331) | | 19,70,224.87 | Gift (Bag) | 2,00,000.00 | |
| | | | Decoration | 27,860.00 | |
| | | | Printing & Stationery | 40,000.00 | |
| | | | Donation | 1,00,000.00 | |
| | | | | | 8,10,572.00 |
| | | | ,, Bank Charges | | 61.36 |
| | | | ,, Outstanding liabilities: | | |
| ,, Subscription | | 6,74,422.40 | Audit fees | 1,000.00 | |
| | | | Accounting Charges | 2,000.00 | 3,000.00 |
| ,, Savings Bank Interest | | 35,126.00 | | | |
| | | | ,, Closing Balance : | | |
| | | | Cash in Hand | 3,300.00 | |
| | | | Cash at Bank : | | |
| | | | Punjab National Bank | 18,62,839.91 | |
| | | | A/c. 0077010323331 | | 18,66,139.91 |
| | | 26,79,773.27 | | | 26,79,773.27 |

In our Report of the even date .

Place : Kolkata,
Date: 19th March, 2025
UDIN: 25051060BMLDAK2148

BARIK & ASSOCIATES Kolkata - 69 Chartered Accountants

For Barik & Associates
Chartered & Accountant

(A.K. Barik, F.C.A.)
Proprietor
M.No. 051060
Firm Regn. No. 313056E

President General Secretary Treasurer

# All Bengal State Govt. College Teachers' Association

## 41st Annual Conference

### Sunday, 30th March, 2025 • Time: 10 am to 4.00 pm

## *Programme Details*

| | | |
|---|---|---|
| 1. | Registration: | 10.00 am to 11.00 am |
| 2. | Opening Song: | 11.00 am to 11.10 am |
| 3. | Inaugural Session: | 11.10 am to 1.30 pm |
| 3.1 | Lighting the Lamp: | 11.10 am to 11.15 am |
| 3.2 | Welcome Address by President: | 11.15 am to 11.20 am |
| 3.3 | Felicitation of Dignitaries: | 11.20 am to 11.30 am |
| 3.4 | To be announced later. | |
| | | 11.30 am to 11.45 am |
| 3.5 | Presentation of Annual Report 2023-24 by President, ABSGCTA: | 11.45 am to 12.00 pm |
| **3.6** | **Inauguration of Souvenir:** | 12.00 pm to 12.05 pm |
| 3.7 | Presentation of Audit Report: | 12.05 pm to 12.15 pm |
| 3.8 | Speech by Special Guests: Dr. Shyam Sundar Kundu, Former President (2017-19) & W.B.E.S. Librarian (Retd.) | 12.15 pm to 12.35 pm |

3.9 Interactions with representatives from different Colleges: 12.35 pm to 1.25 pm

3.10 Vote of Thanks by President: 1.25 pm to 1.30 pm

3.11 Lunch Break: 1.30 to 2.30 pm

**4. Special Session**

4.1 Welcome Address by newly elected General Secretary: 2.30 pm to 2.45 pm

4.2 Panel Discussion on Future Policy Planning of ABSGCTA: 2.45 pm to 3.45 pm

4.3 Vote of Thanks by newly elected President: 3.45 pm to 4.00 pm

**** Programme schedule may be changed due to unavoidable circumstances.**




40th Annual Conference
2023
Calcutta


All Bengal State Government
Calcutta University




2023
All Bengal State Government College
(ABSGCTA)




ALL BENGAL STATE GOVT.
TEACHERS